ঈদের জামাতে বিব্রত সাকিব আল হাসান
পৃষ্ঠা ১০

প্রথম আলো

Prothom Alo North America

18 April 2024, Thursday, 8th Year, Issue 370, 40 Pages

১৮ এপ্রিল ২০২৪, ৫ বৈশাখ ১৪৩১, ৯ শাওয়াল ১৪৪৫, বৃহস্পতিবার, ৮ম বর্ষ , সংখ্যা ৩৭০, পৃষ্ঠা: ৪০

বোস্টন: বর্ষবরণে দর্শকশ্রোতা মাতালেন সাব্বির
পৃষ্ঠা ১৯

বসন্ত মঞ্জরী 'এলো বনান্তে পাগল বসন্ত/ বনে বনে মনে মনে রং সে ছড়ায় রে, চঞ্চল তরুণ দুরন্ত।' (নজরুল) 'বসন্তের মাধবী মঞ্জরী মিলনের স্বর্ণপাত্রে সুধা দিল ভরি।'- (রবীন্দ্রনাথ)। নিউইয়র্কের লঙ আইল্যান্ড এলাকা থেকে সপ্তাহান্তে উঠানো ছবি। রওশন হক

ট্রাম্পের বিরুদ্ধে প্রথম ফৌজদারি মামলা শুরু

শিতাংশু গুহ

ডোনাল্ড ট্রাম্প

নিউইয়র্কে ট্রাম্পের ফৌজদারি বিচার শুরু হয়েছে সোমবার ১৫ই এপ্রিল ২০২৪। মার্কিন ইতিহাসে এই প্রথম একজন সাবেক প্রেসিডেন্ট ফৌজদারি অপরাধে বিচারের সম্মুখীন হলেন। তার বিরুদ্ধে ব্যবসায় জালিয়াতি সংক্রান্ত ৩৪টি অভিযোগ, দোষী সাব্যস্ত হলে তার ৪ বছর

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

অনৈক্যের কমিউনিটিতে ঐক্যের কবরস্থান!

নোয়াখালি সোসাইটি

১২৬ একর জমি ক্রয় করে বাংলাদেশিদের জন্য কবর-স্থানের ব্যবস্থা সংগঠনটি।

বিশেষ প্রতিনিধি

নিউইয়র্কে বাংলাদেশিদের মধ্যে কোন ঐক্য নেই। বহু জাতিগোষ্ঠীর দেশে জেলায় জেলায়, উপজেলায় উপজেলায় বিভক্ত বাংলাদেশিরা। বাংলা নববর্ষ থেকে শুরু করে বাংলাদেশের স্বাধীনতা দিবস, ভাষা দিবসেও বাংলাদেশিদের কোন ঐক্যবদ্ধ উদ্‌যাপন প্রয়াস দেখা যায় না। বনভোজন থেকে শুরু করে দিবস উদযাপনে অগুনতি অনুষ্ঠান হয়, দিবস উদ্‌যাপিত হয়। ফলে ঐক্যবদ্ধ বাংলাদেশি হিসেবে নিউইয়র্কে কমিউনিটি শক্তি দেখাতে ব্যর্থ হচ্ছে।

ব্যতিক্রম হিসেবে নিউইয়র্কে গ্রেটার নোয়াখালি সোসাইটি একটি ভালো উদ্যোগ গ্রহণ করেছে। বাংলাদেশিদের জন্য এ সংগঠনটি নিউইয়র্কের আপস্টেটে ১২৬ একর জমি ক্রয় করে বাংলাদেশিদের জন্য কবরস্থানের ব্যবস্থা করেছে। ব্যয়বহুল এ প্রকল্পের মাধ্যমে ক্রয় করা জমিতে এক লাখ লোকের কবরের ব্যবস্থা হবে। কবরস্থানের নামও

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

কমিউনিটির ভূমিকায় হতাশ পরিবার

৩ বাংলাদেশি হত্যাকান্ড

উত্তর আমেরিকা ডেস্ক

অতি সম্প্রতি পুলিশ ও দুর্বৃত্তের হাতে যুক্তরাষ্ট্রে ৩ বাংলাদেশি নিহত হওয়ার ঘটনা প্রবাসীদের মাঝে বেশ আলোচিত হচ্ছে, বিশেষ করে কমিউনিটির নেতৃবৃন্দের কি ভূমিকা নিয়ে। এসব হত্যাকান্ড নিয়ে প্রথম প্রথম প্রতিবাদ, বিক্ষোভ সমাবেশ হলেও নেই কোন

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

বর্ণাঢ্য উৎসবে নিউইয়র্কে বাংলা বর্ষবরণ

ডেস্ক রিপোর্ট

বহুজাতিক সমাজে স্বদেশী সাংস্কৃতিক চর্চা অব্যাহত রাখার সংকল্পে যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে বর্ণাঢ্য উৎসবে বৈশাখ বরণ করেছেন প্রবাসী বাংলাদেশিরা। বাংলাদেশের সময়ের সঙ্গে মিলিয়ে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩

Queens Social Adult Day Care Center Inc
কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিজিট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা
  (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- বাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic

For details information please contact
ENGINEER MAHFUZUL HAQUE
MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain
148-41 Hillside Ave, Jamaica, NY 11435
718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

আমরা ৭ দিনই খোলা থাকি

বাংলা নববর্ষের অনুষ্ঠানে জাস্টিস ক্যাসেন্ড্রার সাথে অ্যাটর্নি মঈন চৌধুরী

ডেস্ক রিপোর্ট

১৪ এপ্রিল রোববার জ্যামাইকার মেরি লুইস একাডেমিতে শো টাইম মিউজিকের উদ্যোগে অনুষ্ঠিত হয়ে গেলো জমজমাট বাংলা বর্ষবরণ অনুষ্ঠান। সাজে, সঙ্গীতে ১লা বৈশাখের মনকাড়া অনুষ্ঠানে যোগ দিয়েছেন বিশিষ্টজন। মঞ্চে ইউএস সুপ্রিম কোর্টের জাস্টিস ক্যাসান্ড্রা জন সনকে স্বাগত জানান ডেমোক্র্যাট দলের ডিসট্রিক্ট লিডার এট লার্জ এবং এক্সিডেন্ট মামলার আইনজীবী অ্যাটর্নি মঈন চৌধুরী এবং শোটাইম মিউজিকের কর্ণধার আমগীর খান আলম।

নিউইয়র্কে বসছে বাংলা চলচিত্র উৎসব

ডেস্ক রিপোর্ট

২০ ও ২১ এপ্রিল নিউইয়র্কে আন্তর্জাতিক বাংলা চলচ্চিত্র উৎসবের আসর বসছে। জমকালো এ আসর উপলক্ষে হাল সময়ের জনপ্রিয় নায়ক, নায়িকা, চলচ্চিত্র পরিচালকসহ চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অনেকেই এরমধ্যে নিউইয়র্কে এসে পৌঁছেছেন।

শনি ও রবিবার দু'দিনই বেলা ১১টা থেকে চলচ্চিত্র প্রদর্শনী শুরু হবে। বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গের জনপ্রিয় নায়ক নায়িকাদের সাথে একসঙ্গে বসে ছবি দেখার আয়োজনে জনসমাজের মধ্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে।

দুদিনের উৎসবে বিনামূল্যে দেখানো হবে দুই দেশের ৩৯টি চলচ্চিত্র। নায়ক ফেরদৌসসহ বাংলাদেশ ও ভারত থেকে অর্ধশত তারকা শিল্পী, কলাকুশলী, নির্মাতারা থাকবেন দুদিনের উৎসবে। সব আয়োজন সবার জন্য উন্মুক্ত। কোনো প্রবেশ ফি কিংবা টিকেট নেই। উৎসব অনুষ্ঠিত হবে নিউইয়র্ক শহরের বাংলাদেশি বহুল এলাকার জ্যামাইকা পারফরমিং আর্টস সেন্টারে।

দেশে প্রতি শতে একজনের মৃত্যু ইনফ্লুয়েঞ্জায়

আইইডিসিআরের জরিপ

ঢাকা অফিস

দেশে বছরের ৬ মাস ধরেই থাকছে ইনফ্লুয়েঞ্জার প্রকোপ। শীত নয়, জুন-জুলাইয়ে গ্রীষ্ম-বর্ষায় এর সংক্রমণ বাড়ে ৬ গুণ। আক্রান্তের তুলনায় বেশি মারা যাচ্ছেন বয়স্করা। আইইডিসিআর বলছে, হাসপাতালে ভর্তি প্রতি একশ জনে একজন রোগীর মৃত্যু হয়েছে এই রোগে।

বুধবার দুপুরে আইইডিসিআরে এক সংবাদ সম্মেলনে এ সংক্রান্ত একটি জরিপের তথ্য তুলে ধরে। সুরক্ষা নিশ্চিতে ঝুঁকিপূর্ণ মানুষদের প্রতি বছর মার্চ মাসের আগেই টিকা নেয়ার পরামর্শ আইইডিসিআরের।

গত ১৭ বছর ধরে দেশে ইনফ্লুয়েঞ্জার বার্ষিক জরিপ করে আসছে স্বাস্থ্য বিভাগ। এ পর্যন্ত এক লাখ ১৫ হাজারের বেশি নমুনা পরীক্ষায় ১১ ভাগ মানুষের শরীরে ইনফ্লুয়েঞ্জা পজিটিভ পাওয়া গেছে। সংবাদ সম্মেলনে জানানো হয়, পাঁচ থেকে ২৪ বছর বয়সীরা আক্রান্ত হয়েছেন বেশি। তবে এই বয়সে মৃত্যুহার সবচেয়ে কম। অন্যদিকে, এক বছরের কম বয়সী এবং ৬০ বছরের বেশি বয়সীরা মারা গেছেন বেশি।

আইইডিসিআরের পরিচালক অধ্যাপক তাহমিনা শিরিন বলেন, 'এই টিকাটা আবার অন্যান্য টিকার মতো একবার দিলেই যে সারাজীবন সুরক্ষা দেবে তা না। প্রতি বছরই এই টিকাটা দিতে হবে। সুতরাং আমাদের টিকাটা দিতে হবে ফেব্রুয়ারি থেকে মার্চ মাসের মধ্যে। যাতে করে আমরা সর্বোচ্চ কভারেজটা পাই।' জরিপে দেখা যায়, ইনফ্লুয়েঞ্জায় বয়স্কদের মৃত্যুঝুঁকি তিন গুণ বেশি।

স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক মীরজাদী সেব্রিনা ফ্লোরা বলেন, 'যেই মেজারগুলো, এগুলোর জন্য অতিরিক্ত পয়সা খরচের প্রয়োজন নেই। সেগুলো যদি আমরা অভ্যাসে পরিণত করতে পারি, তাহলে এই ইনফ্লুয়েঞ্জা থেকে অনেকখানি রিলিফ পাব।'

দেশে এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত থাকে ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের প্রকোপ। সর্দি-কাশি, জ্বর, মাথাব্যথা, গলাব্যথাসহ নানা লক্ষণ প্রকাশ পায়। বয়স্ক ও দীর্ঘমেয়াদি রোগে আক্রান্তদের প্রতি বছর টিকা নেয়ার পরামর্শ চিকিৎসকদের। একটি টিকা ৬ থেকে ৮ মাস পর্যন্ত সুরক্ষা দেয়।

আইইডিসিআরের সাবেক পরিচালক অধ্যাপক মাহমুদুর রহমান বলেন, 'ইনফ্লুয়েঞ্জাকে আমরা খুব বেশি গুরুত্ব দেই না। কিন্তু এটা কিন্তু সাইলেন্ট কিলারের মতো। আমাদের দেশে শীতের সময় ইনফ্লুয়েঞ্জা অলমোস্ট নীল থাকে। থাকেই না। আমাদের সিজেন হয় আরও পরে।'

Raju law
ONE OF THE TOP IMMIGRATION LAW FIRMS IN THE USA

F1
স্ট্যাটাস হারিয়ে ফেলেছেন?

অভিজ্ঞ অ্যাটর্নির পরামর্শ নিয়ে
REINSTATEMENT
আবেদন করে
আবার স্ট্যাটাস
ফিরে পেতে পারেন।


Raju Mahajan, Esq. | Chelsea Smith, Esq. | Rachael Eva Warner Gilburd, Esq. | Ericline M. Williams, Esq | Stephanie Mazzotta, Esq. | John P. Yun, Esq. | Amanda V. Skiscim, Esq.

Head Office (Washington DC)
301-919-3610

BRANCH OFFICES
Atlanta : 770-655-9166, 458-272-5793
Los Angeles : 323-499-5815, 213-729-9345
Bangladesh : 01602-270365, 01760-697648, 01728-383454

NEW YORK BRANCH
118-35 Queens blvd.
Suite 400, Forest Hills
NY 11375
934-345-7003

info@rajulaw.com 833-725-8529 (24x7)

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ
- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।

আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?
- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।

রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংকরাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টোডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার রুল মোডিফিকেশন *সব ধরনের জিসা ও ফিয়ানসি জিসা প্রসেসিং

WE ARE OPEN 7 DAYS a week

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

আমরা বাংলায় কথা বলি

সুরাইয়া রহমান

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

Medicare ও Medicaid-এর কভার করা সব পরিষেবা ও প্রেসক্রিপশনের ওষুধের জন্য একটি পরিকল্পনা:

- চিকিৎসা সেবা
- ভিজিটিং নার্স
- দাঁত, দৃষ্টি, শ্রবণ
- প্রেসক্রিপশনের ওষুধ
- ওভার-দ্যা-কাউন্টার (OTC)
- শারীরিক ও অকুপেশনাল থেরাপি
- বাড়িতে স্বাস্থ্য সহায়তাকারী
- প্রাপ্তবয়স্কদের ডে সেন্টার
- বিনোদন ও আহার
- পরিবহন এবং অন্যান্য!

*সেইসাথে - প্রাত্যহিক জিনিসপত্র যেমন মুদি এবং প্রসাধন সামগ্রী ব্যবহারের জন্য আমাদের My Needs Card নিন***

আরো তথ্যের জন্য, ফোন করুন:

1-877-286-PACE (7223) | TTY 711 MON-FRI 8AM-8PM

centerlighthealthcare.org

**পরিষেবা, প্রেসক্রিপশনের ওষুধ এবং IDT দ্বারা নির্ধারিত OTC-এর জন্য চিকিৎসাগত আবশ্যকতা।*
***My Needs Card, PACE স্ট্যান্ডার্ড বেনিফিট প্যাকেজের অধীনে প্রয়োজনীয় বা ইতোমধ্যে সরবরাহ করা Medicare এবং/অথবা Medicaid-এর কভার করা পরিষেবাগুলির বিকল্প নয়।*

H3329_KeepingPACE2022_Newspaper_Approved 10132022 Bengali

বার্ধক্যের গতির সাথে তাল মিলিয়ে চলা

SHOWING IN THEATRES FROM 19 APRIL 2024

1. JAMAICA MULTIPLEX CINEMAS, **JAMAICA**
2. REGAL KAUFMAN ASTORIA STADIUM & RPX, **LONG ISLAND CITY/ASTORIA**
3. REGAL COMMERCE CENTRE STADIUM, **NORTH BRUNSWICK**
4. REGAL HAMILTON COMMONS, **MAYS LANDING/ATLANTIC CITY**
5. REGAL CROSSGATES SCREENX & IMAX, **ALBANY**
6. REGAL ELMWOOD CENTRE, **BUFFALO**

Canada & USA Distribution

সম্পাদকীয়

নববর্ষ এবং বাঙালির ইতিহাস ঐতিহ্য

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর পহেলা বৈশাখ বা বাংলা নববর্ষ উপলক্ষে বলেছেন- "মুছে যাক গ্লানি, ঘুচে যাক জরা/ অগ্নিস্নানে শুচি হোক ধরা।"

পৃথিবীতে খুব কম জাতিরই নিজস্ব নববর্ষ আছে- বাঙালিরা সেই ঐতিহ্যবাহী গর্বিত জাতি যাদের নিজস্ব নববর্ষ, নিজস্ব ভাষা, নিজস্ব শক্তিশালী বর্ণমালা, নিজস্ব ষড়ঋতু, নিজস্ব উঁচুমানের সংস্কৃতি রয়েছে- এবং সারা বিশ্বে একমাত্র বাঙালিরাই তাদের নিজস্ব ষড়ঋতুকে আলাদা আলাদা করে আনুষ্ঠানিকভাবে বরণ করে নেয়। বাংলাদেশ তথা বাংলা ছাড়া পৃথিবীর আর কোথাও ছয় ঋতু নেই- এটাই বাঙালির গর্ব করার মত বিচিত্র বৈশিষ্ট্য। অসাম্প্রদায়িক সাংস্কৃতিক উৎসবে এবং অপার আনন্দের সাথে বাঙালি এর মধ্যে খুঁজে পেয়েছে তার প্রকৃত পরিচয়।

পহেলা বৈশাখ। শুভ নববর্ষ। বৈশাখের উৎসব সার্বজনীন। এটা বাঙালির উৎসব। বর্ষ বরণের উৎসব প্রতিটি দেশেই আছে। ১৯৫২ সালের ১লা বৈশাখে দৈনিক আজাদ পত্রিকায় কিশোর কিশোরীদের বাংলা নববর্ষ জানাতে লিখেছিল : " আজ ১ লা বৈশাখ। বাংলা নববর্ষের সূচনা হল আজ। এই নূতন দিনটিতে প্রাণভরা শুভেচ্ছা জানাচ্ছি তোমাদের। বাংলা তারিখ গণনাকে আমরা অনেকেই প্রায় ভুলে যেতে বসেছিলাম। ইংরাজের অধীনে থেকে থেকে ইংরাজী আদব কায়দা রফত করার সাথে সাথে আরো অনেক কারণে বাধ্য হয়েই ইংরাজী সনকে আমরা দৈনন্দিন কাজে ব্যবহার করতে অভ্যস্ত হয়েছিলাম। বাংলা সন মাস কালের অনুসন্ধান গ্রাম্য পন্ডিতদের পাঁজি পুথির ভেতরেই প্রায় সীমাবদ্ধ হতে চলেছিল। কিন্তু এই বাংলা মাস ও সালের পেছনে আমাদের যে অন্তরের যোগ, তা কিছুতেই মুছে যাবার নয়।... আমাদের মনের মাঝে উকি দেয় বাংলা মাসগুলোর আগমনবার্তা। কিন্তু নতুন বছর কেবল এই দিক দিয়েই নতুন নয়। বাংলা ইংরাজী যে কোনো মাসই হোক না কেন, তার প্রথম দিনটিতে আমাদের মনপ্রাণ ভরে দেয় নতুন উৎসাহ, নতুন উদ্দীপনা।" (দৈনিক আজাদ ১৪ এপ্রিল ১৯৫২)

বাংলাদেশের মানুষ উৎসব প্রিয় । নানান রকমের উৎসব আমাদের জাতীয় জীবনে জড়িয়ে আছে। তেমনি বাংলা নববর্ষ আমাদের আর্থ সামাজিক ও সাংস্কৃতিক জীবনে গৌরবোজ্জ্বল ঐতিহ্যের দাবীদার । বাংলাদেশের কৃষি নির্ভর আর্থ সামাজিক কাঠামোর সাথে বাংলা দিনপঞ্জীর সম্পর্ক গভীর। এখনো এদেশের কৃষকরা বাংলা তারিখের হিসেবেই বীজ বোনে, ফসল কাটে। বাংলা সনের প্রবর্তন কবে হয়েছিল, কে তার প্রবর্তক তা নিয়ে নানান বিতর্ক রয়েছে। তবে বাংলা সন সৃষ্টির পেছনে দুইজন মুসলমান শাসকের নাম ওতপ্রোতভাবে জড়িত। এদের একজন সুলতান হোসেন শাহ ও অন্যজন মোগল সম্রাট আকবর। তবে অধিকাংশের মতামত হলো মোগল সম্রাট আকবরই বাংলা সনের প্রধান প্রবর্তক।

পহেলা বৈশাখ বাংলা নববর্ষের প্রথম এই দিনকে উৎসবে আনন্দে বরণ করে নেয় বাঙালি। এটি বাঙালির একটি সর্বজনীন লোকউৎসব। অতীতের ভুলত্রুটি ও ব্যর্থতার গ্লানি ভুলে নতুন করে সুখ-শান্তি ও সমৃদ্ধি কামনায় উদ্যাপিত হয় নববর্ষ। পহেলা বৈশাখ নিয়ে কবি সাহিত্যিকদের আগ্রহের কমতি নেই। তাইতো জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বলেছিলেন,'তোরা সব জয়ধ্বনি কর,তোর সব জয়ধ্বনি কর ওই নূতনের কেতন ওড়ে, কালবৈশাখী ঝড় তোর সব জয়ধ্বনি কর'।বাঙালির নববর্ষ এক অনন্য বৈশিষ্ট্যময় উৎসব। কেননা পৃথিবীতে প্রচলিত অধিকাংশ বর্ষপঞ্জির উৎপত্তি কোনো না কোনো ধর্মের সঙ্গে সম্পর্কিত। কিন্তু বাংলা নববর্ষের সঙ্গে ধর্মীয় অনুষঙ্গ নেই। মূলত কৃষিকাজ ও খাজনা সংগ্রহের ব্যবস্থাকে ঘিরে এর প্রচলন। পরে এর সঙ্গে যুক্ত হয় ব্যবসা-বাণিজ্যের দেনা-পাওনার হিসাব মেটানো। দিনে-দিনে পয়লা বৈশাখ হয়ে ওঠে এক সর্বজনীন সাংস্কৃতিক আনন্দ-উৎসব।ধর্ম-সম্প্রদায় নির্বিশেষে বাংলা ভূখণ্ডের সব মানুষের প্রাণের উৎসব পহেলা বৈশাখ।

বাঙালির এ উৎসবে অসাম্প্রদায়িক দিকটি ফুটে ওঠে। বাঙালির মধ্যে প্রাণ-সঞ্চারিত হয়। বেশ কিছু নতুন বিষয় সংযুক্ত হয় পহেলা বৈশাখকে ঘিরে। সাহিত্যেও প্রভাব রয়েছে বৈশাখের রুদ্ররূপ ও বিভিন্ন উৎসব নিয়ে। রবীন্দ্রনাথ-নজরুল থেকে হালের কবি-সাহিত্যিকগণ বৈশাখ নিয়ে কবিতা-সাহিত্য রচনা করছেন।বাঙালি 'হালখাতা' নামে ব্যবসা-বাণিজ্যে নতুন করে হিসাব শুরু করে। বাংলা নববর্ষে বেচাকেনায় ছাড় দেওয়ার সংস্কৃতি আছে। বাঙালির এ উৎসব অসাধারণ বৈশিষ্ট্যময়। বাংলা নববর্ষের এই ঐতিহ্য মাটি ও মানুষের সঙ্গে সরাসরি জড়িত। এখানে কোনো জাতিভেদ ও ধর্মভেদ নেই। শহর-গ্রামে তরুণ-তরুণীসহ সবাই উৎসবে মেতে ওঠেন। পাশাপাশি প্রবাসেও এই উৎসব উদ্‌যাপনে বাঙালিদের মাঝে প্রানের সঞ্চার করে। সূর্য উঠার সাথে সাথে রবীন্দ্রনাথের গানটি ' এসো হে বৈশাখ ' গেয়ে ওঠে নূতন বছরকে স্বাগত জানানো হয়। 'প্রলয়োল্লাস' কবিতায় নজরুল বলেছেন, ধ্বংস আর যুদ্ধ থেকেই নতুনের সৃষ্টি হয়! তেমনই বাংলা নববর্ষের কালবৈশাখী ঝড় বা রুদ্র রূপ থেকেই অনুপ্রেরণা পায় বাঙালি। বাংলাদেশে আমাদের অস্তিত্ব 'স্বাধীনতা অর্জন'। আর নয় মাসের যুদ্ধের মাধ্যমে আমরা বিজয় ছিনিয়ে আনতে সক্ষম হয়েছি। এতে রক্ত ও সম্পদ বিসর্জন দিতে হয়েছে। স্বাধীনতার প্রথম মাসেই এসেছিল পহেলা বৈশাখ, বাংলা নববর্ষ। তাই তো কবি সমুদ্র গুপ্তের 'বৈশাখ: একাত্তরে' কবিতায় স্মৃতিচারণ পাই; মুক্তিযুদ্ধের আবেগ ও ব্যঞ্জনা, যুদ্ধাবস্থার কথা জানতে পারি।পহেলা বৈশাখ উৎসব শুরুর দিক ছিল মূলত গ্রামাঞ্চল। গ্রামীণ-মেলা, লোকজ খেলাধুলা ও নৃত্য-সংগীত ছিল প্রধান আকর্ষণ। দিনে-দিনে তা শহরাঞ্চলেও ছড়িয়ে পড়ে। বাঙালির আদি সাংস্কৃতিক পরিচয় বহনকারী এ অসাম্প্রদায়িক উৎসব বাংলাদেশের রাজনৈতিক ও সাংস্কৃতিক ইতিহাসের বিভিন্ন পর্যায়ে অনেক গুরুত্বপূর্ণ অধ্যায়ে আমাদের বিশেষ প্রেরণা জুগিয়েছে। এ ভূখণ্ডের বাঙালির ঐক্যবদ্ধ করেছে এ সাংস্কৃতিক-উৎসব ও চেতনা। বাংলা নববর্ষ এ দেশের প্রাচীনতম ঐতিহ্য। পহেলা বৈশাখের উৎসবের মধ্যদিয়ে এ দেশের মানুষ এ ঐতিহ্যকে বাঁচিয়ে রেখেছে। বৈশাখী মেলায় সম্প্রদায় নির্বিশেষে মানুষের আনাগোনা। মৈত্রী-সম্প্রীতির এক উদার মিলনক্ষেত্র। নারী-পুরুষ, শিশু-কিশোর সবাই আসে মেলায়। এর সঙ্গে জড়িয়ে আছে বিকিকিনির আশা আর বিনোদনের টান। কৃষিক্ষেত্রেও বৈশাখ মাসের গুরুত্ব অনেক। বৃক্ষের ক্ষেত্রেও নব উদ্যমে নতুন জীবন শুরু হয়- নতুন পাতা গজিয়ে।

কৃষিভিত্তিক গ্রামীণ সমাজের সঙ্গে বাংলাবর্ষের ইতিহাস জড়িয়ে থাকলেও এর সঙ্গে রাজনৈতিক ইতিহাসেরও সংযোগ ঘটেছে। পাকিস্তান শাসনামলে বাঙালি জাতীয়তাবাদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক তৈরি হয় বর্ষবরণ অনুষ্ঠানের। আর ষাটের দশকের শেষে তা বিশেষ মাত্রা পায় রমনা বটমূলে ছায়ানটের আয়োজনের মাধ্যমে। এসময় ঢাকায় নাগরিক পর্যায়ে ছায়ানটের উদ্যোগে সীমিত আকারে বর্ষবরণ শুরু হয়। আমাদের মহান স্বাধীনতার পর ধীরে ধীরে এই উৎসব নাগরিক জীবনে প্রভাব বিস্তার করতে শুরু করে। পয়লা বৈশাখের বর্ষবরণ অনুষ্ঠানে বাঙালির অসাম্প্রদায়িক এবং গণতান্ত্রিক চেতনার বহিঃপ্রকাশ ঘটতে থাকে। কালক্রমে বর্ষবরণ অনুষ্ঠান এখন শুধু আনন্দ-উল্লাসের উৎসব নয়, এটি বাঙালি সংস্কৃতির একটি শক্তিশালী ধারক-বাহক হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। শুধু তাই নয় , উৎসবের পাশাপাশি স্বৈরাচার-অপশক্তির বিরুদ্ধে প্রতিবাদও এসেছে পহেলা বৈশাখের আয়োজনে। ১৯৮৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের উদ্যোগে বের হয় প্রথম মঙ্গল শোভাযাত্রা। যা ২০১৬ সালের ৩০ নভেম্বর ইউনেস্কো এ শোভাযাত্রাকে বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্যের মর্যাদা দেয়।

পৃথিবীর অন্যান্য দেশের মতো বাংলাদেশেকেও খ্রিষ্টীয় সালের দিনক্ষণ মেনে চলতে হয়। তবুও বাঙালির ঐতিহ্যের শিকড়ে প্রোথিত বাংলা নববর্ষের গুরুত্ব অপরিসীম। মহিমায় উজ্জ্বল। সাংস্কৃতিক ক্ষেত্রে বাংলা নববর্ষই দেশের সর্বজনীন বড় উৎসব। কম্পিউটার, ইন্টারনেট ও ই-মেইলের আধুনিক এ যুগে এখনও দেশের ব্যবসায়ী সমাজ আড়ম্বরে শুভ হালখাতা অনুষ্ঠানের আয়োজন করে থাকে। যাতে শুধু বর্ষ পরিক্রমার ইতিহাস নয়, বাঙালি জাতির স্বতন্ত্র বাংলা ভাষা সংস্কৃতি এবং আবহমান ঐতিহ্যের সঙ্গে অবিচ্ছিন্নভাবে সম্পৃক্ত এই দিনে আমাদের দেশের মানুষ পারস্পরিক বন্ধুত্ব ও ভালোবাসার বন্ধনকে আরও গাঢ় করে তোলে। পাশ্চাত্য সংস্কৃতির দোর্দণ্ড প্রতাপের মধ্যেও বাঙালির হৃদয়ের গভীরে সে চিত্রটি প্রতিনিয়ত দোলা দেয়, সেটি পয়লা বৈশাখ, একান্ত আপন ঠিকানা। বাঙালিয়ানার প্রতি আমাদের আন্তরিক আনুগত্যের কারণেই বাংলা নববর্ষ আমাদের প্রত্যেকের মনে ঐতিহ্য চেতনার রঙিন আলো ছড়িয়ে দিয়েছে। বাংলা নববর্ষ আমাদের ঐতিহ্য-সংস্কৃতির নব আনন্দধারা যা নগরবাসীর চিত্তকেও আজ অনুরণিত করে।

নৃতাত্ত্বিক দৃষ্টিভঙ্গিতে নববর্ষের একাল সেকালের হিসেব কষলে দেখা যায় নববর্ষের সঙ্গে জড়িত হয়েছিল নানা আনুষাঙ্গিক বিষয়। এর কিছু লুপ্ত হয়ে গেছে কিছু আবার বিশেষ কিছু অঞ্চলে প্রচলিত রয়েছে। হালখাতা এখনও অটুট। কিন্তু প্রায় লুপ্ত হয়ে গেছে এমন একটি অনুষ্ঠান পুণ্যাহ। এর উদ্ভব কবে সে সম্পর্কে জোড়ালো তেমন কিছু জানা যায় না। কিন্তু চিরস্থায়ী বন্দোবস্ত বিলুপ্তির পূর্ব পর্যন্ত তা বলবৎ ছিল। পুণ্যাহ যুক্ত ছিল নববর্ষের সঙ্গে। ওই দিন প্রজারা ভালো পোশাক পরে জমিদারের কাছারিতে যেতেন খাজনা কিংবা নজরানা দিতে। যেন পুণ্য কাজ করতে যাচ্ছেন। বলা যায় পুণ্য থেকে পুণ্যাহ। আসলে আমাদের দেশের নববর্ষের মেলাগুলো ও প্রাচীন আর্তিব (ঋতুধর্মী) উৎসব ও কৃষ্যৎসব প্রভৃতির বিবর্তিত রূপ ব্যতীত আর কিছুই নয়।

বাঙালি সংস্কৃতির অসাম্প্রদায়িক ও গণতান্ত্রিক ঐতিহ্য সংরক্ষণের প্রতি আমাদের দায়বদ্ধতা আরো পরিস্কার হওয়া উচিত। কেননা এটা বাঙালি সংস্কৃতির একটি গৌরবোজ্জ্বল দিক। আজকের এই পহেলা বৈশাখে, আধুনিক প্রযুক্তিময় বিশ্বের প্রেক্ষাপটে আমাদের সংস্কৃতিকে আরও উর্ধ্বে তোলা ধরার চেষ্টা করা উচিত। দেশজ সংস্কৃতি যদি প্রাণ ফিরে পায় তাহলেই প্রকৃত বাংলাদেশকে আমরা বিশ্বে তুলে ধরতে পারবো।

ভিডিওর ডিক্টেটর, বাস্তবের স্বৈরাচার!

সেলিম খান

কালজয়ী অভিনেতা চার্লি চ্যাপলিনের বিখ্যাত সিনেমা 'দ্য গ্রেট ডিক্টেটর'। সিনেমার লেখক, পরিচালক, প্রযোজক, মুখ্য চরিত্র—সব জায়গায় তিনি। দ্বিতীয় বিশ্বযুদ্ধের শুরুতে হিটলার আর মুসোলিনির স্বৈরাচারী কার্যকলাপে ইউরোপজুড়ে যখন থরহরি কম্প, তখন; অর্থাৎ, ১৯৪০ সালে হলিউডে চ্যাপলিন জন্ম দিলেন তাঁর এই অমর সৃষ্টির। এই সিনেমায় চ্যাপলিনের মুখে সাড়ে তিন মিনিটের একটা ভাষণ আছে, যেটা সাধারণ সেনা সদস্যদের উদ্দেশে দেওয়া। এই ভাষণের বয়ান বঙ্গানুবাদ আকারে পুরোপুরি নিচে তুলে ধরা হলো। বৈশ্বিক চিত্র ও রাজনীতি একটু খেয়াল করলে বোঝা যায় ৮৪ বছর পরও ভাষণটি এখনো কত প্রাসঙ্গিক। চাইলে শুধু দেশকাল পাল্টে পড়ে দেখতে পারেন।

'আমি দুঃখিত, কিন্তু আমি সম্রাট হতে চাই না। এটা আমার কাজ না। আমি কাউকে শাসন করতে বা বশীভূত করতে চাই না। আমি সবাইকে সাহায্য করতে চাই—যদি সম্ভব হয়—ইহুদি, বিধর্মী, কালো বা সাদা মানুষ। আমরা সবাই একে–অপরকে সাহায্য করতে চাই। মানুষ এমনই হয়। আমরা একে–অপরের সুখে বাঁচতে চাই, একে–অপরের দুঃখে নয়। আমরা একে–অপরকে ঘৃণা ও অবজ্ঞা করতে চাই না। এই পৃথিবীতে সবার জন্য জায়গা আছে। এবং এই ভালো পৃথিবী সমৃদ্ধ এবং প্রত্যেককেই এর দেওয়ার কিছু আছে। জীবন চলার পথ মুক্ত ও সুন্দর হতে পারে, কিন্তু আমরা পথ হারিয়ে ফেলেছি।'

'লোভ মানুষের আত্মাকে বিষিয়ে তুলেছে। বিশ্বে ঘৃণার প্রাচীর খাড়া করেছে। আমাদের দুঃখ ও রক্তক্ষয়ের মধ্যে এনে ফেলেছে। আমরা বেগবান হয়েছি, কিন্তু নিজেদের রুদ্ধ করে। প্রাচুর্যদানকারী যন্ত্রপাতি আমাদের অভাবের মধ্যে ফেলে দিয়েছে। আমাদের জ্ঞান আমাদের নিষ্ঠুর করে তুলেছে। আমাদের চতুরতা কঠোর ও নির্দয়। আমরা চিন্তা করি বেশি, অনুভব করি কম। যন্ত্রের চেয়েও আমাদের মানবিকতার প্রয়োজন। চালাকির চেয়ে দরকার উদারতা ও নম্রতা। এসব ছাড়া জীবন সহিংস হয়ে উঠবে। আমরা হারিয়ে যাব।'

'উড়োজাহাজ ও রেডিও আমাদের কাছে এনেছে। এই উদ্ভাবন সাধনের মাধ্যমে মানুষের ভালো দিক এবং সর্বজনীন ভ্রাতৃত্বের কথা জোর দিয়ে বলা যাবে, সকলের ঐক্যের জন্য। এমনকি এখন আমার কণ্ঠ সারা বিশ্বে লাখ লাখ মানুষের কাছে পৌঁছাচ্ছে, যারা হতাশাগ্রস্ত পুরুষ, নারী ও ছোট শিশু, যারা এই ব্যবস্থার শিকার, যা লোকেদের নির্যাতক বানায় এবং নিরাপরাধ মানুষকে বন্দী করে।'

'যারা আমার কথা শুনতে পাচ্ছে, তাদের বলছি—হতাশ হবেন না। এখন আমাদের ওপর দুর্দশার যে পাহাড় রয়েছে, তা কেবল সেই সব মানুষের ধূর্ততা ও তিক্ততার জন্য, যারা মানুষের অগ্রগতিকে ভয় করে। মানুষের মধ্য থেকে ঘৃণা দূরিভূত হবে। স্বৈরশাসকদের মৃত্যু হবে। তারা জনগণের কাছ থেকে যে ক্ষমতা নিয়েছিল, তা জনগণের কাছেই ফিরে আসবে। আর যতদিন মানুষ প্রাণ দিয়ে যাবে, ততদিন স্বাধীনতা ধ্বংস হবে না।'

'সৈনিক ভাইয়েরা, নিজেদেরকে বর্বরদের হাতে তুলে দেবেন না। এরা আপনাকে তুচ্ছ-তাচ্ছিল্য করে, দাস করে রাখতে চায়, আপনার জীবনকে নিয়ন্ত্রণ করতে চায়, আপনাকে কী করতে হবে-কী ভাবতে হবে-কী অনুভব করতে হবে, তা ঠিক করে দিতে চায়! কে তোমাকে দেখাশোনা করে, খাবার দেয়, গবাদি পশুর মতো ব্যবহার করে, কামান-পশুর মতো ব্যবহার করে? নিজেকে এই অপ্রাকৃতস্থ লোকদের বা যন্ত্রদানবদের হাতে তুলে দেবেন না, যাদের মন ও হৃদয়–দুটোই যন্ত্রের মতো। কিন্তু তোমরা তো মেশিন না! পশু না! তুমি মানুষ! তোমাদের হৃদয়ে মানবতার জন্য ভালোবাসা আছে! তুমি (কাউকে) ঘৃণা করো না! প্রেমহীন ঘৃণা– যা শুধু ভালোবাসাহীন ও অস্বাভাবিক। সৈনিক ভাইয়েরা, দাসত্বের জন্য নয়, মুক্তির জন্য লড়ো!'

'সেন্ট লুকের ১৭তম অধ্যায়ে লেখা আছে: "ঈশ্বরের রাজ্য মানুষের মধ্যেই থাকে।" তা একজন মানুষ বা কোনো গোষ্ঠীবদ্ধ মানুষের মধ্যে না, সব মানুষের মধ্যে! তুমি, তুমি তোমরা সাধারণ মানুষ; তোমাদের ক্ষমতা আছে, যন্ত্র তৈরির ক্ষমতা আছে। এই ক্ষমতাই সুখের উৎস। তোমরা জনগণ, তোমাদের ক্ষমতা আছে এই জীবনকে মুক্ত ও সুন্দর করার। এই জীবনকে একটি দুর্দান্ত উপভোগ্য করার।'

'তারপর গণতন্ত্রের নামে, এসো সেই শক্তি ব্যবহার করি, আমরা সবাই ঐক্যবদ্ধ হই। এসো আমরা একটি নতুন বিশ্বের জন্য লড়াই করি। একটি শালীন বিশ্বের জন্য যা মানুষকে কাজ করার সুযোগ দেবে, তরুণদের দেবে ভবিষ্যৎ এবং বয়স্কদের দেবে নিরাপত্তা। এসবের প্রতিশ্রুতি দিয়ে নিষ্ঠুর শাসকেরা ক্ষমতায় এসেছে। কিন্তু তারা মিথ্যা বলেছে! তারা সেই প্রতিশ্রুতি পূরণ করে না। তারা কখনোই করবে না!'

'স্বৈরাচারীরা নিজেদের মুক্ত রেখে জনগণকে দাস করে! এবার এসো সেই প্রতিশ্রুতি পূরণের লড়াই করি! এসো আমরা বিশ্বকে মুক্ত করতে লড়াই করি। চলো লড়াই করি জাতীয় বাধা দূর করার, লোভ, ঘৃণা ও অসহিষ্ণুতা দূর করার। এসো আমরা যুক্তির জগতের জন্য লড়াই করি। এমন একটি বিশ্ব গড়ে তোলার জন্য লড়ি, যেখানে বিজ্ঞান ও অগ্রগতি সব মানুষকে সুখী করবে। সৈনিক ভাইয়েরা, এসো গণতন্ত্রের নামে আমরা সবাই ঐক্যবদ্ধ হই!'

চ্যাপলিনের এই সিনেমার প্রসঙ্গ মনে এল সম্প্রতি ইউটিউবে ভারতের নির্বাচন নিয়ে তৈরি একটি ভিডিও দেখে। 'ডরা হুয়া ডিক্টেটর'; অর্থাৎ, 'ভয় পেয়েছে স্বৈরশাসক' নামে তৈরি ভিডিওটি গত ১১ দিনে ২ কোটি ৭০ লাখবার দেখা হয়েছে। ভিডিওটি তৈরি করেছেন ধ্রুব রাঠী নামে একজন তরুণ, যার বয়স ২৯ বছর। ভিডিও কনটেন্ট প্রস্তুতকারী হিসেবে ধ্রুব এমনিতেই বেশ জনপ্রিয়। কিন্তু এই বিশেষ ভিডিওটি তাঁকে সেলিব্রিটির মর্যাদা দিয়েছে। ভারতের মূলধারার গণমাধ্যম, যারা মোদি সরকারের কাছে সাংবাদিকতার সবকিছু হারিয়েছে, এবং যে কথা বলার সাহস তারা রাখে না, সেটা বলেছেন ধ্রুব। তিনি জানেন, তার পরিণতি কী হতে পারে। কিন্তু কোনো কিছুকে পরোয়া করেননি তিনি। এ জন্য এখন দেশ-বিদেশ থেকে জনপ্রিয় ইউটিউবার বা ভিডিও কনটেন্ট প্রস্তুতকারীরা তাঁর সাক্ষাৎকার নিচ্ছেন।

এ প্রসঙ্গে যাওয়ার আগে দেখা যাক ধ্রুব রাঠী কে? ধ্রুবর জন্ম ভারতের হরিয়ানা রাজ্যের রোহতকে। উচ্চ মাধ্যমিক পর্যায়ের পড়াশোনা দিল্লিতে। এরপর জার্মানিতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। পরে রিনিউয়েবল এনার্জির ওপর স্নাকতোত্তর। এত পড়াশোনা করে কী লাভ হলো? কাজে লাগল না। তাঁর ইচ্ছা, শিক্ষাবিষয়ক ভিডিও কনটেন্ট বানাবেন। তিনি শিক্ষার ওপর কনটেন্ট বানান, যা পয়সা দিয়ে শুনতে বা দেখতে হয়। তাঁর ইউটিউব চ্যানেলের সাবস্ক্রাইবার সংখ্যা ১ কোটি ৭৫ লাখ (১৩ এপ্রিল, ২০২৪ পর্যন্ত)। তাঁর ১০-১৫ জনের একটা টিম আছে।

ভারতে আগামী ১৯ এপ্রিল থেকে লোকসভা নির্বাচন শুরু। আলোচিত এই ভিডিওতে ধ্রুব রাজনীতির এই মুহূর্তের সবচেয়ে আলোচিত কিছু দিক তুলে ধরেছেন। সেই সাথে মোদি সরকার রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে যে গণতন্ত্রের ভবিষ্যৎ ধ্বংস করছে, তা সহজ ভাষায় প্রমাণসহ তুলে ধরেছেন। ভবিষ্যতের ভারত স্বৈরশাসনের দিকে এগোচ্ছে কিনা, তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি। চ্যাপলিনের মতো একইভাবে দেশের সাধারণ মানুষকে সচেতন হয়ে ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন। যাতে দেশ স্বৈরশাসনের কবলে না পড়ে।

'ডরা হুয়া ডিক্টেটর'—এই ভিডিওতে ধ্রুব রাঠী, দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেপ্তার, নির্বাচনী বন্ড কেলেঙ্কারি, ভোটের আগে মোদির ইচ্ছানুসারে নতুন দুই নির্বাচন কমিশনার নিয়োগ, প্রধান বিরোধী দল কংগ্রেসের সব ব্যাংক অ্যাকাউন্ট জব্দ ও ১৭০০ কোটি রুপি জরিমানা, টাকা খরচ করেও কংগ্রেসের বিজ্ঞাপন মূলধারার খবরের কাগজে ছাপতে না পারা, ইডি বা এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আইনে বদল, সংবাদমাধ্যমের নিয়ন্ত্রণ, রাজনৈতিক দল ভাঙা-গড়া—এসবই ছিল বিষয়। এর কোনোটাই ভারতের রাজনীতিতে নতুন কিছু নয়। ধ্রুব শুধু এটাকে একসূত্রে গেঁথেছেন এবং এর প্রত্যেকটির অভিষ্ঠ লক্ষ্য যে এক—সেটাই বলার চেষ্টা করেছেন।

এই ভিডিও প্রকাশের পর 'দেশভক্ত' আকাশ ব্যানার্জি ধ্রুবর প্রায় ঘণ্টাব্যাপী সাক্ষাৎকার নিয়েছেন। সাত দিনে ওই সাক্ষাৎকার দেখা হয়েছে ৭৯ লাখবার। বিখ্যাত টিভি আলোচক করণ থাপার তাঁর শো-তে আলোচনার জন্য ডেকেছেন ধ্রুব রাঠীকে। তিন দিনে তা দেখা হয়েছে ১৫ লাখবার। বোঝাই যাচ্ছে ধ্রুব রাঠীর একটি সাহসী ভিডিও কী পরিমাণে প্রভাব ফেলেছে।

এরই মধ্যে করণ থাপার কথা বলেছেন নরেন্দ্র মোদি সরকারের অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের স্বামী পারাকেল প্রভাকারের সাথে। সেখানে অর্থনীতিবিদ পারাকেল প্রভাকর যা বলেছেন, তার মোদ্দ কথা হলো: নরেন্দ্র মোদি একজন স্বৈরশাসক; তিনি গণতন্ত্রী নন। প্রধানমন্ত্রী মোদি ভারতের অর্থনীতিকে অন্তত ২০-২৫ বছর পিছিয়ে দিয়েছেন। রাজনীতিকে তিনি স্বাধীনতা-পূর্ববর্তী দিনগুলোতে ফিরিয়ে নিয়ে গেছেন। সামাজিক ক্ষেত্রে বৈচিত্র্য, বৈজ্ঞানিক ধ্যানধারণা, সামাজিক মূল্যবোধ—এসব বিষয়ে তিনি ভারতকে মধ্যযুগে নিয়ে গেছেন। তাই এই সরকারের, যাদের ট্র্যাক রেকর্ড এমনই, তারা ক্ষমতায় ফিরে এলে তা হবে বিপর্যয়কর।

অন্ধ্রপ্রদেশের তেলুগু ব্রাহ্মণ পরিবারে জন্ম হওয়া পারাকেল প্রভাকর একজন পলিটিক্যাল ইকনোমিস্ট হিসেবে পরিচিত। বিখ্যাত লন্ডন স্কুল অব ইকনোমিকস থেকে পিএইচডি ডিগ্রিধারী এই প্রখ্যাত অর্থনীতিবিদ প্রথম থেকেই মোদি সরকারের আর্থিক নীতিসহ অন্যান্য নীতির কঠোর সমালোচক। এখানে তাঁর বড় পরিচয় হয়ে গেছে মোদি সরকারের অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ তাঁর স্ত্রী।

দৃশ্যত, সমাজের বিভিন্ন অংশ থেকে ২০২৪ সালের নির্বাচনের আগে নরেন্দ্র মোদি বা তাঁর সরকারের দিকে যেভাবে স্বৈরাচারের তির ছুটে আসছে, সেটাকে আগামী ৬৩ দিনে মোদি বা তাঁর দল কীভাবে মোকাবিলা করেন—সেটাই দেখার।

লেখক: নির্বাহী সম্পাদক, ডিজিটাল বিভাগ,
ইনডিপেনডেন্ট টেলিভিশনরহমান মৃধা

বৈশাখ এলে মনে পড়ে সেই জলছত্রতলা

তাপস বড়ুয়া

খুলনার দক্ষিণে এক প্রত্যন্ত গ্রামে আমার বেড়ে ওঠা। এলাকাটা প্রত্যন্ত বলেই হয়তো আমরা এমন কিছু চর্চা দেখেছি যেগুলো নাগরিক বর্ষবরণে নেই। তার মধ্যে একটা হচ্ছে বৈশাখের জলছত্রতলা।

আশির দশকে তখন আমাদের ওদিকে রাস্তাঘাটের অবস্থা ছিল খুব খারাপ। স্কুল ছিল অনেক দূরে। ঠাঁ ঠাঁ রোদে পাঁচ কিলোমিটার মতো হেঁটে স্কুলে যেতে হতো; ফেরার সময় আরও পাঁচ কিলোমিটার। হিন্দুপ্রধান এলাকাটিতে বৈশাখে পথিকের জন্য পানীয় জল বিতরণের চল ছিল। সারা বছরই অচেনা পথিকেরা গ্রামের মানুষের বাড়িতে জল চেয়ে খেতেন—এটা স্বাভাবিক ব্যাপার ছিল অবশ্য। কারণ, টিউবয়েল ছিল অনেক দূরে দূরে।

বৈশাখে থাকত বিশেষ আয়োজন। তখন পথিকের জন্য রাস্তার পাশে জলছত্রতলা খোলা হতো। রোদে হেঁটে এসে সেখানে ঠান্ডা জল পাওয়া যেত। বিদ্যুৎ ছিল না। তাই ফ্রিজের বালাই ছিল না। জল রাখা হতো মাটির বড় মা'ঠে বা মুইঠ্যার মধ্যে। এতে জল ঠান্ডা থাকত। আমাদের স্কুলে যাওয়ার পথে যে জলছত্রতলাটা পড়ত, সেখানে মা'ঠেগুলো মাটিতে পোতা থাকত অর্ধেকটা। জল ঠান্ডা রাখার প্রাকৃতিক ব্যবস্থা। সেখানে জল খেতে গেলে সাথে দুটো বাতাসাও দিত। রোদের মধ্যে হেঁটে এসে ছাউনির তলায় বসে সেই জল মুখে দিলে বোঝা যেত জলের অপর নাম জীবন কেন। সাথে বাতাসা দুটো লাগত অমৃতের মতো। এত বছরের নাগরিক জীবনে সেই স্বাদ ভুলতে চলেছি। তবু বৈশাখ এলে সেই জলছত্রতলা ফিরে আসে। ফিরে আসে জল-বাতাসার সেই স্বাদ। বৈশাখের প্রথম দিনে পুজো-আচ্চার মাধ্যমে মাঙ্গলিক আচার সেরে শুরু হতো জলছত্রতলার যাত্রা। সিঁদুর আর তেল মিলিয়ে জলের পত্রের গায়ে স্বস্তিচিহ্ন আঁকা হতো। সামনে ঘটে থাকতে আম্রপল্লব (পাঁচটি পাতাসহ আমের ডালের মাথা)।

আরও কিছু চর্চা ছিল বছরের প্রথম মাসে। অনেক পরিবার এই মাসে মাছ-মাংস খেত না। এতে একদিকে একমাসের নিরামিষাশী জীবনযাপনের মধ্য দিয়ে তাদের ধর্মীয় আচার পালন হতো। অন্যদিকে দেশীয় প্রজাতির মাছের ডিম পাড়ার সময়টাতে মাছ না ধরায় দেশি মাছের বংশবৃদ্ধিতে সহায়তা হতো। নিয়ম করে মাছ ধরায় নিষেধাজ্ঞা দিতে হতো না। লোকায়ত চর্চাগুলো এমনই।

এই মাসে বাড়ির তুলসীতলার তুলসী গাছের উপর বিশেষ কায়দায় জল দেওয়ার ব্যবস্থা করতেন অনেকে। একটা মাটির ভাড়ে জল রাখা হতো তুলসী গাছের উপরে মাচা করে বা পাশের অন্য গাছে ঝুলিয়ে। ভাড়ের নিচে একটা ছিদ্র দিয়ে একটা পাটের দড়ি গাছটার গায়ে এসে পড়ত। দীর্ঘসময় ধরে দড়ি বেয়ে খুব অল্প অল্প জল পড়ত তুলসী গাছে।

নতুন বছরের প্রথম দিনের চেয়ে পুরোনো বছরের শেষ দিনটাও কম আকর্ষণীয় ছিল না। ওই দিন চৈত্রসংক্রান্তি। সব বাড়িতে না হলেও অনেক বাড়িতে সাধ্যমতো পিঠাপায়েস হতো। প্রতিবেশ

KARNAFULLY HOME CARE

KARNAFULLY HOME CARE

[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]

WE CARE
YOUR FAMILY
LIKE OURS

সততা এবং বিশ্বস্ততাই আমাদের বৈশিষ্ট

মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন

হোম কেয়ার সার্ভিস
নিলে আপনিও পেতে পারেন
প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ
সর্বোচ্চ $৮০০ । আজই আসুন

NYS
Department of
Health CDPAP

Mohammed Hasem, MBA
President and CEO

347-621-6640
Fax: 347-338-6799
karnafullyhc@gmail.com
hasem@lovetocarehhc.com
info@lovetocarehhc.com

Main Office
167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432

Jackson Heights Branch
37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372

Buffalo Branch
1114 Walden Avenue
Buffalo, NY, 14211

www.lovetocarehc.com

KARNAFULLY TAX SERVICES INC.

KARNAFULLY TAX SERVICES INC
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস ইন্ক

We are Licensed by the IRS **CPA & Enrolled Agent** এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স
- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Tax Returns Amendment
- Individual Tax ID Numbers (ITIN)

একাউন্টিং
- Payroll, W-2s, Pay Checks,
- Pay stubs, Sales Tax, Quarterly & Year-end filings

NEW BUSINESS SETUP
- Corporation
- Small business (S-corp)
- Partnership (LLC/SMLLC)

ইমিগ্রেশন
- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adiustment of Status

AUTHORIZED IRS e-file PROVIDER | Direct Deposit | NOTARY PUBLIC | IRS ENROLLED AGENT | Tax Preparation fee pay by Cradit card

Office Hours: Monday - Saturday 10:00am - 8pm

Representation taxpayers IRS & State tax audit

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ CPA & Enrolled Agent

Special Price for W2 File

Member of AICPA | NAEA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

JACKSON HEIGHTS OFFICE
37-20 74th Street, 2nd Fl,
Jackson Heights
Ph: 718-205-6040
718-205-6010
Fax : 718-424-0313

JAMAICA OFFICE
167-18 Hillside Ave, 2nd Fl,
Jamaica, NY 11432
Ph: 929-399-2004
929-399-2007
Fax:929-399-2030

karnafullytax@yahoo.com | www.karnafullytax.com

GLOBAL MULTI SERVICES INC.

Quick Refund **IRS Authorized Agent**

Tareq Hasan Khan
CEO

Our Services

- **TAX** (Federal & State)
- **IMMIGRATION**
- **CORPORATION**
- **BUSINESS SERVICES**
- **CONSULTING**

Open 7 Days
A Week

IRS e-file

37-18 74th Street, Suite 202, Jackson Heights, NY 11372
Tel: 718-205-2360, Email: globalmsinc@yahoo.com

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত

Timothy Bompart, Esq
Attorney at Law

- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আরডেন ইউনিভার্সিটির পাঁচটি ক্যাম্পাসের প্রেসিডেন্ট প্রার্থী আনোয়ার শাহজাহান

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাজ্য ও বার্লিনের (জার্মানি) খ্যাতনামা আরডেন ইউনিভার্সিটির শিক্ষার্থীদের প্রতিনিধিত্বকারী একমাত্র সংগঠন আরডেন ইউনিভার্সিটি স্টুডেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট প্রার্থী হয়েছেন ব্রিটিশ-বাংলাদেশি আনোয়ার শাহজাহান। আগামী ১৫ থেকে ১৮ এপ্রিল চার দিনব্যাপী চূড়ান্ত পর্বের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

আরডেন ইউনিভার্সিটি স্টুডেন্ট অ্যাসোসিয়েশনের নির্বাচন নিয়ে আনোয়ার শাহজাহান সম্প্রতি একটি টুইট করেছেন। তাতে তিনি লিখেছেন, "গত বছর প্রথমবারের মতো প্রেসিডেন্ট নির্বাচনে প্রার্থী হয়েছিলাম। অল্প কিছু ভোটের ব্যবধানে পরাজিত হই। নির্বাচনে পরাজিত হলেও স্টুডেন্ট রিপ্রেজেন্টেটিভ হিসেবে অনেক কিছু শিখতে পেরেছি, অনেকের সাথে পরিচিত হয়ে অভিজ্ঞতা সঞ্চয় করেছি, যা আমার কাছে অমূল্য। এ বছর আমি অতীতের অভিজ্ঞতা কাজে লাগাতে চাই। আমার বিশ্বাস, শিক্ষার্থীরা আমার কাজের মূল্যায়ন করবেন।"

আনোয়ার শাহজাহান

আরডেন ইউনিভার্সিটির লন্ডন, বার্মিংহাম, ম্যানচেস্টার, লিডস ও জার্মানির বার্লিন ক্যাম্পাসের ৩০ হাজারের বেশি শিক্ষার্থী এ নির্বাচনে ভোট দিতে পারবেন। যিনি নির্বাচিত হবেন, তাঁকে এই ৫টি ক্যাম্পাসের শিক্ষার্থীদের জন্য কাজ করতে হবে।

আনোয়ার শাহজাহান গত নির্বাচনেও প্রেসিডেন্ট প্রার্থী ছিলেন। মাত্র ৪৩টি ভোটের ব্যবধানে তিনি পরাজিত হন। তিনি দুই বছর ধরে একই ইউনিভার্সিটির এমবিএ শিক্ষার্থীদের রিপ্রেজেন্টেটিভ হিসেবে দায়িত্ব পালন করছেন।

আনোয়ার শাহজাহান বাংলাদেশ ও প্রবাসে একজন লেখক, সাংবাদিক ও সংগঠক হিসেবে পরিচিত। তাঁর প্রকাশিত গ্রন্থগুলোর মধ্যে ৩টি ইংরেজি অনুবাদসহ গবেষণামূলক গ্রন্থ রয়েছে ৯টি। এ ছাড়া তিনি লন্ডন বিচিত্রা এবং একটি অনলাইন নিউজ পোর্টালের সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি লন্ডন বাংলা প্রেসক্লাবের নির্বাহী সদস্যসহ বিভিন্ন সংগঠনের সাথে যুক্ত।

আনোয়ার শাহজাহানের জন্ম সিলেটের গোলাপগঞ্জ উপজেলায়। ১৯৯৫ সাল থেকে তিনি পরিবারসহ লন্ডনে বসবাস করছেন। তিনি ২০২১ সালে বাকিংহামশায়ার নিউ ইউনিভার্সিটি থেকে গ্র্যাজুয়েশন সম্পন্ন করে আরডেন ইউনিভার্সিটিতে এমবিএ করছেন।

আরডেন ইউনিভার্সিটির শিক্ষার্থীরা www.arden.unitu.co.uk/elections/index/1118 লিংকে গিয়ে ইউনিভার্সিটির ই-মেইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করে অনলাইনে ভোট দিতে পারবেন ১৫ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত। ইউনিভার্সিটির নির্বাচন পেজে আনোয়ার শাহজাহানের ইশতেহার দেয়া রয়েছে।

বাংলাদেশ সোসাইটির নির্বাচন কমিশন গঠিত

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাষ্ট্রের প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচন উপলক্ষে ৭ সদস্যের নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। সোসাইটির কার্যকরী পরিষদের নিয়মিত মাসিক সভা ১৪ এপ্রিল রোববার সোসাইটির নিজস্ব কার্যালয় অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে সোসাইটির সাবেক ট্রাস্টী বোর্ড সদস্য ও প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমদ জনিকে পুনরায় প্রধান নির্বাচন কমিশনার হিসেবে মনোনীত করা হয়। একই সাথে সাবেক নির্বাচন কমিশনার আব্দুল হাকিম মিয়া, মোঃ আনোয়ার হোসেন, আব্দুল মান্নান, মোহাম্মদ হেলাল উদ্দিন, মাহবুবুর রহমান বাদল এবং আহবাব চৌধুরী খোকনকে কমিশনের সদস্য হিসেবে মনোনীত করা হয়।

সভাপতি মোঃ আব্দুর রব মিয়ার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ রুহুল আমিন সিদ্দিকীর পরিচালনায় সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি- ফারুক চৌধুরী।

মিশিগানে পুলিশের গুলিতে আরেক বাংলাদেশী নিহত

কমিউনিটিতে চরম উৎকণ্ঠা

হেলাল উদ্দীন রানা

১২ এপ্রিল শুক্রবার যুক্তরাষ্ট্রের মিশিগান রাজ্যের ওয়ারেন শহরে পুলিশের গুলিতে এক বাংলাদেশী যুবক নিহত হয়েছে।আতিকুর রহমান (১৯) নামের এই যুবকের গ্রামের বাড়ী সিলেটের বিয়ানীবাজার থানার সুপাতলা গ্রামে। তার পিতার নাম ময়নুল ইসলাম। ঘটনাটি ঘটে দুপুর প্রায় সাড়ে বারোটায়।

জানা যায়, নিজের ঘরে হাতে অস্ত্র নিয়ে বাবা মা সহ পরিবারের সদস্যদের ভয় ভীতি প্রদর্শন করছিল সে। তার উছৃংখল আচরণে ঘাবড়ে যায় পরিবারটি। ভয় পেয়ে তার মা-বাবা ছোট বোনকে নিয়ে গ্যারেজে গাড়ীর ভেতর আশ্রয় নেন। অতীঠ ১৬ বছরের ছোট ভাইয়ের ফোন কল পেয়ে পুলিশ ঘটনাস্থলে আসে। পুলিশ যুবকটিকে সশস্ত্র অবস্থায় দেখতে পায় এবং তাকে অস্ত্র ফেলে দিয়ে আত্মসমর্পণ করতে বলে। কিন্তু এতে সে কর্ণপাত করেনি। সে অস্ত্র হাতে নিয়ে ঘরের বাইরে আসার চেষ্টা করে।

তবে যুবকটি কেন এমন আচরন করছিল? এমন প্রশ্নে অভিভাবকদের কোন সদোত্তর মিলছে না। পরিবারটি প্রায় ৫ বছর হয় ইমিগ্র্যান্ট হয়ে যুক্তরাষ্ট্রে বসবাসের জন্য আসে। এ ঘটনায় দ্বিতীয় বৃহত্তম বাংলাদেশী অধ্যুষিত মিশিগানে শোকের ছায়া নেমে এসেছে এবং কমিউনিটিতে চরম উদ্বেগ উৎকণ্ঠা বিরাজ করছে।

উল্লেখ্য, গত ২৭ মার্চ নিউইয়র্কের ওজনপার্কে ১৯ বছরের যুবক উইন রোজারিও পুলিশের গুলিতে নিহত হয়। উভয় ঘটনা পুলিশের বিস্তারিত তদন্তাধীন বলে জানানো হয়েছে।

ঈদের জামাতে বিব্রত সাকিব আল হাসান

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর উদ্যোগে একটি জামাত অনুষ্ঠিত হয় বুধবার সকাল পৌনে ১০টার দিকে থমাস এডিশন হাই স্কুলের খেলার মাঠে। এ জামাতে ক্রিকেটার এবং সংসদ সদস্য সাকিব আল হাসান উপস্থিতি নিয়ে মুসল্লিদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। দেখা গেছে কেউ কেউ তাঁকে ভুয়া ভুয়া ধ্বনি তুলে তিরস্কার করেছেন, আবার কেউ কেউ নামাজের জমায়েতের মধ্যে তাঁর সাথে সেলফি উঠানো নিয়ে ব্যস্ত হয়ে উঠেন।

নিউইয়র্কে বাংলাদেশিদের সবচেয়ে বড় এ ঈদের জামাতে ইমামতি ও বিশেষ মুনাজাত পরিচালনা করেন জেএমসি'র খতিব ও পেশ ইমাম মির্জা আবু জাফর বেগ এবং খুৎবা পাঠ করেন ইমাম শামসে আলী। এই জামাতে শিশু-কিশোর-কিশোরী আবাল-বৃদ্ধা-বণিতা সহ সর্বস্তরের ১০/১২ হাজার মুসল্লি অংশ নেন বলে অনুমান করা হচ্ছে। ঈদের জামাতের আগে শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্ক ষ্টেট সিনেটর জন সি ল্যু।

ঈদুল ফিতরের এ জামাতে ক্রিকেটার সাকিব আল হাসান এমপি নামাজ পড়তে আসলে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হয়। নানাজ শুরুর আগে জেএমসি'র পক্ষ থেকে তাকে পরিচয় এবং কিছু বলার অনুরোধ করতেই কতিপয় মুসল্লী 'ভুয়া ভুয়া' বলে হৈচৈ শুরু করে এবং কেউ কেউ তার সাথে সেলফি তুলতে গেলে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি করেন। উদ্ভুত পরিস্থিতে সাকিব বক্তব্য রাখার সুযোগ পাননি। পরে তাকে ঈদের নামাজ শেষে বিশেষ মুনাজাতের সময় দ্রুত ঈদের মাঠ ত্যাগ করে চলে যেতে দেখা যায়। এসময় কেউ কেউ তার পিছু নেয় এবং 'ভুয়া ভুয়া' ধ্বনি তুলতে থাকে।

কানেকটিকাটের মিডল টাউনে বাংলা নববর্ষ উদাযাপন

ইমা এলসি

যুক্তরাষ্ট্রের কানেকটিকাট অঙ্গরাজ্যের মিডল টাউনে উদাযাপন হয়েছে বাংলা নববর্ষ। স্থানীয় সময় ১৪ এপ্রিল রোববার সন্ধ্যায় মিডল টাউনের বাংলাদেশি মালিকানাধীন তন্দুর রেস্তোরাঁয় বাংলা নববর্ষ পালনের আয়োজন করেন স্থানীয় বাংলাদেশিরা।

সম্প্রীতি এবং সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত নববর্ষ পালনের এ অনুষ্ঠানে বিভিন্ন পেশাজীবি বাংলাদেশি পরিবার পরিজনসহ শিশু কিশোরদের কলতানে, পান্তা ইলিশ আর বাংলা গানের অসাধারণ আয়োজনে একটি অত্যন্ত সুন্দর সন্ধ্যার আয়োজন করেন তন্দুর রেস্তোরাঁ। মিডে টাউনের সুপরিচিত মুখ বাংলাদেসশি কমিউনিটি নেতা মোস্তাক মাহমুদ এবং তাঁর পরিবারের সদস্যরা অত্যন্ত বিনয়ের সাথে অতিথিদের আপ্যায়ন করেন। অনুষ্ঠানে খিচুড়ি, ইলিশ, চিকেন কারী, বিফ ভুনা, পান্তা ভাত, শুঁটকির দোপেঁয়াজা, বেগুন ভর্তা, আলু ভর্তা, টোম্যাটো ভর্তা, রসগোল্লা, চা, তেঁতুল ও আমের ফ্রেশ পানীয়, পান সুপারিসহ পহেলা বৈশাখের বাংলাদেশি সমস্ত খাবারের পাশাপাশি মেন্যু থেকে যে কোনো খাবার অর্ডার দেবার ব্যবস্থা ছিল। বাংলাদেশি অতিথিদের আনন্দ প্রদানের জন্য সংগীত শিল্পীদের দ্বারা গানের ব্যবস্থা ও বিনোদনে ব্যবস্থা করা হয়।

কানেকটিকাটের বাংলাদেশি আমেরিকান সিপিএ শ্রাবনী তার পুত্র কৃষকে নিয়ে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি জানান, তন্দুর রেস্তোরাঁয় তিনি বহু দিন ধরে আসা যাওয়া করেন।সম্প্রতি বাংলাদেশি মালিকানাধীনে নতুন করে রেস্তোরাঁটির যাত্রা শুরু হয়। এ রেস্তোরাঁয় সব খাবার সম্পূর্ণ হালাল। ব্যবস্থাপনায় নিয়োজিত আছেন রেস্তোরাঁর মালিক কর্তৃপক্ষ। নিজেরা উপস্থিত থেকে সবসময় খুব সুন্দর ভাবে তারা সব কিছু পরিচালনা করেন।

মোস্তাক মাহমুদ ও তাঁর স্ত্রী দুজনেই নিজ নিজ পেশায় নিয়োজিত। তাদের দুই সন্তানের এ দেশেই জন্ম। কিন্তু তাদের ব্যবহার এবং পরিবেশন শতভাগ বাঙালি। কোথাও কোনো ত্রুটি নেই। এই প্রসঙ্গে মোস্তাক মাহমুদের স্ত্রী বলেন, বহু দিন ধরে তারা মিডল টাউনের বাসিন্দা কিন্তু বাংলাদেশি হালাল খাবার পেতে খুব কষ্ট হতো। তাই কম্যুনিটির চাহিদার কথা মাথায় রেখে তারা এই রেস্তোরাঁটি খোলার উদ্যোগ নেন।

তিনি বলেন, পুরো রমজান মাসজুড়ে এ রেস্তোরাঁয় ইফতারির আয়োজন করা হয়। এখানে বুট পিয়াজুর পাশাপাশি তেহারি জিলাপির ব্যবস্থা ছিল। বিভিন্ন মসজিদে ও কমিউনিটির অনুষ্ঠানে সুলভে ক্যাটারিং করা হয় তন্দুর রেস্তোরাঁ থেকে। তাছাড়া বাংলা নববর্ষ, ভ্যালেন্টাইন ডে, স্বাধীনতা দিবস কিংবা নিউ ইয়ার এরকম সব কটি বিশেষ দিনে অত্যন্ত সুলভ মূল্যে বহু আইটেমসহ বিশেষ বাফের আয়োজন করা হয়।

নিউইয়র্কে দুর্বৃত্তের হামলায় আহত জাকির হোসেন খসরুর মৃত্যু

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশি জাকির হোসেন খসরু দুর্বৃত্তের আঘাতে মারা গেছেন। ৭ এপ্রিল শুক্রবার জ্যামাইকায় গাড়ি পার্কিংয়ে বাক বিতন্ডায় ২ জন কৃষ্ণাঙ্গ তাকে মাথায় আঘাত করলে রাস্তায় লুটিয়ে পড়েন। মাথা ফেটে প্রচন্ড রক্তক্ষরন হচ্ছিল। জ্যামাইকা হাসপাতালে ৩ দিন চিকিৎসাধীন ছিলেন। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১১ এপ্রিল বুধবার দুপুরে তিনি ইন্তেকাল করেন।

জাকির হোসেন খসরুর জন্মস্থান জামালপুর জেলায়। তার স্ত্রী শামিমা আকতার শিউলির জন্মস্থান শেরপুরে। জ্যামাইকার হিলসাইড এভিনিউ সংলগ্ন ১৬৮ স্ট্রিটে গত ৭ এপ্রিল বিকালে খসরুর ওপর হামলার ঘটনা ঘটে। খসরু তার ট্যাক্স প্রিপারার এর জন্য গাড়ি পার্কিং এর খালি স্পট ধরে রাখছিলেন। এমন সময় ২ জন কৃষ্ণাঙ্গ সেখানে গাড়ি রাখতে উদ্যত হয়। খসরু তাদেরকে জানায়, তার একজন বন্ধু গাড়ি নিয়ে আসছেন। তাই স্পটটি ধরে রাখা হয়েছে। এ কথা শুনে তারা ক্ষুব্ধ হয়ে খসরুর উপর হামলা চালায় ও গালাগালি শুরু করে। এক পর্যায়ে তারা খসরুর মাথায় আঘাত করে। খসরুকে হামলার ঘটনাটি শেরপুর জেলা সমিতির প্রধান উপদেষ্টা সাংবাদিক আবুল কাশেম নিশ্চিত করেছেন। এ ঘটনায় কুইন্স ডেমোক্র্যাটিক ডিস্ট্রিক্ট লিডার অ্যাট লার্জ মঈন চৌধুরী ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে দুর্বৃত্তদের গ্রেপ্তারের দাবি জানিয়েছেন।

বিএনপিসহ স্বাধীনতা বিরোধীদের পরাজিত করা হবে: কাদের

ঢাকা অফিস

ওবায়দুল কাদের

বিএনপিসহ স্বাধীনতা বিরোধীদের পরাজিত করা হবে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে বুধবার সকালে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

ওবায়দুল কাদের বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় উন্নত সমৃদ্ধ সোনার বাংলা গঠনের প্রচেষ্টার ধারাবাহিকতা রাখা হবে। বিএনপিসহ স্বাধীনতা বিরোধী ও সন্ত্রাসীদের পরাজিত করা হবে। তিনি বলেন, বিএনপির মতো সাম্প্রদায়িক সন্ত্রাসী অপশক্তিকে প্রতিহত করতে হবে।

চাঁদরাতের আড্ডা দেশী-কারীতে

এমরান হোসাইন, ক্যানসাস

এতো সেদিন সাদা-কালো টেলিভিশনে " ও মন রমজানের ঐ রোজার শেষে এল খুশির ঈদ"- বেজে ওঠার সাথে সাথে ভাই-বোন যে -যে রুমে থাকতো সোজা টিভি রুমে। শুরু হতো ঈদের শেষ কেনাকেটার দৌড়। ছুটে যেতাম দক্ষিণ এশিয়ার প্রথম এলিভেটর সমৃদ্ধ চট্টগ্রামের নিউ মার্কেট।

শত বছরের পুরোনো এ মার্কেট এখন ক্ষীর্ণ-শীর্ণ -ঐতিহ্যের কোন ছোঁয়া নেই। তবুও চল্লিশোর্ধব চট্টগ্রামের যে কোন নারী-পুরুষের আবেগের জায়গা-স্মৃতির অন্দর মহল। চাঁদ রাতে মাকেটের ফালুদা-আইসক্রিম না খেলে ঈদ যেন পানসা হয়ে যাবে। এতো স্মৃতি নিয়ে আবারো চাঁদ রাত নেমে আসে যুক্তরাষ্ট্রের ক্যাসাসের উচিটা শহরে "দেশী কারীতে "। ঝমপেস আড্ডায় মেতে উঠে উচিটা স্টেট ইউনিভাসিটির বাংলাদেশী একঝাঁক নতুন-পুরান বন্ধুরা।

স্বনামধন্য আইটি কোম্পানী "ওরাকল' এর এনালিষ্ট ওয়াহি দুল ইসলাম রাজিব জানায়, ঈদ মানে- প্রিয় জন্মভূমি বাংলাদেশ; যেখানে সবার যোগে উৎসব -সবার জন্য অনাবিল আনন্দ ঈদ। মিথেল এবং নিলয় রীতিমত চুপচাপ। ওরা দুজনই উচ্চশিক্ষার আশায় ক্যানসাসের উচিটা স্টেট ইউনিভাসিটিতে এসেছে। ঈদের সকালে মায়ের হাতে তৈরী সেমাই খুব মিস করেছেন। বাংলাদেশ স্টুডেন্ট অ্যাসোসিয়েশন এর প্রাক্তন প্রেসিডেন্ট ইমরান আহমেদ – ভাসিটি ছেড়ে আসার পর সবাই মিলে এ আড্ডায় অন্যরকম এক অনুভূতি। সাইমুল হক ধিমান – ছাত্রজীবন শেষে পরিবার নিয়ে একযুগ ধরে উচিটা শহরে নিজেকে মানিয়ে নিয়েছেন। খান সুমন, আব্দুল্লাহ নোমান, সালমান আলম, ফারদিন অরনব, রেজা নিহালসহ সবাই মিলে চাঁদরাতে চায়ের কাপে ঝড় তোলা আড্ডা।

কিছুক্ষণের জন্য হলেও দেশী-কারী রেষ্টুরেন্টে আড্ডা যেন- বাংলাদেশের গলির মুখে আলম ভাইয়ের চায়ের দোকোনে। যেখান থেকে রাতজাগা-চাঁদরাতের গল্পের শুরু -শেষটা হয়তো কখন বিধাতা ভাল জানেন। এসময় কার মোবাইলে যেন ফেসটাইম ভিডিও কলের রিং বেজে উঠলো- বাবা কোথায়!

লন্ডনের স্কুলে নামাজে নিষেধাজ্ঞা, হাইকোর্টে হারলেন মুসলিম শিক্ষার্থী

উত্তর আমেরিকা ডেস্ক

গত বছর যুক্তরাজ্যের লন্ডনে অবস্থিত মিখায়েলা কমিউনিটি স্কুলে নামাজসহ সব ধর্মীয় উপাসনা নিষিদ্ধ করেছে কর্তৃপক্ষ। এ ঘটনার জের ধরে গত মাসে ওই স্কুল ত্যাগ করার ঘোষণা দিয়েছিলেন দুই মুসলিম ছাত্রী। তারও আগে স্কুলের ভেতর নামাজের ওই নিষেধাজ্ঞাকে হাইকোর্টে চ্যালেঞ্জ করেছিলেন আরেক ছাত্রী। আজ মঙ্গলবার বিবিসি জানিয়েছে, আদালতের ওই চ্যালেঞ্জে শেষ পর্যন্ত হেরে গেছেন মুসলিম ওই শিক্ষার্থী।

এ বিষয়ে বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, মাধ্যমিক পর্যায়ের ওই স্কুলটিতে নামাজের ওপর নিষেধাজ্ঞাকে 'বৈষম্যমূলক' দাবি করে হাইকোর্টে যুক্তি তুলে ধরেছিলেন চ্যালেঞ্জকারী শিক্ষার্থী। এর আগে স্কুল কর্তৃপক্ষ হাইকোর্টকে জানিয়েছিল—ধর্মীয় প্রার্থনার অনুমতি দিলে ধর্মনিরপেক্ষ একটি স্কুলের মধ্যে নেতিবাচক প্রভাব পড়তে পারে। শেষ পর্যন্ত স্কুলের ভেতর নামাজে নিষেধাজ্ঞার পক্ষেই রায় দিয়েছেন আদালত।

বাংলাদেশের ই-পাসপোর্টের অনলাইন আবেদন প্রসেস করা হয়
অস্ট্রেলিয়া, কানাডা, বৃটেন, সেনজেন, চায়না, ইন্ডিয়া, আমিরাত (দুবাই)সহ সৌদী আরবের ভিসা আবেদনে সহায়তা করা হয়

SAUDI (UMRAH) | UAE (DUBAI) | Old Club Man (718) 724-9688 | EUROPE | BANGLADESH
16308 HILLSIDE AVE, JAMAICA, NY 11432
CANADA | AUSTRALIA | NEW ZEALAND | UK (LONDON) | BRAZIL | CHINA | THAILAND | INDIA

ভিজিট বা ষ্টুডেন্ট অথবা ট্রানজিট বা অন্য যে-কোন ভিসায়
কিংবা মেক্সিকো বর্ডার দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ

এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি'র ১০০% নিশ্চয়তা

E2 | EB3 | L1A | EB5 | SIJS | VAWA | POLITICAL ASYLUM

আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে। আমরা গ্রীনকার্ড এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতায় গ্রীনকার্ড থেকে কন্ডিশন রিমোভ করতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। মনে রাখবেন, আপনাকে গ্রীনকার্ড আপনার স্বামী বা স্ত্রী দেয়নি, দিয়েছে ইউএসসিআইএস। সুতরাং আপনার গ্রীনকার্ড রিভোক করার কোন ক্ষমতা-ই আপনার স্পাউসের নেই। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।

এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ

ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিষ্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।

আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে

(718) 839-5812 টেক্সট করুন, আমরা কল ব্যাক করবো
163-10 HILLSIDE AVE, JAMAICA, NY 11432

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:**
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:**
  Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

Member: naea

Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD

Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
করোনা মহামারির সময় বিভিন্ন সংগঠনের ক্রয় করা কবরস্থান ব্যাপক কাজে লেগেছে। নিউইয়র্কে যখন করোনার মৃত্যুতে লাশের স্তূপ গড়ে উঠেছিল। তখন বাংলাদেশি সংগঠনগুলো নিজেদের এলাকার লোকজনের জন্য কবরস্থানের ব্যবস্থা করে দিয়েছে কোন প্রশ্ন ছাড়াই। বাংলাদেশ সোসাইটি , জালালাবাদ অ্যাসোসিয়েশন, সন্দ্বীপ সোসাইটি, চট্টগ্রাম সমিতি, গোলাপগঞ্জ সোসাইটিসহ বিভিন্ন সংগঠন এসময় স্বদেশিদের অন্তিম যাত্রার কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

জীবিত স্বদেশীরা উডসব উদযাপনে, সামাজিকতায়, সাংস্কৃতিক তৎপরতায় ঐক্য দেখাতে না পারলেও মৃত বাংলাদেশিদের নিয়ে সবার মধ্যেই ঐক্য চিন্তা কাজ করছে।

আমেরিকায় মৃত্যুর পরের আনুষ্ঠানিকতাটি বেশ ব্যয়বহুল। নিউইয়র্কের মতো নগরে কেউ মারা গেলে এখন তাঁর দাফন কাফনের জন্য হাজার দশেক ডলারের বেশি অর্থের প্রয়োজন হয়। অনেকেরই সে সঞ্চয় থাকে না। বাংলাদেশিদের নিজেদের কোনো ফিউনারেল হোম না থাকার কারণে অন্যান্য মুসলিম ফিউনারেল হোমের দ্বারস্থ হতে হয়। দাফনের আগে মরদেহ রাখাসহ কবর দেয়ার জন্য মরদেহ প্রস্তুত করার কাজটিও আগের চেয়ে ব্যয়বহুল হয়ে উঠেছে। এক্ষেত্রে মরদেহ বহনের জন্য ফিউনারেল হোমের গাড়ি ভাড়া, কবর খননের শ্রমিকদের মজুরি, কর্মদিবস বা কর্মঘণ্টার বাইরে হলে ওভারটাইম পরিশোধ করতে হয়। ফলে মরদেহ দাফনের জন্য অপ্রত্যাশিত ব্যয় সামাল দেয়া অনেক পরিবারের জন্যই কঠিন হয়ে উঠেছে। আমেরিকার লোকজনের মতো আমাদের কমিউনিটিতে ফিউনারেল নিয়ে বা মৃত্যু পরবর্তী ব্যয় সামাল দেয়ার ব্যক্তি বা পরিবারের কোন পরিকল্পিত প্রস্তুতি, বীমা গ্রহণ বা উইল থাকে না। ফলে এসব নিয়ে জটিলতায় পড়তে হয়।

গ্রেটার নোয়াখালি সোসাইটি বাংলাদেশ সেমেট্রি এবং ফিউনারেল হোম করার উদ্যোগ নিয়েছে। এ সংগঠনটির এমন উদ্যোগকে প্রশংসনীয় উদ্যোগ হিসেবে দেখা হচ্ছে। বিশেষ করে আগামী কয়েক দশক বাংলাদেশি অন্যান্য সংগঠনগুলো কবর ক্রয়ের কর্মসূচি বাদ দিয়ে অন্যান্য প্রবাসী কল্যাণ কাজে হাত দিতে পারবে। বাংলাদেশিদের নিজস্ব ফিউনারেল হোম প্রতিষ্ঠা এবং এর লাইসেন্স প্রাপ্তির পর মরদেহ কবর দেয়া নিয়ে অনেক বিপত্তির সুরাহা হবে বলে মনে করা হচ্ছে।

বাংলাদেশি মুসলমানদের কবরস্থানের ব্যবস্থা ছাড়াও বাংলাদেশের বৃহত্তর হিন্দু জনগোষ্ঠীও এখন আমেরিকা প্রবাসী। নিউইয়র্কে বাংলাদেশি হিন্দুদের সৎকারের জন্য নিজেদের কোনো স্থাপনা নেই। এ নিয়ে কোন বাংলাদেশি সংগঠন এখনো এগিয়ে আসেনি।

গ্রেটার নোয়াখালি সোসাইটি তাদের উদ্যোগ ও প্রকল্প নিয়ে মতবিনিময় সভার আয়োজন করেছে। ২৪ এপ্রিল বুধবার নিউইয়র্কের গুলশান টেরেসে সন্ধ্যা ৬টায় এ মতবিনিময় সভা এবং সভা পরবর্তী নৈশভোজে সবাইকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানিয়েছেন প্রকল্পের আহ্বায়ক মোঃ আব্দুর রব মিয়া, সমন্বয়কারী খোকন মোশাররফ এবং সদস্য সচিব জাহিদ মিন্টু। গ্রেটার নোয়াখালি সোসাইটির সভাপতি নাজমুল হাসান মানিক এবং সাধারণ সম্পাদক ইউসুফ জসীম জানিয়েছেন, মহতী এ প্রকল্পটি বাস্তবায়নে সার্বিক সহযোগিতায় রয়েছেন সংগঠনের সব সদস্য, কার্যকরী পরিষদ, উপদেষ্টা পরিষদ এবং ট্রাস্টি বোর্ডের সদস্যরা।

কমিউনিটির ভূমিকায় হতাশ পরিবার

প্রথম পৃষ্ঠার পর

লাগাতার প্রতিবাদ- এমন প্রশ্ন সচেতন প্রবাসীদের। তারা বলছেন কমিউনিটি নিরব কেন? এসব হত্যার বিচাদার দাবীতে তারা সোচ্চার হওয়ার পাশাপাশি শক্ত প্রতিবাদ প্রত্যাশা পরিবারের।

এদিকে ২৭ জানুয়ারী সিটির ওজনপার্কে বাসায় পুলিশের গুলিতে উইন রোজারিও নিহত হওয়ার পর ৬ এপ্রিল শনিবার তার অন্তেষ্টিক্রিয়া সম্পন্ন হয়েছে। প্রবাসী খ্রীষ্টান সম্প্রদায় সহ বিপুল সংখ্যকপ্রবাসী বাংলাদেশী তার অন্তেষ্টিক্রিয়ায় যোগ দেন। বিশেষ শ্রদ্ধা জানানো হয় প্রবাসী বেঙ্গলী ক্রীষ্টান এসোসিয়েশনের পক্ষ থেকে।

নিউইয়র্কে দুর্বৃত্তের হামলায় আহত বাংলাদেশী জাকির হোসেন খসরু(৭৬) আহতের তিন দিন পর ১০ এপ্রিল বুধবার ঈদুল ফিতরের দিন সন্ধ্যায় মারা গিয়েছেন। জানা যায়, নিউইয়র্ক সিটির জ্যামাইকায় হিলসাইড এভিনিউ সংলগ্ন ১৬৮ স্ট্রিটে ৭ এপ্রিল খসরুর উপর দুর্বৃত্তরা হামলা করেছিল। খবর পেয়ে পুলিশ এসে জাকির হোসেন খসরুকে গুরুতর অবস্থায় নিকটস্থ জ্যামাইকা হাসপাতালে ভর্তি করে। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। নিহত খসরুর স্ত্রী শামিমা আকতার শিউলির বরাত দিয়ে শেরপুর জেলা সমিতির সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন জানান, জামালপুর জেলা সদরস্থ পোস্ট অফিসের অবসরপ্রাপ্ত কর্মকর্তা মরহুম মোহাম্মদ হুসেনের ছেলে খসরুর জানাজা ১১ এপ্রিল দুপুর ১টায় জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয় এবং ঐদিনই নিউজার্সীর মার্লবরোতে শেরপুর জেলা সমিতির ক্রয় করা কবরে তাকে দাফন করা হয়। নিহত খসরুর স্ত্রী শামিমা আকতার শিউলি শেরপুর জেলা সমিতির সাবেক উপদেষ্টা।

এদিকে, দিনে-দুপুরে অকারণে জাকির হোসেন খসরুকে গালমন্দ শেষে ধাক্কা দিয়ে গুরুত আহত এবং তার মৃত্যুর ঘটনাটিকে হত্যা বলে দাবী করছেন প্রবাসী বাংলাদেশী সহ নিহতের পরিবারের সদস্যরা। এই ঘটনায় কমিউনিটিতে ভীতির সঞ্চার সৃষ্টি হয়েছে। তদন্ত সাপেক্ষে এই হত্যাকান্ডের সাথে জড়িত দুর্বৃত্তের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন কমিউনিটি নেতৃবৃন্দ।

অপরদিকে মিশিগান রাজ্যে পুলিশের গুলিতে হোসেন আল রাজি (১৮) নামে এক বাংলাদেশি তরুণ নিহত হয়েছে। পরিবারের অভিযোগ রাজিকে হত্যা করা হয়েছে। ১২ এপ্রিল শুক্রবার দুপুর ১টা ৪৫ মিনিটে এ দুর্ঘটনা ঘটে।

ওয়ারেন সিটি পুলিশের এক কর্মকর্তা স্থানীয় গণমাধ্যমকে বলেন, দুপুরে ৯১১ এ পরিবারের পক্ষ থেকে একটা ফোন আসে। সঙ্গে সঙ্গে অ্যাম্বুলেন্সসহ তিন পুলিশ কর্মকর্তা সেখানে পৌঁছান। পুলিশ কর্মকর্তারা ওই যুবকের হাতে আগ্নেয়াস্ত্র দেখতে পান এবং অস্ত্র ফেলে দেওয়ার জন্য অনুরোধ করেন। কিন্তু ওই যুবক তাদের অনুরোধ উপেক্ষা করে পুলিশ কর্মকর্তাদের দিকে অস্ত্র নিয়ে তেড়ে আসেন। পুলিশের ওই কর্মকর্তা জানান, উপস্থিত পুলিশ কর্মকর্তারা আত্মরক্ষার্থে ১০ রাউন্ড গুলি ছোড়েন। পরে আহত অবস্থায় যুবককে হাসপাতালে পাঠানো হয়। সেখানে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্য ঘোষণা করেন।

নিহতের বাবা মোহাম্মদ আতিক হোসেনের ভাষ্যমতে, দুপুরের দিকে নিহত রাজির মা ও রাজির ভাই , হোসেন আল রাজি অসংলগ্ন আচরণ করছে বলে জানান। তখন ৯১১ এ কল দিয়ে অ্যাম্বুলেন্সের সাহায্য চাওয়া হয় যাতে ছেলেকে হাসপাতালে নেওয়া যায়। কিছুক্ষণের মধ্যে অ্যাম্বুলেন্স ও পুলিশ আসলে তারা নিরাপদ স্থানে আছি কি না জানতে চাইলে, তিনি জানান তারা গ্যারেজের গাড়ির ভেতর আছেন। বলার কিছু সময়ের মধ্যে বেশ কয়েক রাউন্ড গুলির শব্দ শুনতে পান, এবং কিছুক্ষণ পরেই পুলিশ কর্মকর্তারা তাদের ডেকে সবাইকে স্থানীয় পুলিশ স্টেশনে নিয়ে জবানবন্দি নেন। বিকেল ৪টার দিকে খবর আসে রাজি মারা গেছে। আতিক হোসেন বলেন, অ্যাম্বুলেন্সের সাহায্য চাইলাম ছেলেকে হাসপাতালে নেওয়ার জন্য আর পুলিশ আমার ছেলেকে গুলি করে মেরে ফেললো। কি এমন অপরাধ করলো আমার ছেলে, যে কারণে ওকে গুলি করে মারতে হলো। তিনি মিশিগানে বসবাসরত বাংলাদেশি-আমেরিকান সবার সাহায্য-সহযোগিতা চেয়েছেন।

এই ৩ বাংলাদেশি হত্যাকান্ডের সুষ্ঠু তদন্ত সাপেক্ষে বিচার দাবিতে সোচ্চার এবং জোরালো ভূমিকা রাখার ব্যাপারে সর্বাত্মক কর্মসূচী নেওয়ার আহবান কমিউনিটির নেতৃবৃন্দের প্রতি ভুক্তভোগী পরিবার এবং সচেতন প্রবাসীদের।

ট্রাম্পের বিরুদ্ধে প্রথম ফৌজদারি

প্রথম পৃষ্ঠার পর

পর্যন্ত জেল হতে পারে। এটিকে সংক্ষেপে 'হাস মানি ট্রায়াল' বলা হচ্ছে। ২০১৬-এ নির্বাচনের আগে মডেল স্ট্রমি ড্যানিয়েলের মুখ বন্ধ রাখতে ট্রাম্প বিপুল পরিমান অর্থ দিয়েছেন। অর্থ দেয়াটা অপরাধ নয়, অভিযোগ, অর্থ দেয়ার প্রক্রিয়াটি অপরাধ।

সিএনএন ১২ই জানুয়ারি ২০১৮-তে জানিয়েছিল, ঐসময় ট্রাম্পের এটর্নি মাইকেল কোহেন পর্ণস্টার স্ট্রমি ড্যানিয়েলকে ১৩০,০০০ মার্কিন ডলার দিয়েছিলেন। এই মামলায় ট্রাম্প হেরে গেলে, তিনি 'ক্রিমিনাল' হিসাবে চিহ্নিত হবেন। ট্রাম্প যদি এমনকি প্রেসিডেন্ট নির্বাচিতও হ'ন, তা হলেও তিনি নিজেকে ক্ষমা করতে পারবেন না, কারণ মামলাটি ষ্টেটের, প্রেসিডেন্ট ফেডারেল সাজা মাফ করতে পারেন, ষ্টেটের সাজা মাফ করার অধিকার তার নেই? যদিও আইন বিশেষজ্ঞরা বলছেন, মামলাটি দুর্বল, এটি ট্রাম্পের প্রথম অপরাধ, দোষী সাব্যস্ত হলেও তার জেল হবার সম্ভবনা কম।

ঐতিহাসিক এ মামলার প্রথম দিনে জুরী নির্বাচন শুরু হয়। ৯৬জনকে ডাকা হলেও কেউ মনোনীত হ'ননি। বাদী-বিবাদী পক্ষ একমত হয়ে বিচারকের সম্মতিক্রমে মোট ১২জনের জুরী প্যানেল মনোনীত করবেন। অতিরিক্ত আরো ৬জন জুরীও মনোনীত করা হবে। ট্রাম্প সকালেই ডাউনটাউন ম্যানহাটান আদালতে উপস্থিত হ'ন, তখনো আদালত-কক্ষ অর্ধেক খালি ছিলো, ট্রাম্প 'ডিফেন্স টেবিলে' গিয়ে বসেন। দুপুরে আদালত কক্ষ পরিপূর্ন হয়ে যায়। বিচারক সম্ভাব্য প্রত্যেক জুরীকে উত্তর দেয়ার জন্যে ৪২-টি প্রশ্ন সম্বলিত একটি কাগজ দেন, অর্ধেকের বেশি জুরী এতেই বাদ পড়েন।

ট্রাম্প মাত্র তিনবার কথা বলেছেন। অধিকাংশ সময় তিনি তার এটর্নিদের সাথে মত বিনিময় করেন। বিচারক ট্রাম্পকে প্রশ্ন করেন, আপনি কি বুঝতে পারছেন যে, আপনি ফৌজদারি মামলার আসামী? ট্রাম্প হ্যাঁ সূচক জবাব দেন্। কোর্ট রুম থেকে বাইরে এসে ট্রাম্প অবশ্য মুখ খুলেন, বলেন, এটি স্ক্যাম, দেখা যাচ্ছে, বিচারক আমাকে এ থেকে মুক্তি দিচ্ছেন না? এ মামলাটি হচ্ছে, "দি পিপুল অফ দি ষ্টেট অফ নিউইয়র্ক ভার্সেস ডোনাল্ড ট্রাম্প"। বিচারকের নাম জুয়ান মার্চেন। ট্রাম্পের প্রধান দু'জন এটর্নি হচ্ছেন, টড ব্লাঞ্চ ও এমিল বোভে। বলা বাহুল্য, ট্রাম্পের এটর্নিগন মামলার গতি শ্লথ বা থামিয়ে দিতে চেষ্টা করবেন। ধারণা করা হচ্ছে, মামলাটি ৬থেকে ৮সপ্তাহ চলতে পারে।

পূর্ববর্তী খবরে বলা হয়: ট্রাম্প শিবির বেশ ক'বার বিচারককে এ মামলা থেকে অব্যাহতি দেয়ার চেষ্টা করেছেন। বারবার তারা ব্যর্থ হয়েছেন। ট্রাম্প পক্ষ বলছেন, বিচারকের কন্যা লরেন মার্চেন ডেমক্রেট ফান্ড রেইজিং-র সাথে যুক্ত এবং এ মামলা থেকে ফায়দা নেবেন। ৮ই এপ্রিল ট্রাম্প আপিল বিভাগে একই আবেদন জানালে সেটিও বাতিল হয়ে যায়। ট্রাম্পের জন্যে আরো দু:সংবাদ হচ্ছে, জর্জিয়া নির্বাচনী হস্তক্ষেপ, ফেডারেল ক্লাসিফাইড ডক্যুমেন্ট মামলা বাতিলের আবেদনও বিচারক আইলিন এম ক্যানন বাতিল করে দিয়েছেন।

ট্রাম্পের বিরুদ্ধে মোট ৪টি ফৌজদারি মামলা আছে। ধারণা করা হচ্ছে, নিউইয়র্কে 'হাস মানি' মামলা ব্যাতিত আর কোন মামলা নির্বাচনের আগে শুরু হবেনা। এই মামলায় ট্রাম্পের বিরুদ্ধে 'গ্যাগ' অর্ডার আছে, ট্রাম্প এই মামলায় সম্পৃক্তদের নিয়ে কথা বলতে পারবেন না? এ গ্যাগ অর্ডারের বিরুদ্ধে ট্রাম্প তার সোশ্যাল মিডিয়া 'ট্রুথ সোশ্যাল'-এ বিচারক জোয়ান মার্চেন-এর বিরুদ্ধে বিষোদ্গার করেছেন। ট্রাম্প বলেছেন, তারা আমার সম্পর্কে কথা বলবেন, অথচ আমি কথা বলতে পারবো না, এটি কেমন কথা? এ মামলায় স্ট্রমি ড্যানিয়েল ও ট্রাম্প মুখোমুখি হবেন। এদিকে টেক্সাসে স্ট্রমি ড্যানিয়েল অপর একটি মামলায় জড়িয়ে গেছেন। তার বক্তব্যের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠবে।

ট্রাম্পের বিরুদ্ধে ৪টি ফৌজদারি মামলার সর্বশেষ অবস্থা হচ্ছে: ওয়াশিংটন ডিসি-তে ২০২০ নির্বাচনের ফলাফল বানচালের ষড়যন্ত্র দায়ে ট্রাম্পের বিরুদ্ধে মামলা পিছিয়ে গেছে। এটি শুরুর কথা ছিলো ৪ঠা মার্চ। ট্রাম্প আপিল করেছেন, তিনি দাবি করেন যে, ৬ই জানুয়ারি তিনি যা করেছেন, তা প্রেসিডেন্ট হিসাবে করেছেন, সুতরাং এটি বিচারের আওতায় পড়েনা। ট্রাম্পের অপর মামলা নিউইয়র্কের ম্যানহাটন সুপ্রিমকোর্টে ব্যবসায় জালিয়াতি শুরু হয়েছে। ট্রাম্পের অন্য দু'টি ফৌজদারি মামলার একটি হচ্ছে ফ্লোরিডায়, সেখানে তাঁর বিরুদ্ধে হোয়াইট হাউস ছাড়ার পর ক্লাসিফাইড ডক্যুমেন্ট অযত্নে নিজের কাছে রাখা এবং তাঁর মার্-এ-লগো বাসস্থান থেকে সেগুলো উদ্ধারে বাধা দেয়া। ট্রাম্পের বিরুদ্ধে অন্য মামলাটি হচ্ছে, জর্জিয়া ষ্টেট নির্বাচনে বাঁধা সৃষ্টি।

বাইডেন শিবির বলেছে, মিশিগানে যারা 'ডেথ টু আমেরিকা' শ্লোগান দিয়েছে প্রেসিডেন্ট বাইডেন তাদের ভোট চাননা। মনে হচ্ছে, এবারকার নির্বাচনে 'গর্ভপাতের অধিকার' নিয়ে প্রচারণা তুঙ্গে উঠবে। ট্রাম্প ইতিমধ্যে তার অবস্থান পরিষ্কার করে বলেছেন, এটি ষ্টেটের সিদ্ধান্ত হওয়া উচিত। বাইডেন ফেডারেল আইনের পক্ষে। এদিকে ৬ই জানুয়ারি ক্যাপিটল হিল আক্রমনের ঘটনায় দোষী সাব্যস্ত অনেকে ছাড়া পেতে শুরু করেছেন। ধারণা করা হচ্ছে, সুপ্রিমকোর্ট এ বিষয়ে হস্তক্ষেপ করবেন এবং এরফলে প্রায় সকল দন্ডপ্রাপ্ত ও অভিযুক্তের মুক্তি পাবার সম্ভবনা রয়েছে। ট্রাম্পের বিরুদ্ধে ৬ই জানুয়ারির মামলাটি এতে দুর্বল হবে। গত সপ্তাহে নিউইয়র্কের একটি আদালত ট্রাম্প অর্গানাইজেশনের সাবেক নির্বাহী কর্মকর্তা এলেন উইসেলবার্গ-কে 'শপথ নিয়ে মিথ্যা সাক্ষ্য' দেয়ার অপরাধে ৫মাসের কারাদন্ড দিয়েছেন।

এরআগে ট্রাম্প ১৭৫ মিলিয়ন ডলার বন্ড জমা দিয়েছেন। এরফলে ৪৬৫ মিলিয়ন ডলার জরিমানা রায়ের বিরুদ্ধে তিনি আপিল করতে পারবেন। সর্বশেষ এনপিআর\পিবিএস নিউজ আওয়ার\ম্যারিষ্ট জরিপ বলেছে, ইয়ং ল্যাটিন\নির্দলীয় ভোটাররা ট্রাম্পের দিকে ঝুঁকছে; পক্ষান্তরে শিক্ষিত শ্বেতাঙ্গ ও বয়স্করা বাইডেনের দিকে। টেক্সাসের এটর্নি জেনারেল পেন প্যাক্সটন নিউজম্যাক্সকে বলেছেন যে, নির্বাচন হান্টার বাইডেনের বিরুদ্ধে আনীত ট্যাক্স-ফাঁকি দেয়ার মামলাটি খারিজ করে দিতে অস্বীকার করেছেন। হান্টার বাইডেন ১.৪ মিলিয়ন ডলার কর ফাঁকি দেয়ার অভিযোগে অভিযুক্ত।

আরএফকে জুনিয়র টিম প্রথমে বলেছিলো যে, ৬ই জানুয়ারি ক্যাপিটল হিল আক্রমণকারীরা 'এক্টিভিস্ট'। পরে তারা সেটি প্রত্যাহার করে বলেন, ওটি আরএফকে জুনিয়র-এর বক্তব্য নয়। রবার্ট এফ কেনেডি জুনিয়র সিএনএন'র সাথে এক সাক্ষাৎকারে বলেছেন, গণতন্ত্রের জন্যে ট্রাম্পের চেয়েও বাইডেন বেশি বিপদজ্জনক। দৃষ্টান্ত হিসাবে তিনি বলেন, বাইডেন তার রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীদের বিরুদ্ধে ফেডারেল এজেন্সিগুলোকে ব্যবহার করছেন। কেনেডির ইনস্টাগ্রাম একাউন্ট ২০২১ সালে বন্ধ করে দেয়া হয়, ২০২৩ সালে প্রেসিডেন্ট পদপ্রার্থী হলে তা পুনরায় খুলে দেয়া হয়। কেনেডি মনে করেন বাইডেনের চাপে তা করা হয়েছিলো।

কুইন্সের আইন প্রতিষ্ঠানে বাংলাভাষী সিনিয়র ম্যানেজার আবশ্যক

"কুইন্সের খ্যাতনামা আইন প্রতিষ্ঠানে একজন সিনিয়র ম্যানেজার নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলায় পারদর্শী হতে হবে। ড্রাইভিং লাইসেন্স এবং নিজস্ব গাড়ি থাকতে হবে। অত্যন্ত অরগেনাইজড, যোগাযোগে এবং জনসংযোগে চমৎকার দক্ষতা অপরিহার্য।
যোগ্য প্রার্থীকে ভালো বেতন দেয়া হবে। আইন প্রতিষ্ঠানটি থেকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হবে। আগ্রহীদের অনুগ্রহ করে ravi@gehilaw.com ইমেইলে রিজুমি পাঠানোর জন্য অনুরোধ জানানো হয়েছে।

ইরানে ইসরায়েলি পাল্টা হামলায় সমর্থন দেবে না যুক্তরাষ্ট্র

উত্তর আমেরিকা ডেস্ক

ইরানি হামলার পর ইসরায়েলের প্রতি সমর্থন পুনর্ব্যক্ত করেছে যুক্তরাষ্ট্র। তবে সঙ্গে সঙ্গে এই বার্তাও দিয়েছে যে, ইসরায়েল যদি ইরানে পাল্টা আক্রমণ করতে চায়, তা যুক্তরাষ্ট্র সমর্থন করবে না। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন গতকাল শনিবার রাতে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে টেলিফোনে আলাপকালে এই অবস্থান ব্যক্ত করেছেন।

বাইডেন প্রশাসনের এক জ্যেষ্ঠ কর্মকর্তার বরাত দিয়ে মার্কিন সংবাদমাধ্যম এক্সিওস ও সিএনএন এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। তবে সংবাদমাধ্যম দুটি বাইডেন প্রশাসনের সেই কর্মকর্তার নাম প্রকাশ করেনি বিষয়টি স্পর্শকাতর হওয়ার কারণে।

এক্সিওসের প্রতিবেদনে বলা হয়েছে, গতকাল শনিবার রাতে ইসরায়েলে ইরানি আক্রমণ শুরু হওয়ার পরপরই টেলিফোনে কথা বলেন বাইডেন ও নেতানিয়াহু। সে সময় বাইডেন এ বিষয়ে যুক্তরাষ্ট্রের অবস্থান ব্যক্ত করেন এবং জানিয়ে দেন, ইরানে পাল্টা আক্রমণ করতে চাইলে ইসরায়েলকে সমর্থন দেবে না তাঁর দেশ।

সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, ইরানের বিরুদ্ধে ইসরায়েলি কোনো পাল্টা হামলায় যুক্তরাষ্ট্র অংশ নেবে না। এক্সিওসের প্রতিবেদনে বলা হয়েছে, বাইডেন নেতানিয়াহুকে বলেছেন, যুক্তরাষ্ট্র ইরানে ইসরায়েলের পাল্টা হামলার বিরোধিতা করবে।

ইরানে ইসরায়েলি পাল্টা আক্রমণের বিরোধিতা করলেও দেশটির বিরুদ্ধে তেল আবিবের প্রতিরক্ষা নিশ্চিত করতে সমর্থন দেওয়ার কথা পুনর্ব্যক্ত করেছে যুক্তরাষ্ট্র। গতকাল রাতে হোয়াইট হাউস এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে।

ইসরায়েলে ড্রোন-রকেট হামলা হয়েছে ইয়েমেন-লেবানন থেকেওইসরায়েলে ড্রোন-রকেট হামলা হয়েছে ইয়েমেন-লেবানন থেকেও

হোয়াইট হাউস বলেছে, 'ইরান ইসরায়েলের বিরুদ্ধে বিমান হামলা শুরু করেছে।' যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা পরিষদের মুখপাত্র অ্যাড্রিয়েন ওয়াটসন এক বিবৃতিতে বলেছেন, প্রেসিডেন্ট বাইডেন স্পষ্ট ভাষায় বলেছেন, ইসরায়েলের নিরাপত্তার প্রতি আমাদের সমর্থন লৌহদৃঢ়।

HOUSE FOR SALE BY OWNER

2 FAMILY 4 LEVELS 20X55, BRONX
INDEPENDENT DRIVEWAY NEAR
THE 6 TRAIN $1.1 MILLION
CALL: 718-300-6223

বাসা ভাড়া

১০৯-১১ ২০৮ স্ট্রিট হলিসে এক বেডরুম লিভিং কিচেন বাথরুমসহ সম্পূর্ণ নুতন বেসমেন্ট ভাড়া হবে ১লা এপ্রিল হতে। Q2 ও Q77 বাস ২ মিনিট হাঁটার দূরত্বে। ফোন- ৯২৯-৪২১-২৬২৬ (সকাল ১০টা - রাত ১০টা)।

বাসা ভাড়া

জ্যামাইকায় সেন্ট আলবিনে ১১২-১৯ ১৯৮ স্টিটে দুই বেড, লিভিং কিচেন বাথ, ডাইনিং ভাড়া হবে। কিউ ৩ ও কিউ ৮৩ বাস সংলগ্ন । গ্রোসারি স্কুল নিকটে। যোগাযোগ 347-599-5637

বাসা ভাড়া

৩ বেড রুম, ২ ফ্লোর এবং ১ ফ্লোর, ২ বেড রুম। নর্থ আম্বারলেন্ড এভিনিউ, বাফেলো নিউইয়র্ক। বাংলা গুসারী, মসজিদ, বাস স্টোপ সবকিছু অতি নিকটে। (929) 328-5042

বাসা ভাড়া

জ্যামাইকার ১০৪ এভিনিউ ও ১৭১ স্ট্রিটে অবস্থিত ২ বেড রুম বাথ কিচেন ভাড়া দেওয়া হবে। গ্রোসারি, মসজিদ, ট্রেন, স্কুল নিকটে।
ফোন: 347-535-2133, 347-553-8444

আবশ্যক

নিউইয়র্কে একটি স্বনামধন্য সাপ্তাহিক পেপারে ডেলিভারিতে শুক্রবার ব্রুকলিন, ওজন পার্ক, জ্যামাইকায় কাজ করার জন্য গাড়ি সহ ড্রাইভার আবশ্যক । 646-645-9830

ন্যানি আবশ্যক

কুইন্সের জ্যামাইকায় ছয়মাসের বাচ্চার যত্ন সহকারে দেখভালের জন্য একজন ন্যানি আবশ্যক। যোগাযোগ - 929-268-5801 স্থান - ব্রায়ারউড স্টেশানের পাশে.

পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

বেইজমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৮৭ স্ট্রীট এবং ১০৪ এভিনিউতে এক বেডরুমের একটি বাসা ভাড়া হবে। বাস, মসজিদ, গ্রোসারি নিকটে। যোগাযোগ 917-651-7188, 917-651-9528

ঢাকায় ফ্লাট বিক্রি

ঢাকায় ফ্লাট বিক্রি মোহাম্মদপুর চাঁন মিয়া হাউজিং এ ১২১৫ স্কয়ার ফিটের ফ্লাট ৩ বেড ৩ বাথ ২ বারন্দা আলাদা ড্রয়িং ডাইনিং লিভিং রুম ও পার্কিং সহ ৭ তলা বাড়ির ৬ তলায় লিফ্ট জেনারেটর সিসি ক্যামেরা, গ্যাস সংযোগসহ যোগাযোগ What's App no +19174979508

লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email: drmah007@gmail.com, **ফোন: ৫৭১–৪৮৯–৯০১৩**

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

জ্যাকসন হাইটসের অ্যাপার্টমেন্টে রুমমেট আবশ্যক

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে একটি অ্যাপার্টমেন্টে বিশাল আকৃতির একটি রুমে থাকার জন্য একজন রুমমেট আবশ্যক। আলাদা দরজা আছে। বাথরুম এবং কিচেন শেয়ার করতে হবে। টেক্সটের মাধ্যমে যোগাযোগ করুন 929-720-2181

ন্যানী আবশ্যক

মিজুরী রাজ্যের সেন্টলুইসে বসবাসকারী নবজাতক শিশু এবং দুই বছরের শিশু আন্তরিকভাবে দেখাশুনা এবং সপ্তাহে তিনদিন রান্না করাসহ অন্যান্য কাজে (পরিষ্কার-পরিচ্ছন্নতা) সহযোগিতা করার জন্য ন্যানী আবশ্যক। থাকা খাওয়াসহ মাসে বেতন ১,৫০০ ডলার। প্রতি ছয় মাসে একবার নিউইয়র্কে যাতায়াতের সুযোগ থাকবে এবং যাতায়াতের খরচ বহন করা হবে। যোগাযোগ: ৭৬৫-৬০৯-৭২২৪

অফিস সহকারি আবশ্যক

জ্যাকসন হাইটসের একটি অফিসে কম্পিউটার এবং ইনস্যুরেন্সের কাজ জানা অফিস সহকারি আবশ্যক। যোগাযোগ: 929-395-3945

লাইভ ইন বেবিসিটার আবশ্যক

লং আইল্যান্ডে সোমবার-শুক্রবার নবজাতক শিশুর যত্ন নেওয়ার জন্য লাইভ ইন বেবিসিটার খুঁজছেন। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে 917-280-7656 নম্বরে কল করুন।

আবশ্যক

কুইনসের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিস্ট আবশ্যক। প্রার্থীকে উঁচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলায় দক্ষ হতে হবে।
ল' ফার্মে কাজের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুমি ইমেইল করুন: ravi@gehilaw.com

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

World Travel and Vacation

TRAVEL THE WORLD

Mohammad Hossain
President
214.714.3110 (24/7)
1901 Knightsbridge Rd, Farmers Branch, TX 75234
Mohammad.benu@gmail.com

ওমরা ভিসা, হজ্বের জন্য প্যাকেজসহ যেকোনো বিমানযাত্রার সব ব্যবস্থার জন্য আমাদের পেশাদারিত্ব আর বিশ্বস্ততার প্রতিষ্ঠান। দয়া করে ফোনে বা ইমেইলে যোগাযোগ করুন।

পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854.
Email: amrsolarllc@yahoo.com

সুখবর! সুখবর!!

আমেরিকান সিটিজেনদের জন্য সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড দারীদের জন্য উমরাহ ভিসা পেতে আজই যোগাযোগ করুন ।

571-830-9213

Email: rashid.ozonepark@gmail.com

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

শনিবার সকল শাখা খোলা, রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা পাশাপাশি সকল ব্যাংকের একাউন্টে আরও ২.৫০% প্রণোদনা পাবার নিশ্চয়তা

৫% বোনাস

সম্মানিত গ্রাহক
ও শুভানুধ্যায়ীদের শুভেচ্ছা

blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-9780	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

ENROLLED AGENT
Authorized IRS e-file Provider

Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com

প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে আমরা যত্নবান ও আন্তরিক।

Tax Immigration Real Estate
- Income Tax and Accounting Services For: Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
- Sales and Payroll Tax
- Business Licenses and Setup
- FBAR and FATCA Filing
- Notary Public
- Immigration Form Fill-Up Services
- Credit Repair, Real State and much more...

Member of
NYSSEA
naea National Association of Enrolled Agents

184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

হোম কেয়ার

আপনার আত্মীয় স্বজন, আপনজন ও অন্যান্যদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই। এবং আমরা কোন ফি চার্জ করি না।

বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার জন্য আজই কল করুন

Mamun Ur Rashid
President
917-476-8914

PROHEALTH HOMECARE
(Ordinary People Give Extraordinary Care)

375 McDonald Ave, Brooklyn, NY 11218
Tel: 718-633-1112, Fax : 718-633-1117

CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল

আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

tax refund

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

MONEY TRANSFER
মানি ট্রান্সফার

বিদেশ থেকে বৈধ
পথে টাকা পাঠানোর
সহজ উপায়

2.5% Incentive
Highest Rate
No Fees
bKash
Notary Public
Fast, Secure & Reliable Remittance

Agrani Bank Limited | Eastern Bank PLC. | SBAC | JAMUNA BANK | Pubali Bank Limited | DHAKA BANK LIMITED | ablbl | Southeast Bank Limited | SIBL | UCB

Contact Us

718-406-9745

We Are Authorized Agents

World Tours & Travel

37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA

UP TO 10% Discount
on Flight Booking



Special Fare Available
NEW YORK - DHAKA - NEW YORK

Emirates | QATAR | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES

Book Online
www.globaltravelbd.com

- All domestic & international flights any country
- No extra charge for credit card
- No hidden charges
- 24/7 customer support

US: 718-406-9745
BD: 01810140650

World Tours & Travel

USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA

Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka- 1000

24/7 Hotline: 718-406-9745

ওজে সিম্পসন মারা গেছেন

উত্তর আমেরিকা অফিস

আমেরিকান ফুটবলের ইতিহাসে সবচেয়ে আলোচিত তারকাদের একজন ছিলেন ও জে সিম্পসন। মরণব্যাধি ক্যান্সারের সাথে লড়াই করে ও জে সিম্পসন মারা গেছেন। ১১ এপ্রিল বৃহস্পতিবার সকালে পারিবারিকভাবে তাঁর মৃত্যু সংবাদ জানানো হয়। শ্বেতাঙ্গ স্ত্রী নিকোল ব্রাউনকে হত্যার অভিযোগে তাঁকে অভিযুক্ত করা হয়েছিল। ৯০ দশকে ও জে সিম্পসনকে গ্রেফতার ও বিচারকার্য টিভিতে লাইভ সম্প্রচারিত হচ্ছিল। টেলিভিশনের ইতিহাসে বিশ্বজুড়ে সবচেয়ে বেশি দর্শক টানা এপিসোড ছিল ওজে সিম্পসনের বিচার। অপরাধ আদালতে তাঁকে অভিযুক্ত করা যায়নি। যদিও সিভিল আদালতে স্ত্রী হত্যার জন্য তাঁকে দায়ী করে মোটা অঙ্কের ক্ষতিপূরণ দিতে হয়েছিল।

মৃত্যুকালে সিম্পসনের বয়স হয়েছিল ৭৬ বছর। একাধিক দাম্পত্যের পাঁচ সন্তান ও নাতি নাতনি রেখে গেছেন। মৃত্যুর সময় সন্তান ও নাতি নাতনিরা উপস্থিত শয্যাপাশে উপস্থিত ছিলেন।

১১ এপ্রিল বৃহস্পতিবার সকালে দেয়া এক্স পোস্টে বলা হয়েছে " ক্যান্সারের সাথে লড়াই করে আমাদের বাবা ওরেস্থ্যাল জ্যামস সম্পসন হেরে গেছেন।" নীচে ' সিম্পসন পরিবার বলে স্বাক্ষর করা হয়েছে। এনএফএল ক্লাবগুলোর মধ্যে সর্বকালের তারকা ক্রীড়াবিদদের একজন হিসেবে মনে করা হয়। শ্বেতাঙ্গ স্ত্রী নিকোল ব্রাউনকে দাম্পত্য বহির্ভূত সম্পর্ক সৃষ্টির কারণে ১৯৯৪ সালে হত্যা করেছিলেন বলে অভিযোগ করা হয়। সেসময় জনপ্রিয়তার তুঙ্গে থাকা ও জে সিম্পসনকে পুলিশ তাড়া করে গ্রেফতার করেছিল। সাদা জীপে ও জে পালানোর চেষ্টা করছিলেন, পেছনে পুলিশ ছুটছে - এমন দৃশ্য সমস্ত



ও জে সিম্পসন

বিশ্বের টিভি দর্শকরা লাইভ দেখেছিলেন।

এ হত্যাকাণ্ডের বিচার দ্রুত শুরু হলে বিচারকার্যটি সরাসরি টিভিতে দেখানো হতো । আমেরিকায় লোকজন কাজ কর্ম রেখে এ বিচার দেখার জন্য টিভির সামনে হামলে পড়তে দেখা গেছে। ১৯৯৫ সালে বিচারের স্বাক্ষ্য প্রমাণে ওজে সিম্পসনকে দণ্ড দেয়া সম্ভব হয়নি। তিনি কারাগার থেকে নির্দোষ মুক্তি পেয়েছিলেন। এ বিচার কার্য নিয়ে আমেরিকা মানুষ এখনো বিভক্ত। অনেকেই মনে করেন ওজে তাঁর প্রভাব প্রতিপত্তি দিয়ে দণ্ড পাওয়া থেকে বেঁচে গিয়েছিলেন। যদিও একটি সিভিল আদালত দুই বছর পর স্ত্রীর মৃত্যুর জন্য সিম্পসনকে দায়ী করে তাঁকে সাড়ে ৩৩ মিলিয়ন ডলারের ক্ষতুপূরণ দেয়ার আদেশ প্রদান করে। এসব ঘটনার পর ও জে সিম্পসন নিরিবিলি জীবন কাটানোর চেষ্টা করলেও বিপত্তি তাঁর পিছু ছাড়েনি। ২০১৭ সালে ভিন্ন একটি ডাকাতি ঘটনায় জড়িয়ে কারাগারে যেতে হয়।

নৌকায় ২০টি পচাগলা মরদেহ

উত্তর আমেরিকা ডেস্ক

ব্রাজিলের উত্তর-পূর্বাঞ্চলীয় উপকূলে একটি নৌকায় ২০টি পচাগলা মরদেহ পাওয়া গেছে। স্থানীয় সময় শনিবার ওই মরদেহগুলো পাওয়া যায়। মার্কিন সম্প্রচারমাধ্যম সিএনএনের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন, নৌকাটি প্যারার উত্তর-পূর্বে ব্রাগাঙ্কা উপকূলে পাওয়া যায়। এ স্থানটি ওই এলাকার রাজধানী বেলেম থেকে ১৮৫ মাইল দূরে অবস্থিত। দেহাবশেষ পচে যাওয়ার কারণে নৌকায় কতজন মারা গেছে তা জানা যায়নি। এ ঘটনায় দুটি তদন্ত চালানো হচ্ছে।

তদন্তকারীরা জানিয়েছেন, নিহতরা ব্রাজিলের না হলেও সম্ভবত ক্যারিবিয়ান অঞ্চল থেকে এসেছেন বলে ধারণা করা হচ্ছে। স্থানীয় কর্তৃপক্ষ বলছে, ব্রাজিলিয়ানদের নিখোঁজ হওয়ার সাম্প্রতিক কোনো খবর পাওয়া যায়নি।

জর্জিয়ায় উৎসব-মুখর ঈদুল ফিতর উদযাপিত, ছুটি ঘোষণার দাবি

মনজিলুর রহমান

দীর্ঘ এক মাসের সিয়াম সাধনার পর ১০ এপ্রিল, বুধবার যুক্তরাষ্ট্রের অন্যান্য অঙ্গরাজ্যের ন্যায় জর্জিয়াও মুসলিম সম্প্রদায়ের অন্যতম উৎসব ঈদুল ফিতর উদযাপিত হয়েছে।

এ উপলক্ষে বিভিন্ন মসজিদ ও সামাজিক সংগঠনগুলো যথারীতি ঈদুল ফিতরের জামাতের নামাজের আয়োজন করে। জর্জিয়ায় ঈদুল ফিতরের প্রধান জামাত অনুষ্ঠিত হয় ডাউন টাউনস্থ আটলান্টার আল-ফারুক মসজিদ প্রাঙ্গণে। সেখানে চারটি জামাত অনুষ্ঠিত হয়েছে, যথাক্রমে সকাল আটটা, পৌনে ন'টা, সোয়া ন'টা ও পৌনে দশটায়। মসজিদ ওমর বিন আব্দুল আজিজ নরক্রস সকাল সাড়ে সাত, সাড়ে নয় ও সাড়ে দশটায় তিনটি জামাত, জর্জিয়া ইসলামিক ইনইসটিটিউট মসজিদ লরেন্সভিল দু'টি জামাত যথাক্রমে সকাল আটটায় ও নয়টায়, জর্জিয়া ইসলামিক ইনইসটিটিউট অব গেইনসভিলে সকাল সাড়ে আটটায় একটি, আত্তাকোয়া মসজিদ ডোরাভিলে দুইটা, সকাল সাড়ে আট ও সকাল সাড়ে নয় টায়, মসজিদ আবু বকর আটলান্টা সকাল সাড়ে আট ও সোয়া নয়টায় দুটি জামাত অনুষ্ঠিত হয় । ইসলামিক সেন্টার অব নর্থ ফুলটন আলফারাটায় দু'টি, ইবাদুর রহমান দাওয়াহ সেন্টার মেরিয়েটায় একটি, এছাড়াও কোন কোন কম্যুনিটি সেন্টারেও ঈদুল ফিতরের জামাত অনুষ্ঠিত হয়েছে বলে খবর পাওয়া গেছে। পুরুষ মুসল্লিদের সাথে নারী মুসল্লিরাও আলাদা পর্দায় পবিত্র ঈদুল ফিতরের নামাজ একই জামাতে আদায় করে ।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক, মিশিগানসহ কোন কোন অঙ্গরাজ্যে স্কুল কলেজ সমুহে মুসলিম সম্প্রদায়ের শিক্ষার্থীরা ঈদের ছুটি ভোগ করলেও জর্জিয়ার স্কুল কলজে ঈদের কোন ছুটি নাই। নিউইয়র্ক, মিশিগানের ঈদের ছুটি ঘোষণার জন্য জর্জিয়া অঙ্গরজ্যের সিনেটর ও গভর্নের দৃষ্টি আকর্ষন করছে অভিভাবকগণ। তারা বলেন, নিউইয়র্ক, মিশিগানে যদি দাবির মুখে মুসলমান ছাত্রদের জন্যে ছুটি ঘোষণা করা হয় জর্জিয়ায় কেন হবে না ? জর্জিয়াও ঈদুল ফিতর ও ঈদুল আজহায় তারা ছুটি চায় ।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্

ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেল্স ট্যাক্স
★ বিজনেস সেটআপ

AUTHORIZED IRS e-file PROVIDER

ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট

আলম টুর এন্ড ট্রাভেলস

AIR TICKET

-Emirates - Qatar Airways - Etihad Airways - Turkish Airlines - Saudia & More

(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider Department of Health, State of New York

নিউইয়র্ক স্টেটের কেলস ডিপার্টমেন্টের লিসিন্সপ্রাপ্ত/মেডিকেয়ার সার্ভিসের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি শপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে
প্রতি ঘন্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন

কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

LEGAL NETWORK INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির
সবচেয়ে আলোচিত, পরিচিত এবং
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ইমিগ্রেশন/ এসাইলাম সেন্টার:
গ্রিন কার্ড ও নাগরিকত্ব

অর্ধ শতাধিক ATTORNEY এবং
CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫,৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

নিউইয়র্কের বাজেটের প্রাথমিক রূপরেখা ঘোষণা

উত্তর আমেরিকা ডেস্ক

নিউইয়র্ক রাজ্যের আগামী ২০২৫ অর্থ বছরের জন্য ২৩৭ বিলিয়ন ডলারের প্রাথমিক বাজেট কাঠামো ঘোষণা করেছেন গভর্নর ক্যাথি হোচুল। এই বাজেটে রাজ্যের আবাসন, অভিবাসী, অবৈধ গাঁজার দোকান, শিক্ষা, জননিরাপত্তা এবং বিচার ব্যবস্থার ওপর জোর দেওয়া হয়েছে।

১৫ এপ্রিল সোমবার আলবেনিতে ডেমোক্র্যাটিক আইন প্রণেতাদের মধ্যে তুমুল আলোচনার পর এই বাজেট কাঠামো ঘোষণা করা হয়। যা গত ১ এপ্রিল উপস্থাপন করা হয়েছিলো। এই বাজেট জানুয়ারিতে আইনসভা অধিবেশনের শুরুতে গভর্নর প্রস্তাবিত ২৩৩ বিলিয়ন ডলার থেকে বেশি।

হোচুল বলেন, এটি বাজেটের একটি প্রাথমিক ধারণা। আমাদের এই বাজেটের চূড়ান্ত পর্যায়ে পৌঁছাতে আরও একটু সময় লাগবে। তবে ঘোষিত এই কাঠামোর বাইরে কিছু ঘটার সম্ভাবনা কম বলেও ইঙ্গিত করেছেন তিনি। আমাদের প্রত্যেকেই দৃঢ় বিশ্বাসের সাথে টেবিলে এসেছিলাম। আমরা আলোচনার মাধ্যমে রাষ্ট্রের স্বার্থে অনেক বিষয়ে একমত পোষণ করেছি। তবে আইনপ্রণেতারা বলছেন, 'তারা এখনও সবকিছু সম্পন্ন করেননি'।

কুইন্স ডেমোক্র্যাট সেন. মাইকেল জিয়ানারিস বলেন, গভর্নর বলেছেন 'এটি বাজেটের প্রাথমিক কাঠামো'। এর অর্থ যাই হোক না কেন, আমরা কাছাকাছি আছি। আমরা আশাবাদী শীঘ্রই এটি শেষ করতে পারবো। আমরা প্রায় ৯৫ ভাগ কাজ সম্পন্ন করেছি বাকি ৫ শতাংশ নিয়ে এখনও আলোচনা চলছে।

আবাসন খাতে থাকছে বড় 'চমক'

সম্প্রতি চরম সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে নিউইয়র্কের আবাসন খাত। অতিরিক্ত অভিবাসী ও গৃহহীনের কারণে এই সংকট তীব্র আকার ধারণ করেছে। এর জন্য কম সমালোচিতও হতে হয়নি কর্তৃপক্ষকে। আর এই সংকট থেকে উত্তোরণের জন্য প্রণোদনা, ভাড়াটে সুরক্ষা আইনসহ বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত হয়েছে নতুন বাজেটে। গভর্নর হোচুল বলেছেন, 'এই বাজেটে তিন প্রজন্মের মধ্যে সবচেয়ে ব্যাপক আবাসন নীতি অন্তর্ভুক্ত করা হবে'।

আবাসন খাত সমৃদ্ধ করতে রাজ্যব্যাপী উদ্যোগের মধ্যে রয়েছে— আবাসন নির্মাণের জন্য নতুন কর প্রণোদনা; দলিল চুরির বিরুদ্ধে সুরক্ষা এবং রাষ্ট্রীয় মালিকানাধীন সম্পত্তিতে ১৫ হাজার নতুন আবাসন ইউনিট তৈরির জন্য ৫শ মিলিয়ন ডলার প্রদান।

গভর্নর বলেন, নিউইয়র্ক সিটি নতুন করে আবাসন তৈরির জন্য স্থানীয় নিয়ন্ত্রণ পাবে এবং ৪২১-এ ট্যাক্স অ্যাবাটমেন্ট প্রোগ্রামটি ৬ বছরের জন্য বাড়ানো হবে। অব্যবহৃত অফিস স্থানকে সাশ্রয়ী মূল্যের আবাসনে রূপান্তর করা সহজ করে তোলা হবে; ২০১৯ সাল থেকে খালি থাকা ইউনিটগুলোর সম্ভাব্যতা যাচাই করা হবে এবং ভাড়া বৃদ্ধি থেকে রক্ষা করার জন্য একটি নতুন আইন প্রতিষ্ঠা করা হবে।

এদিকে এত এত উদ্যেগের পরেও সন্তুষ্ট নন সিটির ভাড়াটে এবং রিয়েল এস্টেট প্রতিষ্ঠানগুলো। নিউইয়র্কের রিয়েল এস্টেট বোর্ডের প্রেসিডেন্ট জেমস হুইলান বলেন, আমরা নিশ্চিত এই প্যাকেজটি শহরের আবাসন চাহিদা পূরণে ব্যার্থ হবে এবং আগামী বছরগুলোতে ভাড়া হাউজিং বাজারকে একটি দৃঢ় ভিত্তিতে পুনঃমূল্যায়ন করতে হবে।

টেন্যান্ট অ্যাডভোকেসি গ্রুপ হাউজিং জাস্টিস ফর অল-এর ডিরেক্টর সিইএ ওয়েভার আবাসন চুক্তিকে 'জাল' বলে অভিহিত করেছেন। তিনি বলেন, আবাসন চুক্তির এই ছলনা আবাসনে আরও সাশ্রয়ী করতে এবং নিউইয়র্ক বাসীদের তাদের বাড়িতে রাখার জন্য একেবারে কিছুই করবে না। এটি রিয়েল এস্টেট শিল্পের জন্য একটি বিশাল উপহার ছাড়া আর কিছুই নয়। পুরাতন অফিস স্পেসকে হাউজিং এবং বেসমেন্ট অ্যাপার্টমেন্টের জন্য একটি পাইলট প্রোগ্রাম পরিণত করার দিকে অর্থ নষ্ট হবে বলে মনে করছেন তিনি।

জননিরাপত্তা

আবাসনের পাশাপাশি জনসাধারণের নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বাজেট প্রণয়নে বাড়তি নজর দিয়েছে রাজ্য প্রশাসন। বাজেটে অপরাধের সংখ্যার সম্প্রসারণ অন্তর্ভুক্ত রয়েছে। যেখানে নতুন কিছু অপরাধকে ঘৃণামূলক অপরাধ হিসাবে অভিযুক্ত করা যেতে পারে। এছাড়া কমিউনিটি সুরক্ষায় ধর্মীয় বিদ্যালয়, প্রতিষ্ঠান এবং অন্যান্য স্থানে ৩৫ মিলিয়ন বিনিয়োগ ধরা হয়।

আগামী বাজেটে রাজ্যের নিম্ন কিংবা অস্থায়ী শ্রমিকদের সুরক্ষায় নজর দেওয়া হয়েছে। শ্রমিকদের উপর হামলাকারী অপরাধীদের শাস্তি বাড়ানোর সিদ্ধান্তে একমত হয়েছেন আইনপ্রণেতারা।

মদ পান করে মারামারি, তিন তরুণী আটক

ঢাকা অফিস

রাজধানীর গুলশান-২ নম্বরের ক্যাফে সেলেব্রিটা বারের সামনে এক তরুণীকে মদ্যপ অবস্থায় কয়েকজন তরুণীর মারধরের ঘটনায় তিনজনকে আটক করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি)। ডিবি বলেছে, লাইসেন্স না থাকলেও তাঁরা অতিরিক্ত মদ পান করে বেসামাল হয়ে মারামারিতে জড়িয়েছেন। তাঁদের কাছে মদ বিক্রি করায় সেলেব্রিটা বারের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

ভুক্তভোগী তরুণী গতকাল বুধবার ডিবিতে অভিযোগ করার পর আটক তিন তরুণী হলেন শারমিন আক্তার মিম (২৪), ফাহিমা ইসলাম তুরিন (২৬) ও নুসরাত আফরিন।

মিন্টো রোডে ডিবি কার্যালয়ে সাংবাদিকদের এসব কথা বলেন ডিএমপির অতিরিক্ত কমিশনার (গোয়েন্দা) মোহাম্মদ হারুন অর রশীদ। তিনি বলেন, লাইসেন্সধারীদের মদ পানে বাধা নেই। কিন্তু পয়লা বৈশাখ রাতে অভিজাত এলাকা গুলশানে ওই তরুণীরা মদ পান করলেও তাঁদের কারও এ জন্য লাইসেন্স ছিল না। লাইসেন্সবিহীন কারও কাছে বার কর্তৃপক্ষ মদ বিক্রি করতে পারে না। হারুন অর রশীদ বলেন, ভুক্তভোগী ও অভিযুক্ত সবাই মাতাল ছিলেন।

ভুক্তভোগী রিতা আক্তার সুস্মি বলেন, তিনি খাবার খেতে ওই রেস্তোরাঁয় যান। একপর্যায়ে ওয়াশরুমে গিয়ে দেখেন, চার মেয়ে একসঙ্গে ওয়াশরুমে ঢুকেছেন। বিষয়টি তিনি রেস্তোরাঁর ম্যানেজারকে জানালে ওই মেয়েদের বের করে দেওয়া হয়। পরে তিনি রেস্তোরাঁ থেকে বের হলে তাঁরা হামলা চালান। তিনি বলেন, তাঁকে চড়থাপ্পড় না দিয়ে রাস্তার মধ্যে কাপড় খুলে ফেলেছেন, মারধর করেছেন। কোনো মীমাংসা নয়, তিনি সঠিক বিচার চান।

রেস্তোরাঁয় 'মদ না পেয়ে' পুলিশ কর্মকর্তার তাণ্ডব

বান্দরবান

ঢাকা অফিস

বান্দরবান শহরের একটি রেস্তোরাঁয় খাবারের সঙ্গে মদ চেয়েছিলেন কুমিল্লার অতিরিক্ত পুলিশ সুপার (এএসপি) মংনেথোয়াই ও তাঁর স্ত্রী। কিন্তু তা না পেয়ে রেস্তোরাঁর কয়েকজনকে মারধরের পাশাপাশি সেখানে ভাঙচুর চালান তাঁরা। গতকাল মঙ্গলবার রাতে শহরের মধ্যমপাড়া এলাকার তোহজাহ রেস্তোরাঁয় এ ঘটনা ঘটে। এতে রেস্তোরাঁ মালিকের স্ত্রী ও শিশুসহ পাঁচজন আহত হয়েছে।

এদিকে এ ঘটনায় বুধবার সকালে দুই পক্ষকে নিয়ে বসে সমাধানের চেষ্টা করা হয়। এ বিষয়ে বান্দরবানের অতিরিক্ত পুলিশ সুপার রায়হান কাজেমী দাবি করেন, গতকালের অনাকাঙ্ক্ষিত ঘটনাটি আজ পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যানের কক্ষে দুই পক্ষকে নিয়ে বসে সমাধান করা হয়েছে।

তবে তাঁর এই দাবি অস্বীকার করেন রেস্তোরাঁর মালিকের ভাই জসাই। তিনি বলেন, 'পার্বত্য জেলা পরিষদে আধা ঘণ্টা বৈঠক হয়েছে। বৈঠকে তারা সমাধানের জন্য চাপ দিয়েছে। কিন্তু কোনো সমাধান হয়নি।'

অভিযোগ সূত্রে জানা গেছে, মঙ্গলবার ছিল বর্ষবরণ উৎসব সাংগ্রাইয়ের দ্বিতীয় দিন। কুমিল্লার এএসপি মংনিথোয়াই তাঁর স্ত্রী ও কয়েকজন সঙ্গীকে নিয়ে তোহজাহ রেস্তোরাঁয় ঢুকে ভাতের সঙ্গে মদ দিতে বলেন। রেস্তোরাঁর মালিক শোঁয়েসাই মং তাঁদের মদ দিতে অপারগতা প্রকাশ করেন। তাতে চটে যান এএসপি ও তাঁর স্ত্রী।

এ সময় এএসপির স্ত্রী বলেন, 'আমি এএসপির বউ। মদ এখনই দিতে হবে। না হলে দোকান বন্ধ করে দিব'—এই কথা বলার পর তাঁরা হইচই শুরু করেন। একপর্যায়ে তাঁরা রেস্তোরাঁর মালিক ও তাঁর স্ত্রীকে মারধর শুরু করেন। এ সময় রেস্তোরাঁর মালিকের স্ত্রীর কোলে থাকা বাচ্চা মাটিতে পড়ে গিয়ে আহত হয়। মারধর থামাতে গিয়ে বেশ কয়েকজন জখম হন। স্থানীয়রা তাঁদের উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করে। পরে পুলিশ গিয়ে রেস্তোরাঁ বন্ধ করে দেয়।

এ ঘটনায় আহত ব্যক্তিরা হলেন রেস্তোরাঁর মালিক শোঁয়েসাই মং (৩২), তাঁর স্ত্রী উম্যাশৈ (২৫), তাঁদের দুই বছরের সন্তান উখ্যাই, ভাই খিংসাই মং (৩৬) ও মা পাইনুচিং (৬৫)।

বান্দরবান সদর হাসপাতালের চিকিৎসক দিদার বলেন, 'আহতদের শরীরে দাঁতের কামড়ের দাগ রয়েছে। তা ছাড়া হাত-মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। আমরা তাঁদের চিকিৎসা দিচ্ছি।'

এ ব্যাপারে রেস্তোরাঁর মালিকের ভাই জসাই বলেন, 'মদ না দেওয়ার কারণে তারা আমাদের রেস্টুরেন্টে ভাঙচুরের পাশাপাশি মারধর করেছে। এই অভিযোগ নিয়ে থানায় গেলে পুলিশ মীমাংসা করতে বলছে।'

এদিকে এ ঘটনা ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বান্দরবানে আলোচনার ঝড় ওঠে। অনেকে এটাকে একজন পুলিশ কর্মকর্তার ক্ষমতার অপব্যবহার আখ্যা দিয়ে এর দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।

অভিযুক্ত কুমিল্লার এএসপি মংনিথোয়াই মার্মাকে একাধিকবার ফোন করা হলেও তিনি ফোন ধরেননি। এ বিষয়ে কুমিল্লার পুলিশ সুপার আব্দুল মান্নান ফোনে বলেন, 'আমি বিষয়টি আপনার কাছ থেকে শুনেছি। দেখি খোঁজখবর নিচ্ছি। তারপর বলতে পারব।'

প্রসঙ্গত, কুমিল্লার এএসপি মংনিথোয়াইয়ের বাড়ি বান্দরবান শহরে। নববর্ষের ছুটিতে কুমিল্লা থেকে তিনি বাড়ি আসেন।

উইলেটস পয়েন্টসে ২,৫০০টি সাশ্রয়ী মূল্যের

শেষ পৃষ্ঠার পর

বর্গক্ষেত্র ফুটের উন্মুক্ত পাবলিক স্পেস, রিটেইল স্থান, একটি হোটেল এবং শহরের প্রথমবারের মতো ফুটবল-স্টেডিয়াম হবে যা নিউ ইয়র্ক সিটি ফুটবল ক্লাব দ্বারা ব্যক্তিগতভাবে অর্থায়ন করা হবে। ২০২২ সালের নভেম্বরে, অ্যাডামস্ প্রশাসন এই পাড়ার ঐতিহাসিক রূপান্তরের ঘোষণা করেছিলেন।

সোমবার ১৫ এপ্রিল, কমিউনিটি অপ:এড-এ সিটি মেয়র এরিক অ্যাডামস্ বলেন, 'উন্নয়নের ফেজ-টু, অনুমোদনের জন্য সিটি কাউন্সিলের ভোটে আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য বিজয়ের দিকে উল্লেখযোগ্য অগ্রগতি করেছি। উইলেটস পয়েন্ট প্রজেক্ট আমাদের শহরের ভবিষ্যতকে প্রতিনিধিত্ব করে, যেখানে প্রতিটি নিউ ইয়র্কবাসী একটি উচ্চ-মানের স্কুলের কাছাকাছি নিরাপদ অ্যাপার্টমেন্ট, ভাল বেতনের কর্মসংস্থান, খোলা স্থান এবং চমৎকার পাবলিক ট্রান্সপোর্টেশনের সাথে বসবাস করতে সক্ষম হবে।'

দায়িত্ব নেওয়ার পর থেকেই অ্যাডামস্ শহরের জননিরাপত্তা রক্ষা, অর্থনীতির পুনর্গঠন এবং নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নত করতে নিরলস কাজ করে যাচ্ছেন। করোনাভাইরাস মহামারী সময়কালে হারানো ৯লাখ ৪৬ হাজার বেসরকারি খাতের চাকরি পুনরুদ্ধার করা হয়েছে। গত বছরের মতো এ বছরও শহর জুড়ে সামগ্রিক অপরাধ কমেছে এবং ৮.৩ মিলিয়ন নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করতে এখনো কাজ করে যাচ্ছেন অ্যাডামস্ প্রশাসন।

গৃহহীনতার প্রান্তে বেড়ে ওঠা মেয়র এরিক অ্যাডামস্ এক সময় ভাইবোনের সাথে ট্র্যাশ ব্যাগে জামাকাপড় ভর্তি করে স্কুলে যেতেন। কারণ তিনি জানতেন না পরের রাতে তারা কোথায় ঘুমাবন। সেই বাস্তব অনুভূতি থেকেই তিনি মনে করেন, কোনো শিশুরই এমন অনুভূতি হওয়া উচিত নয়। তিনি মনে করেন, আজকের বিষয়ে চিন্তিত হলে আমরা কখনোই ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে পারবো না।

উইলেটস পয়েন্টস এ-নির্ধারিত সময়ের এক বছর আগেই প্রথম পর্যায়ের আবাসন নির্মাণের কাজ শুরু হয়েছে। ২০২৬ সালের শেষ নাগাদ ৮৮০টি সাশ্রয়ী মূল্যের বাড়ি সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে। পরবর্তী ধাপে ১,৪০০টি বাড়ি অন্তর্ভুক্ত করা হবে, যার মধ্যে ২২০টি নিম্ন আয়ের বয়স্কদের জন্য রাখা হবে। নতুন বাড়িগুলোতে ইন-বিল্ডিং লন্ড্রি, বাইক স্টোরেজ, ল্যান্ডস্কেপ করা ভিতরের উঠান থাকবে। সাথে LEED গোল্ড সার্টিফিকেশন সহ ইলেকট্রিক লোকাল ল' ৯৭-এর সম্মতি থাকবে। অ্যাডামস্ বলেন, 'আমরা আশা করছি উইলেটস পয়েন্ট $৬.১ বিলিয়ন অর্থনৈতিক প্রভাব তৈরি করবে কারণ এটি ১,৫৫০টি স্থায়ী চাকরি এবং ১৪,২০০টি নির্মাণ কাজের সৃষ্টি করবে।'

অ্যাডামস্ বলেন, 'নতুন সকার স্টেডিয়াম হবে মেজর লীগ সকারের প্রথম সম্পূর্ণ বৈদ্যুতিক স্টেডিয়াম এবং নিউ ইয়র্ক সিটির প্রথম সম্পূর্ণ বৈদ্যুতিক পেশাদার ক্রীড়া স্টেডিয়াম। ২০২৭ এর মধ্যে এটি মেজর লীগ সকারের অনুরাগীদের অভ্যর্থনা জানাতে প্রস্তুত হবে বলে আশা করছি।'

তিনি বলেন, 'কাউন্সিল সদস্য ফ্রান্সিসকো মোয়া, স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস, কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস, নিউইয়র্ক সিটি ফুটবল ক্লাব, কুইন্স ডেভেলপমেন্ট গ্রুপ এবং সমস্ত কঠোর পরিশ্রমী ইয়র্কারদের ছাড়া এসব সম্ভব হতো না।'

এটি নিউ ইয়র্ক মেটস সিটি ফিল্ড এবং ইউ.এস. টেনিস অ্যাসোসিয়েশনের বিলি জিন কিং ন্যাশনাল টেনিস সেন্টার সহ উইলেটস পয়েন্টকে শহরের প্রধান স্পোর্টস হাব করে তোলে, যা মেটস-উইলেটস পয়েন্ট সাবওয়ে এবং লং আইল্যান্ডের রেল রোড স্টেশনের কাছে অবস্থিত।

অ্যাডামস্ বলেন, 'আমাদের শহরে আবাসন এবং ক্রয়ক্ষমতার সংকট মোকাবেলার জন্য আমাদের চলমান প্রচেষ্টা, বিশেষ করে 'সিটি অফ ইয়েস ফর হাউজিং অপর্চুনিটি' উদ্যোগ প্রতিটি সম্প্রদায়কে আরও কিছুটা আবাসন প্রদানের জন্য, এই প্রকল্পটিও সাহায্য করবে। উপরন্তু, এটি আমাদের আগামী দশ বছরে ৫ লাখ সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণের লক্ষ্য অর্জনে সহায়তা করবে।

আমেরিকান স্বপ্ন বাস্তবায়নের জন্য সাশ্রয়ী মূল্যের নিরাপদ আবাসন অপরিহার্য। আমরা উইলেটস পয়েন্টের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের জন্য সেই লক্ষ্যটির কাছাকাছি চলে যাচ্ছি।'

বিএনপির বিলম্বিত সিদ্ধান্তে

শেষ পৃষ্ঠার পর

নির্বাচন সুষ্ঠু ও অবাধ হতে পারে না। সুতরাং এই উপজেলা নির্বাচনে দলীয়ভাবে অংশগ্রহণের কোনো সুযোগ নাই।'

এদিকে উপজেলা নির্বাচনে যাওয়া না যাওয়া নিয়ে শুরু থেকে দলের অভ্যন্তরে মতানৈক্য ছিল। তৃণমূলের নেতাদের মধ্যে এই নির্বাচন নিয়ে আগ্রহ থাকলেও কেন্দ্র চুপ থেকেছে। এই অবস্থায় কেন্দ্র থেকে এ বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণার অপেক্ষা না করে প্রথম ধাপের নির্বাচনে অংশ নিতে এরই মধ্যে বিএনপির অন্তত অর্ধশত নেতা মনোনয়নপত্র দাখিল করেছেন।

এখন মনোনয়নপত্র দাখিলের শেষ দিন পার হওয়ার পরে দলের পক্ষ থেকে ভোট বর্জনের আনুষ্ঠানিক ঘোষণা এল। এই অবস্থায় বিএনপির যাঁরা মনোনয়নপত্র দাখিল করেছেন, তাঁদের ব্যাপারে কী সিদ্ধান্ত নেওয়া হবে, তা নিয়ে প্রশ্ন উঠেছে। শুধু তা-ই নয়, বিলম্বিত এই ঘোষণা নিয়ে দলের অভ্যন্তরেই উঠেছে প্রশ্ন। মনোনয়নপত্র দাখিলকারীদের অনেকে এ নিয়ে ক্ষোভ প্রকাশ করছেন। অনেকের মনোভাব এমন যে প্রয়োজনে দলীয় সিদ্ধান্তের বাইরে গিয়েও নির্বাচনে অংশ নেবেন।

উপজেলা নির্বাচন নিয়ে দেরিতে সিদ্ধান্ত আসা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন বিএনপির অনেক নেতা। কেন্দ্রের এমন ভূমিকাকে 'খামখেয়ালিপনা' উল্লেখ করে এই নেতারা বলছেন, উপজেলা নির্বাচনে অংশ নিতে অনেকে প্রস্তুতি নিয়েছিলেন আগে থেকে। দল এ ব্যাপারে কিছু না বলায় তাঁরা ধরেই নিয়েছিলেন, এবার হয়তো দল এ ব্যাপারে নমনীয় থাকবে। অনেকে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্রস্তুতিও নিয়ে ফেলেছেন। শেষ সময়ে এসে দলের এমন সিদ্ধান্ত ভালো হলো না।

পঞ্চগড়ের আটোয়ারী উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী উপজেলা বিএনপির সদস্য মো. শাহাজাহান বলেন, 'দল কী করবে না করবে জানি না। বিএনপির বাইরে নির্বাচন করব। বিএনপি কী দেয় না দেয়, ওটা ওদের ব্যাপার। ১০ বছর ধরে ভাইস চেয়ারম্যান আছি, আমি নির্বাচন করব।'

এ বিষয়ে জানতে চাইলে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেন, 'আমাদের এখনো জানা নেই, কারা কারা মনোনয়নপত্র জমা দিয়েছেন। তাঁদের সঙ্গে আমরা আলাপ করব। এরপর বিষয়টা দেখব।'

এদিকে বিএনপির যাঁরা মনোনয়নপত্র দাখিল করেছেন, তাঁদের তালিকা করা হচ্ছে জানিয়ে দলটির সাংগঠনিক সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেন, যাঁরা মনোনয়নপত্র জমা দিয়েছেন, তাঁদের তালিকা তৈরি করা হচ্ছে। তাঁদের সঙ্গে যোগাযোগ করে মনোনয়নপত্র প্রত্যাহার করতে বলা হবে। প্রিন্স বলেন, এখনো সময় আছে। মনোনয়নপত্র প্রত্যাহারের সময় তো শেষ হয়ে যায়নি। এরপরেও কেউ দলের সিদ্ধান্ত না মেনে মনোনয়নপত্র প্রত্যাহার না করলে তাঁদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

নিজেকে ভালো ভাবুন

শেষ পৃষ্ঠার পর

ভাজা যোগ করে পান্তা ইলিশের পরিবর্তে পান্তাপিয়া নামে নতুন মেনু তৈরি করল। উদ্দেশ্য একটাই- নির্বিচারে ইলিশ নিধন বন্ধ করে ইলিশের জোয়ার সৃষ্টি করা। আমরা সেইদিন বলেছিলাম শুধু পহেলা বৈশাখে ইলিশ খাওয়া বন্ধ করলে পাঁচ বছরে ইলিশের আকার বড় হবে ওজন বাড়বে সংখ্যা বাড়বে স্বাদ বাড়বে। আস্তে আস্তে সচেতন বিশিষ্টজনরা ও মিডিয়া বৈশাখে ইলিশ বর্জনের গুরুত্ব অনুভব করলেন। তারা এই ব্যাপারে সোচ্চার হতে শুরু করলেন। ২০১৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার পহেলা বৈশাখের মেনু থেকে ইলিশ বাদ দিলেন। ২০১৭ সালে তিনি শুধু নিজে নন, সরকারি পর্যায়ে বৈশাখে ইলিশ বর্জনের নির্দেশ দিলেন। পান্তা-ইলিশ আস্তে আস্তে তার জৌলুশ হারিয়ে ফেলল। এক সর্বনাশা রাহুগ্রাস থেকে ইলিশ মাছ মুক্তি লাভ করল। বাংলাদেশের জিডিপিতে ইলিশের অবদান এখন এক শতাংশ। দেশের মোট মৎস্য উৎপাদনে ইলিশের অবদান ১২ শতাংশ।

তাই আসুন, এবার বৈশাখে আমাদের দেশ নিয়ে ইতিবাচক ভাবনার সামাজিকায়ন ঘটাই। আমাদের দেশ এখন লক্ষ-কোটিপতির দেশ। আমাদের সম্পদের কোনো অভাব নাই অভাব শুধু ভালো মানুষের। আসুন, আমরা আমাদের ভাবনাকে বড় করি। সবাই মিলে এই শুভক্ষণে একসাথে ভাবি, ভালো মানুষ ভালো দেশ, স্বর্গ ভূমি বাংলাদেশ।দেশকে দেশের মানুষকে দেশের সমাজকে কোন মানবিকতায় কোন উচ্চতায় কোন দক্ষতায় কোন প্রাচুর্যে আমরা নিতে চাই সেই ইতিবাচক ভাবনাকে জোরদার করি। সেই ইতিবাচক ভাবনার মধ্যে আমরা ডুবে যাই। আমরা পৃথিবীর নেতৃত্বস্থানীয় জাতি হিসেবে নিজেদের ভাবি। দেশ নিয়ে আমরা বড় কিছু ভাবি, ভালো ভাবি ইতিবাচক ভাবি। আমাদের দেশ ইনশাআল্লাহ স্বর্গভূমিতেই রূপান্তরিত হবে। সবসময় ভালো ভাবুন। ভালোর সাথে থাকুন। এই প্রত্যাশা রেখে তিনি আলোচনা সমাপ্ত করেন।

আলোচনা শেষে শুরু হয় মনোমুগ্ধকর সংস্কৃতিক অনুষ্ঠান। পরিবেশন করা হয় গান, কবিতা ও হাসি-আনন্দের গল্প। অংশগ্রহণকারীরাও শেয়ার করেন তাদের নিজেদের ভাবনা ও আনন্দের অনুভূতি গুলি। এই প্রাণবন্ত এবং আনন্দময় অনুষ্ঠানটি অনলাইনে লাইভ স্ট্রিমিং এর মাধ্যমে সরাসরি উপভোগ করেন আমেরিকার বিভিন্ন স্টেট ও কানাডার বিভিন্ন প্রভিন্স এ বসবাসকারী বাংলাদেশীরা । আর কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি, ইউএসএ-এর জ্যামাইকা অফিসে হলভর্তি মানুষের সমাবেশ হয়। সবশেষে, ভাত, নানা রকম ভর্তা, পিঠা, পায়েস এবং সেমাই দিয়ে সবাইকে আপ্যায়নের মাধ্যমে এই আনন্দময় আয়োজনের সমাপ্তি হয়।

কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি ইউএসএ প্রতি রবিবার আয়োজন করে উন্মুক্ত প্রোগ্রাম 'সাদাকায়ন' সুখী ও প্রাণ-প্রাচুর্যে ভরপুর সুস্থ মানুষের সবটুকু প্রয়োজন পূরণের প্রক্রিয়াই রয়েছে কোয়ান্টামে। এখানে রয়েছে মনোযোগ, সচেতনতা, সাফল্য, সুস্বাস্থ্য, ও প্রশান্তি বাড়ানোর বৈজ্ঞানিক প্রক্রিয়া - মেডিটেশন। আরো রয়েছে অসুস্থ ও সমস্যা পীড়িতদের জন্যে হিলিং এবং ফ্রি কাউন্সিলিংয়ের ব্যবস্থা। কোয়ান্টামই আধুনিক মানুষের জীবনযাপনের বিজ্ঞান যা উপহার দিয়েছে টোটাল ফিটনেস। নিয়মিত মেডিটেশন করুন, আসুন কোয়ান্টামের সকল উন্মুক্ত প্রোগ্রামে। স্থানঃ কোয়ান্টাম লার্নিং সেন্টার হল ৮৬-৪৭ ১৬৪ স্ট্রিট, জ্যামাইকা, নিউইয়র্ক (ফোন: ৫১৬ ৭৬১ ১৬১৪)। ফাউন্ডেশনের শাখা কার্যক্রম রয়েছে আপনারই অপেক্ষায়!

sunman express
global money transfer

টাকা পাঠানো
এখন আরো
সহজ

DOWNLOAD
MOBILE APP

SUNMAN EXPRESS
MOBILE APP

sunmanexpress.com
718-505-2224

Agrani Bank Limited | IFIC Bank Limited | BRAC Bank Limited | JAMUNA BANK | Pubali Bank Limited | উপায়
DHAKA BANK LIMITED EXCELLENCE IN BANKING | aibl | Southeast Bank Limited | SIBL Social Islami Bank Limited | United Commercial Bank Limited UCB | bKash

GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী

হোম কেয়ার
HHA/PCA & CDPAP SERVICE

যারা হোম কেয়ার সার্ভিস পাচ্ছেন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে
প্রতিমাসে ৮০০ ডলার পেতে পারেন
আজই যোগাযোগ করুন

প্রশিক্ষণ ছাড়াই
ঘরে বসে আপনজনকে
সেবা দিয়ে অর্থ
উপার্জন করুন

ফ্রি আনলিমিটেড ইন্টারনেটসহ
স্যামসাম গ্যালাক্সী ট্যাব
সম্পূর্ণ ফ্রি

সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
CALL: (718) 775-7852
SHAH NAWAZ MBA
President & CEO
Cell: 646-591-8396
Email: info@goldenagehomecare.com

Jackson Hts Office
71-24 35th Avenue
Jackson Hts, NY 11372
Ph: 718-775-7852
Fax: 917-396-4115

Bronx Office
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

Yonkers Office
558 E Kimball Ave
Yonkers, NY 10704
Ph: 718-844-6092
Fax: 917-396-4115

Jamaica Ave. Office
180-15 Jamaica Ave
Jamaica, NY 11432
Ph: 718-785-6883
Fax: 917-396-4115

www.goldenagehomecare.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

এটিএম, ফোন কার্ড এবং
মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন
প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২

উৎসর্গ
হুমায়ূন আহমেদ
কথাসাহিত্যিক ও নির্মাতা
সৈয়দ মোহাম্মদ আসলাম তালুকদার (মান্না)
চিত্রনায়ক ও প্রযোজক
MASTER
COMMUNICATIONS
PRESENTS
A
MOHAMMAD
MOSTAFA
KAMAL
RAZ
FILM
USA DISTRIBUTION
BIOSKOPE FILMS LLC
3টি
OMAR
নিউ ইয়র্ক শুভমুক্তি শুক্রবার ২৬ শে এপ্রিল
JAMAICA MULTIPLEX CINEMAS
QUEENS, NEW YORK
SHOWTIMES
FRIDAY, APRIL 26TH @ 12:40 PM, 3:45 PM, 7:00 PM & 10:05 PM
SATURDAY, APRIL 27TH @ 12:40 PM, 3:45 PM, 7:00 PM & 10:05 PM
SUNDAY, APRIL 28TH @ 12:40 PM, 3:45 PM & 7:00 PM
MONDAY, APRIL 29TH @ 3:45 PM & 7:00 PM
TUESDAY, APRIL 30TH @ 1:00 PM, 4:15 PM & 7:30 PM
TICKETS ON THEATER WEBSITE AND BOX OFFICE

অটিজম সচেতনতা দিবস সংখ্যা

অটিজম, যাকে অনেক অভিভাবকরা 'নিউরোডাইভার্জেন্ট' বলতে স্বাচ্ছন্দ্যবোধ করেন, মূলত একটি উন্নয়নমূলক, স্নায়বিক অবস্থা বা অক্ষমতা। একটি নিউরোডাইভার্জেন্ট শিশু বা ব্যক্তি কীভাবে যোগাযোগ রক্ষা করে, শেখে এবং বিশ্বের সাথে সম্পর্ক তৈরি করে, তার উপর প্রভাব ফেলে অটিজম। ব্যক্তি কীভাবে শারীরিক নড়াচড়া করে, শব্দ করে এবং দর্শনের মতো সংবেদনশীল তথ্য প্রক্রিয়াগুলোর উপরও এটি প্রভাব ফেলতে পারে। অটিজম সম্পর্কে সচেতনতা একটি উন্নত শুরু, তবে এর চেয়েও অটিজমের গ্রহণযোগ্যতা বেশি গুরুত্বপূর্ণ। কেননা, সচেতনতা আমাদের একটি শর্ত হিসাবে অটিজম সম্পর্কে বলে, আর গ্রহণযোগ্যতা প্রকৃত সঙ্কটপূর্ণ শিশু বা ব্যক্তির, বাস্তব জীবনযাপনের উপর আলোকপাত করে। অটিজম নিয়ে বাস করা শিশু বা ব্যক্তিকে তাদের মতো করে গ্রহণ করে, তাদের শক্তি, প্রতিভা এবং সমাজে তাদের অবদান উদযাপন করতে, আমরা সহানুভূতি এবং বোঝার একটি উন্মুক্ত দরজা খুলে দিতে পারি। সেই সাথে অটিজম সচেতনতার এ মাসে শ্রদ্ধা জ্ঞাপন করছি সেই মা-বাবাদের যারা তাদের বিশেষ চাহিদা সম্পন্ন সন্তানটির যত্ন নিতে গিয়ে সময়, শ্রম, ধৈর্য ও সমঝোতায় জীবনকে রঙ্গিন করতে প্রতিটা মুহূর্ত লড়ে যান। **এইচ বি রিতা**

মাকে হতে হবে সন্তানের কণ্ঠস্বর

মনিজা রহমান

এরপর কি? পথের শেষ কোথায়? একটা কাজ শেষ হলে শুরু হয় আরেকটা কাজের চিন্তা! একজন স্পেশাল নিডস্ মা আসলে কী কোনো বিশ্রাম পায়! ঘুমের মধ্যেও মাথার মধ্যে একটা যন্ত্র বসানো থাকে তার! তাকে যেভাবে হোক সব দায়িত্ব সময় মতো পালন করতে হবে।

নিউইয়র্ক সিটিতে আসার পরে প্রথম কয়েক বছর খুব কঠিন সময় গিয়েছে। আমার অটিস্টিক সন্তান সৃজন তখন খুব ছোট ও চঞ্চল। বাসায় সাহায্য করার জন্য তখনও হোম এইড পাইনি। বড় ছেলে মননকেও স্কুলে আনা নেয়া করতে হতো। সৃজনের তখন প্রচন্ড কাগজ ছেড়ার নেশা ছিল। সেই সঙ্গে ছোটাছুটি। খাওয়ানো ছিল বিরাট কঠিন কাজ।

নতুন শহরে আসার পরে ঢাকা থেকে ঘনিষ্ঠ এক আপা বলেছিলেন, 'এখানে বাসায় তেমন কোনো কাজ থাকে না। আমি তো দিনে মাত্র দুই ঘন্টা কাজ করি। বাকী সময় শুয়ে বসে কাটাই কিংবা বাইরে ঘুরতে যাই।' ওনাকে বলেছিলাম একবার আমার বাসায় এসে দেখে যেতে! আমাদের মতো মায়েদের কোন ঘন্টার হিসেব থাকে না।

দিনভর সব কাজের মধ্যে মাথার মধ্যে টিকটিক করে বাজতে থাকে সৃজনের ভাবনা। খুব ভোরে ঘুম ভেঙ্গে দিন শুরু হয় সৃজনের নাস্তা বানানো দিয়ে। নাস্তা, দুপুরের খাবার, স্নাকস, তারপর পোষাক পরিয়ে স্কুল বাসে তুলে দেয়া। নিজের কাজের জায়গায় যেতে স্কুল টিচারের কাছে সৃজনের সর্বশেষ আপডেট দেয়া। কারণ ও তো কিছু বলতে পারে না! ও তো বোঝাতে পারে না, কেমন বোধ করে ও! মা তো ওর দ্বিতীয় সত্তা। ওর কণ্ঠস্বর।

লাঞ্চ বিরতিতে সৃজনের কোনো প্রয়োজনীয় ইমেইলের উত্তর দেই। বিকেলে কোন থেরাপিস্ট, জিম কোচ নাকি পিয়ানো কোচ আসবে তার সময়ের হিসাব মেলাই। সৃজন ইদানিং প্রায়ই দিনই রেগে যায়। বাসায় কারো কাছে ওকে রেখে আসার সাহস পাই না। তারপর সন্ধ্যায় টয়লেট করার পরে পরিস্কার করার কাজটাও মা ছাড়া যে কেউ করতে পারে না বা করতে চায়ও না!

মহাশ্বেতা দেবী একবার বলেছিলেন, 'আমাকে কেউ কোন পুরস্কার দিতে চাইলে বলি- ওই পুরস্কারটা কোন স্পেশাল নিডস সন্তানের মাকে যেন দেয়া হয়।' মহান মানুষ বলে উনি বুঝতে পেরেছিলেন একজন অটিস্টিক সন্তানের মায়ের মর্মবেদনা।

অটিজম সচেতনতা

রুপা খানম

আমি কোনো ডাক্তার না। আমি একজন স্পেশাল সন্তানের মা। অভিজ্ঞতার আলেকে মনে করি, অটিজম সম্পর্কে ঘর, বাহির, সমাজ বাবা মা সকলের সমানভাবে সচেতন হওয়া দরকার। প্রত্যেক শিশু জন্মগত অধিকার আর ক্ষমতা নিয়ে এ পৃথিবীতে আসে। কিন্তু অটিস্টিক শিশুরা অনেক ক্ষেত্রে নিজেরা কিছু করতে পারে না, নিজে নিজে তাদের বুদ্ধির বিকাশ ঘটে না। তাদের সাহায্য দরকার হয়।

একটি অটিস্টিক শিশু একার সমস্যা নয় এটি একটি পারিবারিক এবং সামাজিক সমস্যা। সবাই মিলেই যার যার অবস্থান থেকে শিশুটিকে সাহায্য করতে হবে। তাকে সনাক্ত করতে হবে আগে। তাকে বুদ্ধি প্রতিবন্ধ বলে অবহেলা নয় ভালবেসেই উন্নতি করতে হবে।

কিভাবে বোঝা যায় শিশুটি অটিস্টিক?একটি অটিস্টিক শিশু শারীরিক ভাবে বড় হলেও মানসিকভাবে বড় হতে বাধাগ্রস্ত হয়। শিশুকাল থেকেই তাদের আচরণ একটু লক্ষ্য করলে বোঝা যায় একজন স্বাভাবিক শিশু থেকে সে একটু আলাদা।সারাক্ষণ রকিং করে, বসতে চায় না। ঘুমায় কম। চিবিয়ে খায় না, হাত ফ্লিপ করে। খেলনা দিয়ে সঠিক ভাবে খেলে না। ছোট একটি অযাচিত জিনিস নিয়ে ঘন্টার পর ঘন্টা খেলা করে। অযথা কান্না করা। কেউ তার সামনে খেলনা বা খাবার নিয়ে এলে উৎফুল্লতা দেখা যায় না। কোনো শব্দ, আলো, খাবার, ঘ্রাণ, ছোঁয়া-এই পাঁচ ইন্দ্রিয় খুব স্পর্শকাতর থাকে।

প্রথমে জানতে হবে অটিজম কি। অটিজম বিভিন্ন লক্ষণ বুঝে একটি অবস্থা সনাক্ত করা। এটি কোন রোগ না। তাদের ক্ষেত্রে ব্রেনের নিউরোগুলি স্বাভাবিক শিশুদের থেকে আলাদাভাবে কাজ করে। তবে, নিউরোনগুলি কেন আলাদা, এখনও তা অজানা। অটিস্টিক একটি শিশু স্বাভাবিক ভাবে সামাজিকতা বুঝে না। কথার উত্তর দিতে অপারগ থাকে। ওদের নিজেস্ব একটি জগৎ থাকে যেখানে সচেতনতা আর জ্ঞানের মাধ্যমে সে বৃত্ত বা জগৎ থেকে তাদের বের করে আনতে হবে। ভাষার বিকাশ হয় না, বুদ্ধির বিকাশ সেখানেও তাদের সমস্যা হয়। তাদের উপযোগী শিক্ষাব্যবস্থা দিতে হবে।একটি শিশু ঠিক বয়সে ঠিক কাজ করছে কিনা সেক্ষেত্রে বাবা মায়ের সচেতনতা সব চেয়ে গুরুত্বপূর্ণ। জন্মের পর প্রতিটি শিশুকে নিয়মিত ডাক্তারের কাছে নিয়ে বয়স অনুযায়ী স্বভাবিক ভাবে বেড়ে উঠছে কিনা সেই সচেতনত অবশ্যই দরকার। সমস্যা বুঝে ইভালিউশন করে শিশুটিকে নির্ধারণ করতে হবে তার মধ্যে অটিজম আছে কি নাই। সেক্ষেত্রে পরিবার সমাজ সকলের সচেতনতা অবশ্যই দরকার। অটিজম এমন একটি স্নায়ুবিক সমস্যা যা কোনদিন ভাল হয় না। তবে যত্নের সাথে উন্নতি হতে পারে। থেরাপি দিয়ে এদের উন্নতি করা যায়। বাচ্চাটি যদি সঠিক থেরাপি না পায়, বাবা মায়েদের কোর্টে হেয়ারিং করে সেই সব থেরাপি নিতে হবে। প্রতিবছর দেখতে হবে কিসে বেশি উন্নতি দরকার, সেই হিসাবে থেরাপির ঘন্টা বাড়াতে আবার হেয়ারিং 'আইপি' মিটিং করতে হবে। স্কুল বিভাগীয় অফিসে গিয়ে মিটিং এর ব্যবস্থা করতে হবে।

এখনও অনেক অসচেতন বাবা-মা বা প্রতিবেশী

একটি অটিস্টিক শিশু একার সমস্যা নয় এটি একটি পারিবারিক এবং সামাজিক সমস্যা। সবাই মিলেই যার যার অবস্থান থেকে শিশুটিকে সাহায্য করতে হবে। তাকে সনাক্ত করতে হবে আগে। তাকে বুদ্ধি প্রতিবন্ধ বলে অবহেলা নয় ভালবেসেই উন্নতি করতে হবে।

আত্মীয় স্বজন আছে যারা অটিজম শিশুকে জিনে ধরেছে বা কালা যাদু করেছে, পাপের ফল অথবা মায়ের দোষ এসব মনে করে। মনে করে পাগল, তাকে দিয়ে কিছু আর হবে না। তাকে ঘরের বাহির কম নেয়া হয় যাতে লোকেরা না দেখে। দেখলে সেটা লজ্জা বা পরিবারে অন্য ছেলে মেয়েদের বিয়ে দিতে কষ্ট হবে এ সন্তানের জন্য। অনেক সময় এইসব সন্তানদের বাবা-মা'কে বিভিন্ন দাওয়াত থেকে বঞ্চিত করা হয়। এসব কিছুই আমাদের সচেতনতার অভাবে ঘটে।

একমাত্র সচেতনতাই পারে একটি অটিস্টিক শিশুর মানসিক উন্নতি করতে। সমাজে তাদের সভ্য জাতি হিসাবে গড়ে তুলতে। আর সেই সাথে বাবা-মা সহোদর, সমাজ সকলের কাছ থেকে সাহায্য সহযোগিতা পেলে সেই শিশুই তার কাজের দক্ষতার বিকাশ ঘটাতে পারে সব ক্ষেত্রে।

বাবা মা-বিশেষ চাহিদা সম্পন্ন বাচ্চার মহা ঔষধ

শায়লা আজিম

বিশেষ চাহিদা সম্পন্ন বাচ্চারা তীব্র সংবেদনশীল হয়। কখনো তারা সবকিছু প্রকাশ করতে পারে না, বলতে পারে না। তাই বেশি সংবেদনশীল হয়ে উঠে যা অনেক বাবা মা বুঝতে পারেন না। কঠিন অনুশীলন এবং যত্ন একটি বিশেষ চাহিদা সম্পন্ন বাচ্চাকে অনেকটাই স্বস্তি এবং আত্মনিভরশীল করে গড়ে তুলতে পারে।অবশ্যই নির্ভর করবে বাঁচ্চার শারীরিক অবস্থার উপর। বাবা মা তার সন্তানের পরিস্থিতি জানার পরে অব্যশই বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী সাধারণ জীবনযাপনে অভ্যস্ত হতে হবে এবং যে কোন পরিস্থিতি মোকাবেলা করার জন্য প্রস্তুত থাকবে হবে। মানসিক প্রেসারে নিজেদের অসুস্থ না করে বরং বাস্তবতাকে মেনে নিয়ে বাচ্চার প্রতি বিশেষ খেয়াল রাখতে হবে।

আমার নিজের জীবনের বাস্তব অভিজ্ঞতা থেকে যদি বলি, আমি আমার জীবনের বেশ কিছু বছর সব কিছু থেকে নিজেকে গুটিয়ে এনে আমার বিশেষ চাহিদা সম্পন্ন বাচ্চাটির জীবনযাপনে প্রতি পদে পদে অনুসরণ করেছি, যা হয়তো অনেক মায়ের পক্ষে সম্ভব হবে না। ফলে কি হয়েছে? মানসিক সমস্যা সংক্রান্ত যত ধরনের ঔষধ বিশেষজ্ঞের পরামর্শে আমার ছেলেকে দেয়া হয়েছে, সেসব প্রতিটি ঔষধের খুঁটিনাটি বিষয়গুলো সব সময় জানতে চেষ্টা করেছি এবং এগুলো ব্যবহার করার পর ছেলের ব্যবহার, রিয়েকশন সব কিছু খুব কাছে থেকে মনিটর করতে পেরেছি।

সুতরাং একজন বাবা মায়ের অনেক অনেক বিষয়ে অত্যন্ত শান্ত ভাবে খেয়াল রাখতে হবে। মনে রাখবেন, একজন সচেতন বাবা মা-ই হচ্ছেন বিশেষ চাহিদা সম্পন্ন বাচ্চার মহা ঔষধ। সেই সাথে অটিজম নিয়ে কমিউনিটির সচেতনতা বৃদ্ধি আরো গুরুত্বপূর্ণ একটি ব্যাপার। কমিউনিটি যখন এ বিষয়টি সম্পর্কে সচেতন হবে তখন বিশেষ চাহিদা সম্পন্ন বাচ্চাদের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম আরো উন্মুক্ত হবে, প্রসারিত হবে।

অটিস্টিক শিশুও হতে পারে স্বাভাবিক জীবনের অধিকারী

ফারজানা ইয়াসমিন

অটিজম মস্তিষ্কের বিকাশ জনিত একটি সমস্যা। যার ফলে শিশু স্বাভাবিক ভাবে সামাজিক যোগাযোগ করতে পারে না।অটিজম পুরোপুরি ভালো হয় না।এটার আচরণগত সমস্যাগুলো সারাজীবন থেকে যায়। তবে যদি দ্রুত শিশুর আচরণের সমস্যাগুলো সনাক্ত করা যায় এবং সঠিক চিকিৎসার করা হয় তবে অটিস্টিক শিশুর উন্নতি সম্ভব। তারাও অন্য শিশুদের মতোই এগিয়ে যেতে পারে স্বাভাবিক জীবন নিয়ে। তবে ডাক্তারের মতে পাঁচ বছরের পরে বাচ্চাদের পরিবর্তন আনা খুব কঠিন।

বাংলাদেশের প্রেক্ষাপটে দ্রুত অটিজম সনাক্ত করা সম্ভব হলেও সামাজিক সচেতন না থাকায় অটিস্টিক শিশুরা স্বাভাবিক জীবন পাচ্ছে না।কারণ তাদের জন্য স্কুলের বা খেলাধুলার তেমন কোনো ব্যবস্থা নেই। থাকলেও তা ব্যয়বহুল। অটিজম কোনো রোগ না। তবুও সচেতনতা ও মানবতার অভাবে অনেকেই এমন শিশুদের থেকে দূরে থাকেন।তাদের আচরণে বিরক্ত হন।অথচ এই শিশুদের সাথে যদি অন্য শিশুরা খেলাধুলা করে এবং অন্যরা তাদের স্বাভাবিকভাবে গ্রহণ করে, তাহলে তারাও সামজিক সম্পর্ক তৈরি করতে পারবে।

অটিস্টিক শিশুরাও অন্য শিশুদের মতোই নানান কাজে পারদর্শী হয়।তাদের মধ্যেও অনেক বিষয়ে আগ্রহ থাকে।যা তাকে স্বাভাবিক জীবনে নিয়ে যেতে পারে। তাদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটাতে হবে। কিন্তু আমাদের দেশে অটিজম নিয়ে সচেতনতা খুব কম থাকায় আমরা অনেকেই হাল ছেড়ে দেই।শারীরিক প্রতিবন্ধীদের মেনে নিলেও অটিজমকে আমার এখনো মানতে পারি না।

অথচ সঠিক ব্যবস্থা নিলে এবং পারিবারিক ভাবে শিশুর দেখাশোনা করলে অধিকাংশ অটিজমের আচরণগত সমস্যা দূর করা সম্ভব। বর্তমানে অটিজম সমস্যা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। তাই দ্রুত সচেতনতা বৃদ্ধি করা দরকার। না হলে এই সমস্যা আরও ভয়াবহ রূপ নিতে পারে।

অটিজম-অভিশাপ নয়

কুলসুম আক্তার সুমী

একবিংশ শতাব্দিতে এসে আধুনিক বিজ্ঞান পৃথিবীর অনেক রহস্যের কারণ উন্মোচন করেছে। তবে কিছু কিছু খুব চেনা পরিচিত রহস্য রয়েছে এখনো অনাবিষ্কৃত। তেমনই এক রহস্যের নাম 'অটিজম।' কেন এটি হয় কিংবা কিভাবে এর চিকিৎসা করা যায়, আধুনিক বিজ্ঞান এ প্রশ্নের এখনো কোনো সদুত্তর দিতে পারেনি।

১৯৪৩ সালে মেরিল্যান্ডের বাল্টিমোরে অবস্থিত জন হপকিন্স হাসাপাতালের মনঃচিকিৎসক ডঃ লিও ক্যানার ১১টি মানসিক সমস্যাগ্রস্ত শিশুর আক্রমণাত্মক ব্যবহারের সামঞ্জস্যতা লক্ষ্য করে এ বিষয়ে একটি প্রতিবেদন তৈরি করেন এবং এ ধরনের সমস্যার নাম দেন-early infantile autism। সেই থেকে 'অটিজম' নামে এই সমস্যাটি চিহ্নিত হলেও এর বিষয়ে সাধারণের আজো কোন স্বাভাবিক বা যৌক্তিক ধারণা নেই। পৃথিবীর উন্নততর দেশে অবস্থান করা অনেকেও এটাকে মানসিক বিকৃতি বলে মনে করে অথচ অটিজম মোটেই সে রকম কিছু নয়।

আসলে অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার একটি স্নায়ুবিকাশজনিত সমস্যা। এ সমস্যার প্রধান বৈশিষ্ট্য হচ্ছে সামাজিক যোগাযোগ স্থাপন করতে না পারা, আশপাশের মানুষজনের সঙ্গে ভাবের আদান-প্রদানে সমস্যা এবং একই ধরনের আচরণের পুনরাবৃত্তি করা। অটিজম রয়েছে এমন শিশুদের ভাষা শিখতে সমস্যা হয়, শব্দ বা স্পর্শের প্রতি অতিসংবেদনশীলতা কিংবা সংবেদনহীনতা থাকতে পারে। আবার কখনো কখনো আচরণের সমস্যাও থাকে। অনেকে নাম ধরে ডাকলে সাড়া দেয় না, চোখে চোখ রেখে তাকায় না; কারও কারও অটিজমের সঙ্গে এডিএইচডি (অতিচঞ্চলতা ও অমনোযোগিতা) বা খিঁচুনি থাকতে পারে।

কারো কারো ক্ষেত্রে দু' একটি বৈশিষ্ট্য থাকতে পারে কারো ক্ষেত্রে একই সাথে অনেকগুলো বিষয়ও পরিলক্ষিত হতে পারে। তবে, স্বতঃসিদ্ধ ভাবে কোন কোন বৈশিষ্ট থাকবে তা বলা সম্ভব নয় কারণ অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন প্রতিটি শিশুই ভিন্ন। ফলে তাদের পরিচালনা, শিক্ষা কিংবা দেখভাল করার ক্ষেত্রে ভিন্ন ভিন্ন পদ্ধতি ব্যবহার করতে হয়।

একজন অটিস্টিক শিশুর যত্ন ও পরিচর্যা সহজ বিষয় নয়। এক্ষেত্রে সমাজের দৃষ্টিভঙ্গি সেই শিশুর পরিবারটিকে আরো বেশি ক্ষতবিক্ষত করে। আমি নিজে একজন অটিস্টিক সন্তানের মা। প্রাথমিক অনেক ধাক্কা কাটিয়ে এবং এ বিষয়ে পড়াশুনা করে একটা বিষয় নিশ্চিত জেনেছি — 'There's no one cause of autism' — অর্থাৎ অটিজম কারো কারণে হয় না। তার মানে হলো আপনার যদি একজন অটিস্টিক শিশু থাকে তার জন্য মা বাবা হিসেবে আপনি কোনভাবেই দায়ী নন। এটা যে কারোই হতে পারে।

যা হোক, এ ধরনের শিশুদের সামাজিক অবস্থা খুবই নাজুক। এখনো এদেরকে পাগল, মানসিক রোগী

কিংবা অস্পৃশ্য ভেবে দূরে রাখতেই অভ্যস্ত আমাদের সমাজ। অনেক সময় বাবা মা ও সেই সামাজিক চাপ সহ্য করতে না পেরে এদের সাথে অমানবিক আচরণ করে ফেলে। কিন্তু পারিবারিক বা সামাজিক ভাবে এদেরকে গ্রহণযোগ্য করে তুলতে বাবা-মাকেই সক্রিয় ভূমিকা নিতে হবে। এক্ষেত্রে সন্তানের এ অবস্থার জন্য নিজেকে দায়ী ভাবা থেকে বেরিয়ে এসে বরং সৃষ্টিকর্তা প্রদত্ত আমানত ভাবতে পারলে তবেই তা সম্ভব। অনেক বাবা-মা হীনমন্যতা বোধ থেকে পারিবারিক বা সামাজিক অনুষ্ঠান বর্জন করেন। এসব বঞ্চনার জন্য আবার সেই সন্তানটিকেই দায়ী করেন। নিজেদেরকেই এই হীনমন্যতা থেকে বেরিয়ে আসতে হবে।

অটিজম: অকার্যকর ছয়টি প্যারেন্টিং শৈলী

এইচ বি রিতা

অটিস্টিক বা বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর যত্নে সব বাবা-মায়েরাই সংবেদনশীল। অনেকের ক্ষেত্রে সহমর্মিতা ও আবেগ একটু বেশিই কাজ করে। আমরা মনে করি, বাচ্চাটি বলতে পারছে না, বুঝাতে পারছে না, শারীরিক নড়াচড়ায় নিজে কিছু করতে পারছে না, কাজেই তার বাড়তি সাহায্য দরকার। আর তখন সাহায্য করতে আমরা শারীরিক ও মানসিকভাবে বাচ্চাটির সাথে জড়িয়ে পড়ি। তবে, কখনো কখনো তাদের সহায়ক হতে গিয়ে আমরা এমন কিছু করি যা মূলত তাদেরকে সহায়তা করার পরিবর্তে নিজ প্রচেষ্টাকে একটা সীমানায় আটকে দেয়। আর এক্ষেত্রেই আমাদেরকে প্যারেন্টিং শৈলী পরিবর্তন করার কথা ভাবতে হয়।

আজ আমরা ছয়টি প্যারেন্টিং শৈলী সম্পর্কে জানবো যা অটিজম নিয়ে বাস করা একটি শিশুর লালন-পালনে সহায়ক নয়, এবং কেন সহায়ক নয় তাও জানবো। তবে, মনে রাখতে হবে যে, প্রতিটা শিশু তার নিজ গতিতে বেড়ে উঠে।

হেলিকপ্টার প্যারেন্টিং

শব্দটি এমন পিতামাতাদের বোঝাতে ব্যবহৃত হয় যারা তাদের সন্তানদের জীবনে এবং নিয়ন্ত্রণের উচ্চ স্তরে জড়িত থাকেন। 'হেলিকপ্টার' শব্দগুচ্ছটি এই ধারণা থেকে এসেছে যে, কিছু বাবা-মা তাদের সন্তানদের উপর হেলিকপ্টারের মতো ঘোরাফেরা করেন। দৈনন্দিন সকল কাজ থেকে শুরু করে স্কুলের কাজ, পাঠ্য বহির্ভূত ক্রিয়াকলাপ-সামাজিকীকরণ সবকিছুতেই এই প্যারেন্টিং এ থাকা বাবা মা খুব বেশি জড়িত হোন। কোনো সঙ্কট বা অসুবিধা দেখা দিলে তারা সন্তানকে রক্ষা করতে ঝাঁপিয়ে পড়েন। হেলিকপ্টার পিতামাতার লক্ষ্য তাদের সন্তানের জীবনে সফল হওয়ার জন্য তারা যা কিছু করতে পারে, তার সবটুকু করা ও সুযোগ তৈরি করে দেয়া। এটি মূলত অত্যধিক নিয়ন্ত্রণের সাথে জড়িত। অবশ্যই বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বাড়তি মনোযোগ দরকার আছে, বিশেষ করে অটিস্টিক শিশুদের পিতামাতারা হেলিকপ্টার প্যারেন্টিং প্রবণতা রাখেন কারণ তারা উদ্বিগ্ন থাকেন যে, তাদের শিশুটি এমন কোনো সমস্যায় পড়তে পারে যেগুলি তারা নিজেরা সমাধান করতে পারবে না। তবে এই প্যারেন্টিং বাচ্চাদের স্বাধীনতা এবং আত্ম-সংকল্প অর্জন করা বিশেষত কঠিন করে তোলে। নিউ হ্যাম্পশায়ারের কিইন স্টেট কলেজের মনোবিজ্ঞানী নীল মন্টগোমেরি দ্বারা পরিচালিত ২০১০ সালের গবেষণা অনুসারে, যে বাবা-মায়েরা তাদের সন্তানদের প্রতি অত্যধিক প্রতিরক্ষামূলক, তারা তাদের সন্তানদের মানসিক কার্যকারিতা, সিদ্ধান্ত গ্রহণ, ব্যক্তিত্বের বিকাশ এবং বয়ঃসন্ধি বিলম্বিত করে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলতে পারে।

কোম্পিটিটিভ বা প্রতিযোগীতামূলক প্যারেন্টিং

এই অভিভাবকত্ব শিশুদের উপর প্রচণ্ড চাপ সৃষ্টি করে, কারণ বাচ্চাদের জন্য অন্তর্নিহিত বার্তাটি হল: "আমি একজন ভাল অভিভাবক প্রমাণ করার জন্য তোমাকে এটা অর্জন করতেই হবে।" কোনো কিছু সন্তানের কাঁধে চাপানো ভয়ানক বোঝা।অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডারে আক্রান্ত একটি শিশুকে বড় করা অনেক চ্যালেঞ্জের ব্যাপার। কারণ আপনার শিশু প্রায়শই তাদের নিউরোটাইপিকাল সহকর্মীদের মতো যোগাযোগ, খেলা বা আচরণ করতে পারে না। কখনও কখনও, এই আচরণগুলি আপনাকে বিভ্রান্ত করতে পারে।

তবে, প্রতিযোগীতামূলক অভিভাবকত্ব আপনাকে এবং আপনার সন্তান উভয়কেই নেতিবাচকভাবে প্রভাবিত করতে পারে-যখন আপনি অন্য পিতামাতার সাথে প্রতিদ্বন্দ্বিতা করছেন, তখন এটি আপনার মধ্যে এমন অনুভূতি তৈরি করবে যেখানে মনে হবে যে, আপনার সন্তান এবং আপনার অভিভাবকত্ব সমান নয়। আপনি যখন এইভাবে অনুভব করবেন, তখন এটি আপনার এবং আপনার সন্তানের স্ব-চিত্রকে প্রভাবিত করতে পারে। প্রতিযোগিতামূলক অভিভাবকত্ব প্রতিরোধে তাই বাবা মায়ের সচেতন হতে হবে।

হ্যান্ডস-অফ প্যারেন্টিং

কিছু বাবা-মা মনে করেন যে, তাদের সন্তানের কোনো কাজে হস্তক্ষেপ ছাড়াই তাদের নিজস্ব শখ এবং লক্ষ্যগুলি অনুসরণ করতে স্বাধীনতা দেয়া উচিত। কিছু নিউরোটাইপিক্যাল বাচ্চাদের জন্য যারা স্ব-প্রণোদিত, স্ব-নির্দেশিত এবং সামাজিকীকরণের জন্য প্রস্তুত, এটি দুর্দান্তভাবে কাজ করে। তবে, অটিজমে আক্রান্ত শিশুদের জন্য এটি খুব ভাল বিকল্প কিছু নয়। নিঃসন্দেহে সকল বিশেষ চাহিদার শিশুর জন্য অভিভাবকীয় মনোযোগ, সামঞ্জস্যপূর্ণ, লক্ষ্যযুক্ত পিতামাতার সম্পৃক্ততা প্রয়োজন। কারণ বেশিরভাগ সময় আপনাকে অটিস্টিক শিশুটিকে সক্রিয়ভাবে কাজ করতে, অন্যদের সাথে যোগাযোগ করতে, প্রশ্ন জিজ্ঞাসা করতে এবং তাদের পরিবেশ অন্বেষণ করতে সহায়তা করতে হয়। যখন এই অত্যাবশ্যক ক্ষমতাগুলি বিকাশের জন্য অটিস্টিক শিশুদের একা ছেড়ে দেওয়া হয়, তখন তারা আরও একান্ত এবং আত্ম-শোষিত হয়ে উঠতে পারে, সেইসাথে অন্যদের সাথে কম যোগাযোগ বা অনিচ্ছুক হতে পারে। উপরন্তু, তারা তাদের ক্ষমতা বিকাশ এবং তাদের সম্পূর্ণ সম্ভাবনা উপলব্ধি করার জন্য সব ধরনের সুযোগ নাও পেতে পারে।

পারফেকশনিষ্ট প্যারেন্টিং

এই প্যারেন্টিং একটি শিশুকে বিশ্বাস করায় যে, যদি সে সর্বোচ্চ মান অর্জন না করে তবে সে ব্যর্থ। নিখুঁত হওয়ার জন্য বাচ্চাদের উপর অত্যধিক চাপ দেয়া মূলত শিশুদের মনে ভুল বার্তা পাঠায়। এক্ষেত্রে একটি শিশু ভালো গ্রেড পেতে তার স্কুলের কাজে প্রতারণা করতে পারে। কারণ সে মনে করতে পারে আপনি সততার চাইতে কৃতিত্বকে মূল্য দিচ্ছেন।

যদিও অটিস্টিক শিশুদের অনেক দিকে প্রতিভা ও শক্তি থাকে, তবে সত্য হল যে তারা প্রায়শই নিউরোটাইপিকাল বিকাশের অনেক প্রত্যাশা পূরণ করতে লড়াই করে। তাদের মৌখিক ক্ষমতার দুর্বলতার কারণে চমৎকার মার্কস এবং ত্রুটিহীন ব্যাকরণ অর্জন করা তাদের পক্ষে অসম্ভব হতে পারে। খেলাধুলা তাদের জন্য বিশেষত কঠিন হতে পারে কারণ তারা শারীরিক সমন্বয়ের সাথে লড়াই করতে পারে।

অটিজমে আক্রান্ত শিশুদের জন্য প্রায়ই শৃঙ্খলা এবং নিয়ন্ত্রণের প্রয়োজন থাকে। তবে এক্ষেত্রে তারা মনে করতে পারে যে, বিশৃঙ্খলা এবং অনিশ্চয়তা এড়াতে তাদের নিখুঁতভাবে কাজ করতে হবে, যা তাদেরকে উদ্বেগের দিকে পরিচালিত করতে পারে।

পার্মেসিভ প্যারেন্টিং

এ প্যারেন্টিং এ বাবা-মা সন্তানের প্রতি উষ্ণ হোন। সাধারণত সন্তানের কাছে তাদের ন্যূনতম বা কোন প্রত্যাশাই থাকে না। তারা সন্তানদের উপর সীমিত নিয়ম আরোপ করেন এবং স্বাধীনতা দেন। বাবা-মা তাদের সন্তানদের নিজেদের জন্য জিনিসগুলি খুঁজে বের করতে দেন। কিন্তু মনে রাখতে হবে যে,

অটিস্টিক বাচ্চাদের জন্য স্কুলের কাজ সম্পন্ন করা কঠিন, এবং তাদের বিরতি দরকার। আপনি মনে করতে পারেন যে, শিশুটিকে নিজের বা পরিবারের কাজগুলি সম্পূর্ণ করতে বলা, নিজেকে শান্ত করতে বা আচরণ নিয়ন্ত্রণ করতে বলা অযৌক্তিক। যদি তাকে 'যা খুশি বা যা চাও তাই করো'-করতে দেয়া হয়, তবে এর দুর্ভাগ্যজনক ফলাফল শিশুকে এমন অভ্যাস এবং আচরণ শিখতে দিবে যা গুরুতর সমস্যা তৈরি করতে পারে। অটিজম কিছু জিনিসকে কঠিন করে তোলে, কিন্তু প্রায় প্রতিটি ক্ষেত্রেই অটিস্টিক শিশুরা অনেক কিছু করতে পারে যদি তাদের তা করতে বলা হয় এবং উৎসাহিত করা হয়। আপনি যদি অটিস্টিক শিশুকে নিয়মানুবর্তিতার প্রস্তাব না দেন, তবে আপনি তাদের পক্ষে বোঝা হবেন বা উচ্চ প্রত্যাশা অনুযায়ী বেঁচে থাকাকে আরও কঠিন করে তুলবেন। একটি শিশুর চ্যালেঞ্জ বোঝা ভিন্ন জিনিস; কিন্তু একটি শিশুকে অযোগ্য বলে ধরে নেওয়া আলাদা এবং ক্ষতিকারক কিছু।

দ্য ফ্রেনেটিক প্যারেন্টিং

এই ধরনের অভিভাবকত্বে বাবা মা সন্তানের প্রতিটা মুহূর্ত কাজে লাগিয়ে উপভোগ করতে চান। তারা তাদের বাচ্চাদের জন্য উপলব্ধ প্রতিটি ক্রিয়াকলাপে নথিভুক্ত করেন এবং তারা প্রত্যাশার বাইরে অর্জন দেখতে চান। আপনার অটিস্টিক শিশুটি হয়তো ছয়/সাত ঘন্টা স্কুল শেষ করে বাড়ি ফিরেছে, তারমধ্যে কয়েকটা আচরণগত থেরাপি, স্পিচ-অটি-পিটি থেরাপি ছিল। শিশুটি ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়ার সাথে সাথে, আপনি ইন্টারনেটে ঝাঁপিয়ে পড়লেন আরও একটি থেরাপিউটিক ক্লাস, প্রোগ্রাম বা কার্যকলাপ শিশুটির সময়সূচীতে যোগ করার জন্য। ফ্রেনেটিক প্যারেন্টিং আপনার সন্তানকে অতিমাত্রায় অভিভূত করতে পারে। স্কুল, থেরাপি এবং অন্যান্য ক্রিয়াকলাপগুলি আপনার অটিজম আক্রান্ত সন্তানকে শিখতে এবং বেড়ে উঠতে সাহায্য করার জন্য গুরুত্বপূর্ণ। তবে সময়সূচীতে খুব বেশি কার্যক্রম প্যাক করা মানে শিশুটিকে নতুন দক্ষতা অনুশীলন করতে এবং অন্যদের সাথে যোগাযোগ করার সময়কে বাধাগ্রস্ত করা।

এই প্যারেন্টিং পদ্ধতিটি নিউরোটাইপিকাল বাচ্চাদের জন্য সমস্যা না হলেও অটিজমে আক্রান্ত বাচ্চাদের জন্য কঠিন হতে পারে। অটিজমে আক্রান্ত শিশুদের প্রক্রিয়াকরণ, শেখার এবং এমনকি বিকাশের জন্য, খেলাধুলা ও বিশ্রামের জন্য সময় প্রয়োজন। তারা যা শিখেছে তা অনুশীলন করার জন্য তাদের রুম প্রয়োজন। একটি কঠোর সময়সূচী মেনে চলার মাধ্যমে এই শেখার প্রক্রিয়াটি অগ্রগামী করা অবশ্যই সম্ভব নয়। আপনি যখন ক্রিয়াকলাপগুলি নির্ধারণ করছেন, তখন শিশুটির জন্য বিশ্রাম ও বিরতির কিছু সময় আলাদা করতে ভুলবেন না।

অটিজমে থাকা শিশুদের প্রতিদিনের জীবনযাপনকে কিছুটা সহজ করতে সঠিক পদ্ধতি বেছে নেওয়া-আপনার শিশুকে এমনভাবে উৎসাহিত করতে পারে যা তাদের শক্তি এবং ক্ষমতা বিকাশে আরো সহায়তা করতে পারে। আপনার সন্তানকে নিজেকে আবিষ্কার করার চেষ্টা করতে সাহায্য করুন। সন্তানের দুর্বলতা এবং শক্তিগুলি বুঝে নিয়ে তা গ্রহণ করুন এবং তাদের নিজস্ব লক্ষ্য অর্জনের জন্য তাদের শক্তি ব্যবহার করতে সহায়তা করুন। আপনার সন্তানদের জন্য সবকিছু করা থেকে বিরত থাকুন, পরিবর্তে ধীরে ধীরে কীভাবে তারা নিজের কাজগুলি সম্পন্ন করতে পারে, তা শেখানোর জন্য পদক্ষেপ নিন। তাদের সম্মানজনক পদ্ধতিতে কথা ও আচরণ করতে শেখান, তাদের নিজস্ব সমস্যা সমাধানে উৎসাহিত করতে পাশে থাকুন। তাদের মনস্তত্ত্ব বুঝে প্রত্যাশা করুন। অন্যের সাথে তুলনা করা এড়িয়ে চলুন। আপনার অটিস্টিজমে আক্রান্ত সন্তানের জন্য সঠিক প্যারেন্টিং স্টাইল নির্বাচন করা মানে-তা উভয়ের জন্য সুবিধা প্রদান করবে।

সন্তানের জন্য উপযুক্ত প্যারেন্টিং কৌশল সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা দলের সাথে কথা বলতে পারেন।

অটিজম সম্পর্কে জানতে হবে

শামসুন ফৌজিয়া

অটিজম হচ্ছে শিশুর মস্তিস্কের বিকাশ জনিত সমস্যা।যাকে এএসডি বা অটিজম স্পেকট্রাম ডিসওর্ডার বলে।যে ত্রুটির কারণে জন্মের পর শিশুর স্বাভাবিক বিকাশ ঘটে না।এ ক্ষেত্রে শিশুর শারীরিক বৃদ্ধি হলেও মানসিক বিকাশ হয় না।শিশুর জন্মের তিনবছরের মধ্যে অটিজমের লক্ষণগুলো প্রকাশ পায়। এই শিশুরা জন্মের পর নির্দিষ্ট সময়ে হামাগুড়ি দেওয়া, হাঁটা বা কথা বলা এমনকি স্বাভাবিক খাবার গ্রহণ করে না।এদের দুর্বল আই কন্টাক্ট থাকে, চোখের দিকে তাকায় না,ঘাড় সোজা হতে দেরি হয়,শিশু খুব কান্না করে কিংবা যারা কথা বলতে পারে একই কথা রিপিট করে। এই শিশু হাত পা ছুঁড়বে, বেশি বেশি মাথা দুলাবে, রেসপোন্স করবে না। আরো অনেক লক্ষণ থাকতে পারে। অটিজম কেন হয় এর নির্দিষ্ট কোন কারণ এখনো আবিষ্কার হয়নি। এর প্রতিকারের জন্য কোন ঔষধও আবিষ্কার হয়নি। বিজ্ঞানীরা অটিজমের কারণ হিসাবে জিন ও পরিবেশগত সমস্যার কথা বলেছেন।

জন্মের পর শিশুর স্বাভাবিক বিকাশ না ঘটলে অর্থাৎ, যে বয়সে শিশুর ঘাড় শক্ত হবার কথা সেটা হচ্ছেনা,কথা বলার সময় শিশু চোখের দিকে তাকাচ্ছে না,অন্যমনস্ক থাকছে, সাড়া দিচ্ছে না, অতিরিক্ত কান্না করছে...ইত্যাদি লক্ষণগুলি চোখে পড়লে বুঝতে হবে শিশুটির কোন সমস্যা হচ্ছে এবং দ্রুত ডাক্তারের স্মরণাপন্ন হতে হবে। ডাক্তারের পরামর্শ নিলে পরবর্তীতে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে শিশুর মস্তিস্কের অসুবিধাগুলো ধরা পড়ে।

যাইহোক, উপরে যা লিখেছি সেগুলো আমি আগে জানতাম না। পরিস্থিতির প্রয়োজনে জেনেছি। অটিজম নিয়ে যদি ন্যূনতম ধারণা থাকে তাহলে এই পরিস্থিতিতে পড়লে সকল বাবা মায়ের জন্য বিষয়টি মানসিকভাবে গ্রহণ করতে সহজ হয়। অটিজম বা বিশেষ চাহিদা সম্পন্ন যে নামে সম্বোধন করি না কেন, এই শিশুরা আমাদেরই পরিবারের, সমাজের কারো না কারো সন্তান।পরিবারে একটি অটিজম শিশু থাকা মানে এই পরিবারের সবার, বিশেষ করে মা-বাবার বাড়তি কিছু দায়িত্ব পালন করা। ডাক্তারের চিকিৎসায় যখন শিশুটির অটিজম ধরা পড়ে তখন মা বাবার ওপর অতিরিক্ত মানসিক চাপ পড়তে শুরু করে। সেই সাথে জীবনের স্বাভাবিক গতি বদলে যায়। এই সময় পরিবারের অন্যদের সাপোর্ট খুবই জরুরি। পরিবারের লোকজনের সাপোর্ট থাকলে মা বাবার ওপর চাপ কিছু কমে যায় এবং শিশুর পরিচর্যা সহজ হয়।

প্রথমে যে বিষয়টি মাথায় রাখতে হবে তা হল অটিজম কখনো ভাল হয় না, থেরাপি, চিকিৎসা ও পরিচর্যার মাধ্যমে কিছুটা উন্নতি হয়। এই ধরণের শিশুকে বেশি করে যত্ন দিতে হয়। গল্প- ছড়া, মিউজিক বা খেলনা ও ডিভাইসের মাধ্যমে কথা বলাতে চেষ্টা করাতে হয়। উন্নত দেশের স্কুলগুলোতে স্পিচ, ওটি-পিটি থেরাপি সহ নানা সুযোগ থাকে। কিন্তু যতদূর জানি বাংলাদেশের সরকারী ভাবে এই সুযোগ বা কেনো স্কুল নেই। যা আছে তা ব্যয়বহুল যা প্রয়োগ করা সবার সাধ্যে নেই।

নব্বইয়ের দশকে বাংলাদেশে অটিজম নিয়ে তেমন সচেতনতা ছিল না। অটিজম শিশু ও ব্যক্তিকে পরিবার ও সমাজ সোজা বাংলায় 'পাগল' বলত। আমি নিজেই জানতাম না অটিজম কি ও কেন হয়? যখন জানতে পারলাম পুরোটাই বিস্ময় ছিল। ধীরে ধীরে মানসিকভাবে গ্রহণ করতে শিখেছি। অনেক পরিবার অটিস্টিক শিশুকে এখনো সহজে মেনে নিতে চান না, বরং বোঝা মনে করেন, অভিশাপ মনে করেন। সচেতনতার অভাবে অনেক পরিবার সন্তানের এমন সঙ্কটে ডাক্তারের বদলে কবিরাজের কাছে যান। অটিজম শিশুর জন্য মাকে দায়ী করা হয় বেশি। অথচ কেউ ভেবে দেখে না, সে মায়ের মানসিক অবস্থা। কতটা ত্যাগ, ধৈর্য, সময় নিয়ে একজন মা সেই সন্তানের পাশে থাকেন সারাক্ষণ, তা কেউ ভাবে না। বলা বাহুল্য একটি

অটিজম শিশুর জন্ম হওয়া মানে মা বাবার জীবন বদলে যাওয়া। বিশেষ করে একজন মায়ের এই শিশুর প্রতি দায়িত্ব পালন করতে গিয়ে স্বাভাবিক জীবন বদলে যায়। মা বাবা সন্তানের জন্য সময় ব্যয় করেন,তাদের কাছে দিন রাতের কোন ব্যবধান থাকে না, বিশেষ করে মাকে চব্বিশ ঘন্টাই ডিউটি পালন করতে হয়। মা যদি ওয়ার্কিং ওম্যান হন শিশুর পরিচর্যার পরে পরিবারের বাকি কাজগুলোও পালন করতে হয় যা খুবই কঠিন। অনেক সময় অটিজম শিশুর জন্য স্বামী স্ত্রীর মধ্যে বনিবনা হয় না, মন কষাকষি চলে। একে অপরকে দোষী করেন। এসবও মোকাবেলা করতে হয় অনেক পরিবারে। এই জায়গায় পরিবারের বাকি সদস্যদের সহযোগিতা খুব দরকার।

অটিজম শিশু পরিবারের জন্য বোঝা নয়। তারা অভিশাপ নয়। অটিজম শিশুরা খুব বুদ্ধিমান হয় এবং কোন না কোন বিষয়ে বিশেষ পারদর্শী হয়। মা বাবাকে শিশুর সেই গুণটি কি জানতে হবে এবং বিকাশে সহায়তা করতে হবে। আমাদের সমাজে সন্তান পালনে মায়েরা বেশি ভূমিকা রাখেন, পুরুষরা রোজগারে ব্যস্ত থাকেন। কিন্তু সকল সন্তানের প্রতি বাবা মা দু'জনেরই সমান দায়িত্ব রয়েছে। বিবাদে না গিয়ে দায়িত্বগুলো ভাগাভাগি করে নিলে, মায়ের উপর চাপও কম পড়ে, সেই সাথে বিশেষ চাহিদার সন্তানটি উপযুক্ত যত্নসেবা পেতে পারে।

এই শিশুরা খুবই সংবেদনশীল এবং আবেগী হয়। তাদের মনস্তত্ত্ব বুঝতে হবে। তাদেরকে কখনো অবহেলা করা যাবে না, আঘাত করা যাবে না। অটিজম শিশুর প্রতি সমাজে ও পরিবারে অনেক অবহেলা আছে। তবে মনে রাখতে হবে, প্রথমে মা বাবাকেই তাদের সন্তানকে গ্রহণ করতে হবে, সুরক্ষা দিতে হবে সে যেমনই হোক। তবেই আসবে সমাজ সচেতনতা।

বিশ্বের সকল অটিজম শিশুর প্রতি ভালোবাসা ও দোয়া রইল। সকল লড়াকু মায়েদের প্রতি শ্রদ্ধা রইল।

ক বি তা র এ ক পা তা ১

বাংলা কবিতা বহুবর্ণিল সাজে নিজেকে মেলে ধরেছে বিশ্বময়। আমাদের যত্নশীল প্রয়াস এই বৈচিত্র্যকে আপনাদের সামনে উপস্থাপন করা। বিষয়ের বৈচিত্র্য, চিন্তার সীমানা ভেদ, আঙ্গিক ও ভাষিক উপস্থাপন রীতির পরিবর্তনসমূহকে আমরা একত্রে এক জায়গায় মেলে ধরতে চাই। ১৪ এপ্রিল, পহেলা বৈশাখ। ১৪৩১ বঙ্গাব্দের উদ্বোধনী। এপ্রিল আমেরিকায় কবিতার মাস বলে অভিহিত। এই দুই মিলিয়ে এপ্রিল সংখ্যাকে দুই পাতার বিশেষ সংখ্যায় প্রকাশ করা হলো। আপনাদের সকলকে জানাই নববর্ষের শুভেচ্ছা! কবিতাগুলি পড়ার বিনীত আমন্ত্রণ! **ফারুক ফয়সল**

পাখিদের রোজনাচায় ঝরছে কৃষকের ঘাম

হেনরী স্বপন

ধানক্ষেত ফাঁকা ফেলে
গুনাইবিবির পালা
উঠে গেছে শিল্পকলা মঞ্চে;

ডিজিটাল সাউন্ড ঘরে ঘরে
প্রয়াতি হয়ে বেজে উঠছে
দুধ ধানের মোচায়-

মাঠের অঘ্রাণে মারণাস্ত্র
কারখানা গড়ে উঠছে
দুর্বৃত্তের ক্যাম্প...

পাখিদের রোজনাচায় ঝরছে কৃষকের ঘাম।

স্কুল ও স্টেশন

শিহাব শাহরিয়ার

বঙ্কিম স্যার ধূতির ঘিয়ে রঙে খুব জ্বলে উঠতেন
বলতেন, সবুজ রং বুঝতে হলে দুর্বা ঘাসে পা রাখবি
বলতেন, শিশিরের টুপটুপ সাদা রং তাও পাবি দুর্বাঘাসেই

বোকার মতো ট্রেনের দিকে তাকিয়ে থাকবি না
চোখ যাবে, সোহেলিরা ট্রেনে নান্দিনা থেকেই গেছে
বরং ব্রহ্মপুত্রের দিকে তাকা কৈশোরের কোকিল দেখবি
গণিতে ভালো কর, দেখবি যৌবন এসে দাড়াবে প্লাটফর্মে
তুইও সোহেলির মতো যেতে পারবি দুর্বা ও শিশির থেকে

বঙ্কিম স্যার চলে গেছেন, পাইলট স্কুলও প্লাটফর্ম শূন্য...

ক্ষতচিহ্ন

শিবলী মোকতাদির

বিতর্কিত পর্ব নিয়ে দ্বিধা-দ্বন্দ্ব-দোলাচলে থাকা ভালো।
যেমন বন মানেই বাঘিনী—
নির্মেদ গদ্যে, ভাষার অনুকরণীয় বিভঙ্গে
বর্ণাঢ্য ক্যানভাসে যতই মেলে ধরা হোক
বাঘের কাছে চিরকালই তা নৈতিক দ্বিচারিতার সাক্ষ্য বহন করে।

জঙ্গলে জরিপের দায়ে সাচ্চা পণ্ডিত, চিন্তক,
কাব্যপিপাসু ও রবীন্দ্রপ্রেমী কথা বলছেন—
মানবীয় রেখাচিত্র ধরে।

পাকেচক্রে জখমের প্রসঙ্গ উঠতেই
ব্যঙ্গবিদ্রূপের বারুদে ঠাসা কামানের মতো
ঝাঁকে ঝাঁকে হরিণ ছুটে গেল, এক্কেবারে দিল ঘেঁষে
সতর্কতার ছাপটি অনেক খুঁজেও মিললো না কোথাও

'ক্ষতচিহ্ন' এরপর একটি ড্যাশ দিয়ে বসে আছি
জঙ্গলে সূচিভেদ্য নিস্তব্ধতা, জলে গুপ্তচরের সহর্ষ করতালি!

শিমরাইল সিরিজ

খলিল মজিদ

চৌদ্দ বছরের জোছনা যখন না মরিয়া মা হয়েছে
নদীর চরায়, আর করুণ শিশুটি
ঘৃণাকেই জেনেছে তার প্রাথমিক পিতা
তখন শিমরাইল, হা শিমরাইল
বিল জুড়ে চিলের চিৎকার।
নদী দূষণের দায়ে সাজাপ্রাপ্ত বিনম্র চিতলের
গতিবিধি সীমাবদ্ধ করা হয়, অথচ বোয়ালেরা
অনায়াসে জলবায়ু পেরিয়ে যায়—
নগ্নদন্ত রাজ্য-অভিসারী।

তাদের অতিশয় অনুভূতি বিদ্ধ করে
তিতাসের আদি ইশতেহার। পাড় ভাঙে—
উন্মুক্ত বুকের অজুহাতে ভাঙা হয় নদীর পাঁজর;
জালে-ওঠা খলসের মতো শ্বাসরোধে
নিহত নদীরা নিমফাটা জলের কঙ্কাল।
তখন শিমরাইল, হা শিমরাইল
বিস্তারিত নদীর চরায় ভেসে ওঠে নিহত জোছনা।

চূড়ায় চুম্বনের গান

আলফ্রেড খোকন

পাহাড়ে যাচ্ছো যাও
মনে রেখ নামার সময়-
পাহাড়েরা দূরে দূরে ডাকে
তারা প্রপঞ্চময়;

যেতে যেতে যেতে
পাশের দু'জন বলবে এসো
চূড়ায় চুম্বনের গল্প শেষে
নেমে আসার পর
সে মনে রাখবে না আর;

ভিড়ের ভিতর
ঠেলাঠেলি করে
পাবলিক বাসে যাচ্ছি ঝুলে
তুমি তখন বেদনা পড়াচ্ছো
কোনো দিগন্তের স্কুলে।

সূর্যাস্ত

সেঁজুতি বড়ুয়া

সূর্যাস্তের আলোয় সমুদ্রকে খুঁজতে গিয়েছিলাম
কাছে গিয়ে দেখি— অতল সমুদ্রটা কোথাও নেই
উদ্ভিন্ন পালকে সেখানে দাঁড়িয়ে বননির্জন একলা ময়ূর
অথচ পাহাড়ি শূন্যতা থেকে নেমে আসা সহজ মানুষ আমি
কোনোদিন সন্ধ্যার পুনরুত্থানে সমুদ্র দেখিনি! অপেক্ষায় থাকি—
কখন দ্রুত ফুরিয়ে যাবার মতো ঝিরঝিরে বৃষ্টি নামবে
নিঃসঙ্গ ময়ূর, নিরাপদ আশ্রয়ে জঙ্গলে ঢুকে যাবে...

নিরুপায় সমুদ্রটা, ঝাউগাছের পাঁচিল টপকে সূর্যাস্তের গা ঘেঁষে দাঁড়াবে!

অপরিচয়ের অলক্ষ্য যাত্রা

ওবায়েদ আকাশ

একটি গাছের মতো আর একটি গাছ
একটি মাথার মতো আর একটি মাথা
-- এসব কেউ বিশ্বাস করে না

কারণ মানুষের মতো মানুষ হতে পারে না
তার কিছু শৈল্পিক সীমাবদ্ধতা থাকে
স্বয়ং ঈশ্বর যাকে ব্যক্তিগত সংগ্রহে রেখে
চারদিকে আলো জ্বালিয়ে দিয়েছেন

আমরা সেই আলোতে একবার মই চড়িয়েছি
ঝাঁপিয়ে পড়ে আপাদমস্তক নিজেকে সমর্পণ করেছি
ছুঁয়ে দেখতে গিয়ে হাত পুড়িয়েছি
তবু গাছের মতো গাছ সম্পর্কে কেউ বিভ্রান্ত করেনি।

একদিন গাছকে বলি: আমাতে শিকড় প্রোথিত করো, গাছ!
গাছ আমাকে মানুষের মতো মানুষ হতে বলে

আমরা কি মানুষ নই ঈশ্বর?
গাছ বলে, সত্যি, তুমি মানুষ ঠিক মানুষের মতো

এভাবে একদিন নদীর জলে স্নান করতে করতে বুঝি
নদীটা কী করে নদী হতে গিয়ে আত্মপরিচয় খুঁজে পেয়েছিল!

আমাদের আত্মপরিচয় থেকে ঠিকরে বেরুচ্ছে দ্যুতি
যার কিছুটা কাগজে পোস্টারে ব্যানারে
বাকিটুকু অপরিচয়ের অলক্ষ্য যাত্রায়!

রাগ-অনুরাগ

মোস্তাক আহমাদ দীন

আমি আজ ভেঙে ফেলি মাটির কলস
এ-জীবনে আমি আর যাব না সুরমায়।
অবিরাম বংশীধ্বনি শুনে
গৃহকাজে কোনোদিন ছিল কি রাধিকা?
জলের ছিলা করে কতদিন নেমে যায় পথে

আমার হৃদয় নাকি আউশের সুকোমল মাটি
এমন কথাটি বলে ঘর বাঁধে গোয়ালপাড়ায়।
ঝড়ের বেধারা বাওয়ে যেইদিন কেঁপেছে ঘরের
গোপন খুঁটিও,
দুচোখ খুলেও আমি এ-পাথারে কাউকে দেখি না

হৃদয়ে বেঁধেছে বাড়ি, তবু সেও যায় পরবাসে,
আমি আর খুঁজব না বঁধূয়ার সুদূর-বিদেশ



শ্বাসমূল জীবন

কুমার চক্রবর্তী

যা কিছুই পল্লবিত তাকে শূন্যে রেখে অস্তিত্বকে মাটির গভীরে পুঁতে দিই,
এভাবেই আকাশবোধ, মহাশূন্যতার খেলা চলে অহরহ, আমার জীবনে।
হাওয়াঘর আর দেহের দূরত্বে বাসা বাঁধে অজানা চড়ুই।
একদিন তারা উড়ে চলে যাবে জীবন পেরিয়ে কোনো নির্জন
মৃত্তিকার আশ্রয়ে যেখানে শ্বাসমূল আকাশের দিকে মুখ করে অবশেষে নিখিলকে ডেকে বলে: আয় আয় আয় ।

জীবন মাটির গান, সুরগুলো গুল্ম হয়ে, পাতা হয়ে,
মর্মরের দিকে উড়ে যায়।

ক বি তা র এ ক পা তা ২

রোদের পা

শামীম আজাদ

বিলেতের এই সর্ষেরঙা রোদটুকু যায় কোথায় বলুন দেখি!
পায়রা-পাহাড় আর আকাশের নোলকের নিচেই কি হায়
বার বার এইভাবে চাপা পড়ে যায়।
নাকি থিতু হয়ে বসবার জায়গাই পাচ্ছে না
হয়তো তাই শুধু দেখা যায় তার পা।
আমরাও তো ওঁকে দেখা মাত্রই
একবার সমুদ্র সৈকতে সীউইড
আরেকবার ব্রিকলেনে বৈশাখী মেলা হয়ে যাই
কিংবা ব্যাকইয়ার্ডে বার্বিকিউ করে চিকেন ঝলসাই।
রাঙারোদের আর দোষ কোথায় ভাই,
তাই তো সে সাইকেলেই মেরে দিচ্ছে
চানখারপুল থেকে লিভার পুল
কোনো লাইসেন্স ও হেলমেট ছাড়াই।

শুশ্রূষার রঙ

তমিজ উদ্‌দীন লোদী

ঝুল বারান্দায় বসে আছি
ল্যাভেন্ডার , পিয়নি ,ডেইজি ও অর্কিডের সমারোহে
চারপাশে শুশ্রূষার রঙ
অনতিদূরে আকাশ ছুঁবে বলে দাঁড়িয়ে আছে ওক , বার্চ ও সাঈপ্রেস
অতলান্তিক আর ইষ্ট রিভার থেকে উঠে আসছে হাওয়া
ঠাণ্ডা , ভেজা

চোখ জুড়িয়ে দিচ্ছে সারসার টিউলিপ ও ক্রিসেন্থিমাম
লনের সবুজ ঘাসগুলো যেন দৃষ্টির আরাম

যদিও কোথাও মাটি ভেদ করে উঠে আসছে স্থাপত্যের কান্না
স্কাইস্ক্র্যাপারের হাঁটুর নিচে কাঁপছে তৃতীয় বিশ্বের ঠোঁট
কালো ক্রীতদাসের রক্তে বোনা নগর-ইতিহাসের ভ্রূণ

কৌণিক রৌদ্রের মধ্যে দাঁড়িয়ে দেখছি দেয়ালে দেয়ালে
লেপটে আছে স্বপ্নবিষাদ , রক্তমাখা প্যাস্টেল
দীর্ঘ পথ পেরোনো কবিতা- শিল্পের খেরোখাতা।

সেন্ট লরেন্স নদী

রাকীব হাসান

এই যে নদী, পাশে তার পালিত বাড়ি –
এই আমার মন-বাদনের ঘরে,
নৌকার শরীর নিয়ে বাস করে একটি পাখি
তার গলুইয়ে প্রমোদে ঘুমাই কাদা মাখা বৈঠা কোলে।

নদীর জল-স্রোত-ঢেউ গাছের শিকড়ে রঙ্গ খেলে
জলের অতলে আরও এক দেহ আছে
যেখানে ঝিনুক আর পাথরের পাড়ায় মাছেদের বাড়ি –
সেন্ট লরেন্স, যে দেহ ভরে আছে জীবনের অমৃত বহর।

আমি ঢেউয়ের মদোন্মত্ত জলে সংসার করি,
বহু দূর বহু হ্রদ পার হয়ে সে এসেছে
জমাট শীতকালেও শরীরে তার আদিবাসী মোহাকদের নাচন;
এ নদীর উৎসব থামে না
দুই পারে ঋতুর রঙে চাষ হয় ফুলের স্বপ্নকাল,
বয়ে চলার ঠুমরীতে তার
বাতাস আর চাঁদের যোগান আছে –

সেন্ট লরেন্স নদী, পৃথিবীর এক রূপসী জলকুমারী
সে বহু ঘাটের বহুগামী শ্বাসের প্রেমপূর্ণ স্রোতধারা!

মিসিসিপি ঢল

বদরুজ্জামান আলমগীর

কপালের ভাঁজ-মত লোকদের জানা ছিল না
আর্মির ক্যাপ্টেন আর ঈশ্বর চক্ষুষ্মান ও কানা
আদিবাসী চোকটাও, চিকাস, ছিন্নভিন্ন চিবোকি
বুটের ত্রাসে ছোটে যেদিকে চোখ যায় সেদিকই,
বিস্রস্ত ছড়িয়ে পড়ে ওকলাহোমা থেকে কিনারা
আবিশ্ব ঘরে বিদ্যুতে গৃহহীন সিলাস ও মিনারা।
মিসিসিপির কল্লোলে প্রাণের শস্য ও দানায়
বেজান পার হয়ে যায় কোটি গৃহহীন অজানায়
নিত্য মৃতপ্রাণ সদা প্রভুর মিহি শ্লোকের পয়ার
সুশীতল নপুংসক কথাদের মোলায়েম সোয়ার,
বল্লম কালে আমরাই আদিবাসী উন্মূল সন্ন্যাস
জগৎ জোড়া রোদনে পুষ্প ট্রেইল অব টিয়ার্স।

সূর্যগ্রহণে বিলুপ্ত নয় সরীসৃপ

তাপস গায়েন

এই উদ্যানে, এই বসন্ত সন্ধ্যায়
ভূগর্ভ থেকে মায়াসিন যুগের ইঁদুরেরা উঠে আসে,
আর সুখী মানুষেরা মেষপালের মতো গৃহে ফেরে
সুউচ্চ বেদীতে ঈশ্বরের অধিষ্ঠান আছে জেনে
আমি আকাশের অবতলে চেয়ে থাকি; মনে হয়—
স্কাইস্ক্রাপারগুলো যেন নিরাসক্ত ঈশ্বর
ঠাণ্ডা বাতাস আমাকে অনুপ্রাণিত করে
ঘুম, স্বপ্ন, আর জাগরণের মাঝে আমি ঘুমিয়ে পড়ি
বন্ধুহীন এই মহানগরীতে
আবার এসেছে ফিরে অপূর্ণ সূর্যগ্রহণ,
কিন্তু আমাকে তাড়িয়ে ফিরছে
অতিকায় সরীসৃপ—
তোমার অপসৃতি, বোধকরি
এখনো বিলুপ্ত নয়...

বন্ধু বাবুল মাঝি ও আমি

শিউল মনজুর

বসন্ত ছুঁই ছুঁই করছে এই আঙ্গিনায়
অথচ, এখানে আমি একা!
তোমাকে খুঁজতে গিয়ে পথ হারিয়েছি অনেক আগেই
জংশনের ট্রেন আমাকে নিয়ে যায়নি,
বন্দরের জাহাজ সেও দূরের শহরে নোঙ্গর করেছে,
ঠাঁই নিয়েছে ভিন দেশে, ফিরেনি বহুদিন!

বসন্ত উপলক্ষে দূরের যাত্রীরা টিকেট কাটছে—
প্যারিসের, লন্ডনের কিংবা দুবাই থেকে সিঙ্গাপুরের।
কারো হাতে লাল গোলাপের ঘ্রাণ,
কারো হাতে গুচ্ছ গুচ্ছ রজনীগন্ধা,
অথচ, আমার কোনো টিকেট নেই—
আমার কোনো ব্যস্ততা নেই, নেই কোনো বসন্ত!

বসন্ত চলে যাবে পাশের বাড়ির আঙিনা ছুঁয়ে ছুঁয়ে!
তখনো বন্ধু বাবুল মাঝি (লেখক পারভেজ বাবুল),
কালিগাঙে নৌকার গলুইয়ে বসে-
একা একা করবে পাঠ মেঘে মেঘে বর্ষার কবিতা ...

মৃতদেরও মৃত্যু হয়

শান্তা শ্রাবণী

হন্তারক নাকি তোমার পতন
দেখে খুব ক্লান্তি আসে
ঘনীভূত ক্ষরণ ; এই মনস্তাপে
ভুল কিংবা পাপ, নিয়েছি মেনে
সম্পর্ক জিজ্ঞাসায়
কয়লাশ্রমিকের উদাসীনতা পেয়ে বসে
অতিথি শুশ্রূষা এসে
স্তিমিত আলোর পাশে বসে,
রাখে হাত আত্মগোপণে আর
রাত বাড়ে নিমফুল রাস্তার ধারে..

আড়েঠারে কথা ভাঙে
এমন মৃন্ময় কারুকাজ
তোমার আঙুলে তোমার গ্রীবায়
বার বার ভুল হয়ে যায়..
যতবার স্বেচ্ছায় দন্ডের কাঠে পেতেছি মাথা
স্থূল কৌশলগুলো মধুর হেসেছে
বলেছে, এখানে মৃতদেরও মৃত্যু হয়;

মানুষ, সে সবচেয়ে সুন্দর —
এমনকি বিশ্বাসঘাতকতার পরও,
এমনকি ছেড়ে যাবার পরও,
এমনকি লাশকাটা ঘরে, শ্মশানের ছাইয়ের ভিতর!

দূরশহরের কবিতা

মুজিব ইরম

ফুটেছে ম্যাগনোলিয়া বাগানে বাগানে
পরের শহরে...
ড্যাফোডিল এসেই যেন বলে গেলো যাই...

কাঠগোলাপের দিনে
চেরিফুল ফুটিবার দিনে
আমারে পাঠিও ডাক শিমুলে পলাশে...

তোমার শহরে আমি ফিরে যাবো একদিন
জারুল ফোটার দিনে
গেন্ডা ফুল ফুটিবার দিনে...

তুমিও থাকিও ভালা এই আমি বিনে
আমারে পাইবা তুমি পুষ্প ফোটা দিনে...

M & N HOME CARE

Best pay rate in the industry

CDPAP
PCA
HHA

$ 23.99

SNAP BENIFITS

HOUSING Assistance

CASH Assistance

Upto $ 21.282.68

Phone : 866-688-6922
Cell : 646-280-5001

SARAH CARE USA

CDPAP & HOME CARE SERVICES

- *CDPAP/ PCA/ HHA*
- *No Certificate Required*
- *Highest pay With Benefit*

We speak Bangali, Hindi, Urdu, Punjabi, Spanish & Creole

Dr,Gee Cee pat
Vice President

Dr,Shajadi Parvin
CEO/President

WITH Best income Up to $85.000 Annually

LAN/RN
OT/PT/DIETICIAN
Medical Supply

WORK AT HOME

NEED JOB?
CALL US: 917-745-0949

আমরা ট্রান্সফার কেইসের ক্ষেত্রে
সর্বোচ্চ রেট দিয়ে থাকি

FREE SERVICE: to Apply & Renew DOH/Medicaid/Medicare/SNAP

Corporate Office:	jamaica Office:	Brooklyn Office:	Bronx Office:	Buffalo Office:
37-18-73rd Street, Suit 301, Jackson Height, NY 11372	170-05 Hillside Ave, NY 11432 185-08, Hillside Ave, NY 11432	2033 Bath Ave, Brooklyn NY 11214	2148 Starling Ave, Bronx, NY 10482	3685 Harlem RD Cheektowaga, NY 14215

We have offices in Queens, Brooklyn, Bronx, Manhattan, Staten Island, Syracuse, Westchester, Nassau & Suffolk Country

cdpap@sarahcareusa.com| Fax: 201-489-8035
Phone: 347-919-5256, 347-919-5254 | www.sarahcareusa.com

INJURED?
WE CAN HELP!!

FREE
Accident
Consulation

Have you or a loved one been injured by a carelessly driven vehicle or 18-wheeler or by another's irresponsible conduct?

Let us protect your rights and recover the full amount due from the insurance companies and responsible parties.

WE ALSO HANDLE

- CAR ACCIDENTS | গাড়ি দুর্ঘটনা
- TRUCK ACCIDENTS | ট্রাক দুর্ঘটনা
- TRIP AND FALL | ট্রিপ এবং পতন
- UBER/LYFT ACCIDENT | UBER/LYFT দুর্ঘটনা
- DEPORTATIONS | নির্বাসন
- ADJUSTMENT OF STATUS | স্থিতির সামঞ্জস্য
- ASYLUM APPLICATIONS | আশ্রয়ের আবেদনপত্র
- VAWA PETITIONS | তাদের পিটিশন আছে
- FIANCE VISA PETITIONS | বাগদত্তা ভিসা পিটিশন
- FAMILY PETITIONS | পারিবারিক পিটিশন
- EB1/E82 PETITIONS | EB1/E82 পিটিশন
- UNCONTESTED DIVORCE | অপ্রতিদ্বন্দ্বী বিবাহবিচ্ছেদ

ATTORNEY AT LAW

MELANIE ABRAMS, ESQ.

RECOVERED MILLIONS FOR OUR CLIENTS.

GET HELP TODAY!
718-997-9797

104-70 QUEENS BOULEVARD, SUITE 502
FOREST HILLS, NY 11375

abramslawgroupny.com
https://g.co/kgs/iC36XA
abramslawgrouppc
abramslawgrouppc

প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন

প্রথম আলো

Prothom Alo North America
18 April 2024, Thursday, Issue 370

১৮ এপ্রিল ২০২৪, ৫ বৈশাখ ১৪৩১, ৯ শাওয়াল ১৪৪৫, বৃহস্পতিবার

বাংলাদেশি নেতৃবৃন্দ-আমেরিকান রাজনীতিবিদদের ঈদ আড্ডা

ফিলাডেলফিয়া

ডেস্ক রিপোর্ট

পেনসিলভেনিয়া রাজ্যর ফিলাডেলফিয়ার সমাজ সংগঠক মোহাম্মদ এনাম চৌধুরীর বাড়িতে ঈদের তৃতীয় দিন ১৪ এপ্রিল শনিবার প্রতি বছরের মত এবছরও ঈদ আড্ডা অনুষ্ঠিত হয়। এ ঈদ আড্ডায় উপস্থিত ছিলেন আমেরিকার মূলধারার রাজনীতির সাথে যুক্ত বাংলাদেশি এবং আমেরিকান রাজনীতিবিদসহ বৃহত্তর ফিলাডেলফিয়ায় বসবাসরত বিশিষ্ট ব্যক্তিবর্গ। উপস্হিত সকলেই তাদের নিজ নিজ পরিচয়, ঈদের ভাব/অনুভূতি প্রকাশসহ ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

আড্ডায় নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে উপস্হিত ছিলেন ফিলাডেলফিয়ার কাউন্সিল এট লার্জ ডঃ নিনা আহমেদ, পিএগভর্নরের নীতি ও পরিকল্পনা পরিচালক আকবর হোসেন, ফিলাডেলফিয়া শহরের শেরিফ রোচেল বিলাল, স্টেট সিনেটর শরীফ স্টিট , ফিলাডেলফিয়া সিটি কমিশনার চেয়ারম্যান ওমর সাবির, স্টেট রিপ্রেজেনটেটিভ জ্যারেড সলোমন,স্টেট রিপ্রেজেনটেটিভ রিক ক্রাজেউস্কি, প্রাক্তন স্টেইট রিপ্রেজেনটেটিভ মুভিটা জনসন হ্যারেল, আপার ডার্বি টাউনশিপের প্রাক্তন কাউন্সিলম্যান শেখ সিদ্দিক, মেলবোর্ন বরোর কাউন্সিলম্যান মনসুর আলী মিঠু, কংগ্রেস ম্যান ডুইয়্যাট ইবানের রাজনৈতিক পরিচালক মাইকেল ডিনিন, এপিপিএ এর নির্বাহী পরিচালক মোহন শেশাদ্রি, পিএ গভর্নর উপদেষ্টা কমিশনের সাবেক নির্বাহী পরিচালক, স্ট্যাফানি সান, ফিলাডেলফিয়ার মানবসম্পদ কমিশনের উপ-পরিচালক, রেন্ডি ডুক, আপারডাবী টাউনশিপ স্কুল বোর্ড ডাইরেকটর মোহাম্মদ আরিফ হোসেন মিথুন, কমিটি পারসন মোহাম্মদ হারেস , কমিটি পারসন আবুল হাসান রাশেদ।

এছাড়া কমিউনিটির বিভিন্ন সংগঠনের বিশিষ্ট নেতাদের মধ্যে ডঃ ইবরুল চৌধুরী , জিয়াউর রহমান, রুহুল আমিন ভূইয়া, জাহেদ চৌধুরী, ইসমাইল ভূইয়া, মইন উদ্দিন, সোলাইমান ইবনে মুজিব, নাজমুল হাসান বাবু,মোহাম্মদ ওমর ফারুক, কামরুল হাসান, আশরাফুল ইসলাম আরিফ সহ এই আড্ডায় বাংলাদেশী কমিউনিটির উল্লেখযোগ্য নেতৃবৃন্দ অংশগ্রহন করেন।

বৃহত্তর ফিলাডেলফিয়ার আইন শৃংঙ্খলা পরিস্থিতির অবনতি বিষয়সহ, ট্যাক্সি ইন্ডাসট্রির বিভিন্ন সমস্যা এবং এলাকার বিভিন্ন বিষয়াদির উপর বিষদ আলোচনা করা সহ কীভাবে সমস্যাগুলোর সমাধানের উপায় সম্বন্ধে অনেকেই তাদের ব্যক্তিগত মতামত ব্যক্ত করেন। ইহাছাড়াও উক্ত আড্ডায় আমাদের যুবসমাজের ভবিষ্যৎ সম্ভাবনাময় নেতাদের উপস্থিতি ছিল বেশ প্রশংসনীয় ।

আড্ডা শেষে সবাই কমিটি পার্সন সাদিয়া চৌধুরীকে রকমারী ও সুস্বাদু খাবার পরিবেশনের জন্য অসংখ্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা পরিষদ নির্বাচন

বিএনপির বিলম্বিত সিদ্ধান্তে তৃণমূলে ক্ষোভ

ঢাকা অফিস

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বর্জনের পর এবার উপজেলা নির্বাচনেও না যাওয়ার সিদ্ধান্ত নিল বিএনপি। গত সোমবার রাতে দলের স্থায়ী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত চূড়ান্ত করেছেন দলটির নীতিনির্ধারকেরা।

গতকাল মঙ্গলবার গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্তের কথা জানান বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, 'সভায় নির্বাচন কমিশন ঘোষিত উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচনের বিষয়ে আলোচনা হয়।

সভা মনে করে, ইতিপূর্বে জাতীয় সংসদ নির্বাচন ও স্থানীয় সরকার নির্বাচন বিষয়ে দলের যে সিদ্ধান্ত, সেটা পরিবর্তনের কোনো পরিস্থিতি সৃষ্টি হয়নি। এই অবৈধ সরকারের অধীনে কোনো

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

কমিউনিটি অপ-এডে মেয়র

উইলেটস পয়েন্টসে ২,৫০০টি সাশ্রয়ী মূল্যের বাড়ির প্রস্তুতি

এইচ বি রিতা

এরিক অ্যাডামস

কুইন্সের উইলেটস পয়েন্টস এ 'ভ্যালি অফ অ্যাশেস' নামে পরিচিত জাঙ্কইয়ার্ডটি ২,৫০০ নতুন সাশ্রয়ী মূল্যের বাড়ি নিয়ে একটি আলোড়নপূর্ণ পাড়ায় রূপান্তরিত হচ্ছে। এটি গত ৪০ বছরে শহরের বৃহত্তম সাশ্রয়ী আবাসন প্রকল্প। এখানে একটি নতুন স্কুল, ১,৫০,০০০

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

ঈদ আনন্দ ও নববর্ষে ভর্তা উৎসব-১৪৩১

মেডিটেশন দিয়ে শুরু হয় অনুষ্ঠান।

নিজেকে ভালো ভাবুন, দেশকে বড় ভাবুন

উত্তর আমেরিকা ডেস্ক

প্রতি বছরের মত এ বছরও কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি, ইউএসএ, বাংলা নতুন বছরকে স্বাগত জানিয়ে আয়োজন করে একটি ব্যাতিক্রমধর্মী অনুষ্ঠান "বর্ষবরণ ও ভর্তা উৎসব ১৪৩১"। ঈদের আনন্দের মাঝেই এসেছে আরেক আনন্দ নববর্ষ। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "নিজেকে ভালো ভাবুন, দেশকে বড় ভাবুন"। সঞ্চালনায় ছিলেন কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি, ইউএসএ এর প্রেসিডেন্ট; ব্যাক ইন মোশন লিমিটেড: আমেরিকান হেলথ এন্ড ওয়েলনেস সেন্টার, ঢাকা এর ম্যানেজিং ডিরেক্টর এবং চিফ মেডিকেল কনসালট্যান্ট ডাঃ মোঃ আবদুল্লাহ ইউসুফ।

অনুষ্ঠানটি শুরু হয় একটি অসাধারণ মেডিটেশন "ভালো দেশভাবনা" দিয়ে। এর পর ভালো দেশ ভাবনা বিষয় সামনে রেখে মূল আলোচনা করেন কোয়ান্টাম ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও কোয়ান্টাম মেথড এর উদ্ভাবক শহীদ আল বোখারী। আলোচনায় তিনি বলেন, আসলে ঈদ এবং নববর্ষ দুই আনন্দ একসাথে যুগলবন্দি হয়ে আসায় আমরা পরম করুণাময়ের কাছে গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। আসলে সামাজিক ও অতিথিপরায়ণ জাতি হওয়ায় উৎসব-পার্বনে ছেলে বুড়ো নির্বিশেষে অনাবিল আনন্দে মিশে যাওয়া আমাদের হাজার বছরের ঐতিহ্য। আমাদের হৃদয়ভরা এত টান স্বজনের প্রতি বন্ধুর প্রতি আত্মীয়ের প্রতি। আর এই হৃদয়ভরা টানের কারণে বাঙালি পৃথিবীর সবচেয়ে অসাম্প্রদায়িক জাতি।

কোয়ান্টাম ধর্মবর্ণ নির্বিশেষে আমাদের চিরায়ত এই অসাম্প্রদায়িক চেতনাকেই লালন করে এসছে। বান্দরবান লামার কোয়ান্টামমে কোয়ান্টাম কসমো স্কুল ও কলেজে সকল ধর্মের সকল বর্ণের ২২ জাতিগোষ্ঠীর ২৮শ শিক্ষার্থী একসাথে পড়ালেখা করছে। একসাথে খাওয়াদাওয়া করছে। খেলাধুলা করছে। আবার যে যার ধর্ম পালন করছে। আত্মপ্রত্যয়ী দেশপ্রেমিক অসাম্প্রদায়িক মানুষ হিসেবে গড়ে উঠছে। ১৬ লক্ষ ব্যাগ রক্ত, রক্ত উপাদান সরবরাহ থেকে শুরু করে মাতৃমঙ্গল চিকিৎসাসেবাসহ প্রতিটি সেবাই কোয়ান্টামে দেয়া হচ্ছে ধর্মবর্ণ নির্বিশেষে। শুধু ধ্যান ও আত্মউন্নয়নমূলক কার্যক্রমই নয় রমজানের আখেরি দোয়ায়ও অংশ নেন ধর্মবর্ণ নির্বিশেষে সকল স্তরের মানুষ।

২০১৩ সালে আমরা ভাবলাম যে না ইলিশের প্রাচুর্য আনতে হবে এবং প্রাচুর্য আনতে হলে বৈশাখে ইলিশ বর্জন করতে হবে। কোয়ান্টাম ফাউন্ডেশনের আহ্বানে হাজার হাজার সদস্য বৈশাখে ইলিশ বর্জন করল। পান্তার সাথে আস্ত তেলাপিয়া

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল**: **নিউজ**: news@prothomalony.com, **বিজ্ঞাপন**: cm@prothomalony.com